# ৪৬তম

# বার্ষিক প্রতিবেদন

## জুন ২০২৪ – মে ২০২৫


SWID Bangladesh

**সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএ্যাবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ)**

সেবাব্রতি পুণ্যতীর্থ, রেজিস্ট্রেশন ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়: ঢ-০৬৯১/৭৮ ও এনজিও বিষয়ক ব্যুরো: ১২৫/১৯৮২

৪/এ ও ৪ ইস্কাটন গার্ডেন, ঢাকা ১০০০, বাংলাদেশ

ফোন : ০১৩০৮৬২৫৮৭৫, +৮৮-০২-২২৬৬৬৩৯৩৪, ৪৮৩১৯৪৩৮, ৪৯৩৫০০২৬, ২২২২২২৫৯২

ইমেইল : swidbd@gmail.com ওয়েবসাইট: www.swid.org.bd

ফেসবুক : Swid Bangladesh ইউটিউব : SWID Bangladesh এক্স: Swid Bd ইন্সট্রাগ্রাম:swidbd


জাতীয় কাউন্সিলের
৪৫ তম বার্ষিক সাধারণ সভা-২০২৪




৫ তম বার্ষিক সাধারণ সভা-২০২৪

# ৪৬তম
# বার্ষিক প্রতিবেদন
## জুন ২০২৪ – মে ২০২৫

SWID Bangladesh

**সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএ্যাবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ)**
**সেবাব্রতি পুণ্যতীর্থ**, রেজিস্ট্রেশন ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়: ঢ-০৬৯১/৭৮ ও এনজিও বিষয়ক ব্যুরো: ১২৫/১৯৮২
৪/এ ও ৪ ইস্কাটন গার্ডেন, ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন : ০১৩০৮৬২৫৮৭৫, +৮৮-০২-২২৬৬৬৩৯৩৪, ৪৮৩১৯৪৩৮, ৪৯৩৫০০২৬, ২২২২২২৫৯২
ইমেইল : swidbd@gmail.com ওয়েবসাইট: www.swid.org.bd
ফেসবুক : Swid Bangladesh ইউটিউব : SWID Bangladesh এক্স: Swid Bd ইন্সট্রাগ্রাম:swidbd

## প্রচ্ছদ পরিচিতি

**প্রচ্ছদ ধারণা**
মোঃ মাহবুবুল মুনির, মহাসচিব

**প্রচ্ছদ অঙ্কন**
আহাম্মদ আলী বাপ্পি

**১ নং প্রচ্ছদ ঃ- কভার**
জাতিসংঘ কর্তৃক নির্ধারিত ও ঘোষিত স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচিতি প্রতীকী রং কে ভিত্তি করে ডিজাইন করা হয়েছে। অটিজমের প্রতীক- নীল, ডাউন সিন্ড্রোমের প্রতীক- হলুদ, সেরিব্রাল পালসি এর প্রতীক- কমলা এবং বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতীকী রং সবুজ। নীল, হলুদ, সবুজ ও কমলা এই চার রং এর সম্ভারে রম্বস আকৃতির চতুর্ভূজের মধ্যে স্নায়ুবিকাশ ব্যক্তিদের বৈচিত্র্যময়তাকে ফুটিয়ে তোলা হয়েছে।

**২ নং প্রচ্ছদ ঃ- ইনার কভার**
উপরে: ২০২৪ সালের ২৪ মে তারিখে অনুষ্ঠিত জাতীয় কার্যনির্বাহী কাউন্সিলের ৪৫ তম বার্ষিক সাধারণ সভায় সমাজসেবা অধিদফতরের পরিচালক মহোদয়ের বক্তব্য প্রধান।

মাঝে: ২০২৪ সালের ২৪ মে তারিখে অনুষ্ঠিত জাতীয় কার্যনির্বাহী কাউন্সিলের ৪৫ তম বার্ষিক সাধারণ সভায় আগত সম্মানিত কাউন্সিলরবৃন্দের নিবন্ধন কার্যক্রম।

নীচে: বার্ষিক সাধারণ সভার কাউন্সিল অধিবেশনে বার্ষিক প্রতিবেদনের উপর বক্তব্য রাখছেন সুইড বাংলাদেশের উপদেষ্টা পরিষদের সদস্য এবং ফেনী শাখার প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক সমির চন্দ্র কর।

**৩য় প্রচ্ছদ ঃ- ইনার ব্যাক**
জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা উপলক্ষে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে সহায়তাকারী প্রতিষ্ঠান মৈত্রী স্কুল এবং তার সহযোগি সংগঠন সম্ভব বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের প্রামাণ্য চিত্র।

**৪র্থ প্রচ্ছদ ঃ- ব্যাক কভার**
উপরে: ২০২৪ সালে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার উদ্বোধনী মঞ্চ।

নীচে: ২০২৪ সালে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় জাতীয় সঙ্গিত পরিবেশন।

# ৪৬ তম বার্ষিক প্রতিবেদন
# জুন-২০২৪ – মে-২০২৫


**প্রচার ও প্রকাশনা উপ কমিটির তদারকীতে**
**মুদ্রিত ও প্রকাশিত**

সভাপতি : ড. সেলিনা আখতার
সদস্য সচিব : বকুল চন্দ্র মহন্ত
সদস্য : ফকির আবু হাছান মোহাম্মদ ইউসুফ সোহেল
মির্জা মোহাম্মদ মনছুরুল হক
অধ্যাপক মোঃ আখতার হোসেন
শাহপরি বেগম
খন্দকার আনিসুর রহমান

**সহযোগী–** মোঃ মোখলেছুর রহমান
মাহমুদুল হাসান
মোঃ রফিকুল আলম খন্দকার
ইকবাল হোসেন

**সার্বিক নির্দেশনা ও সম্পাদনা**
মোঃ মাহবুবুল মুনির, মহাসচিব
যোবায়েদুর রহমান মিলন, অর্থ সচিব

**প্রকাশকাল**
২৪ মে, ২০২৫ (শনিবার)

**মুদ্রণে**
মোঃ খালেকুজ্জামান, এ এম প্রিন্টার্স
২০৭, আবুল হোসেন টাওয়ার ফকিরাপুল
(১ নম্বর গলি), ঢাকা
মোবাইলঃ ০১৭১২-৭৩৩৫৭৫

# ৪৬ তম বার্ষিক প্রতিবেদন

## (জুলাই ২০২৪ – মে ২০২৫)

### সূচিপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| • | বিশিষ্ট জনদের ইন্তেকাল এবং তাদের প্রতি শ্রদ্ধাঞ্জলি | ৬ |
| • | অভিনন্দন- উল্লেখযোগ্য অর্জনের কৃতিত্ব প্রাপ্ত সংগঠন ও ব্যক্তিবর্গ | ৮ |
| • | শোক প্রস্তাব ও দোয়া | ১১-১২ |
| • | সভাপতির শুভেচ্ছা বক্তব্য | ১৩-১৪ |
| • | মহাসচিবের শুভেচ্ছা বক্তব্য ও বার্ষিক প্রতিবেদন উপস্থাপন | ১৫-১৭ |
| ০১ | সুইড বাংলাদেশ এর অগ্রযাত্রা | ১৮-২০ |
| | Advancement Journey of SWID Bangladesh | ২১-২৩ |
| ০২. | প্রাতিষ্ঠানিক সদস্য ও প্রতিষ্ঠাতাদের সংক্ষিপ্ত পরিচিতি | ২৪-২৫ |
| | **সাংগঠনিক কার্যক্রম** | |
| ০৩ | জাতীয় কাউন্সিলের ৪৬ তম বার্ষিক সাধারণ সভার নোটিশ | ২৭ |
| ০৪ | ৪.১ জাতীয় কাউন্সিলের ৪৫ তম বার্ষিক সাধারণ সভার (এজিএম) কার্যবিবরণী | ২৮-৩৭ |
| | ৪.২ জাতীয় কাউন্সিলের বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী | ৩৮-৪১ |
| ০৫ | ৫.১ সাংগঠনিক সফর সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন | ৪২ |
| | ৫.২ জাতীয় নির্বাহী কমিটির সভা ও উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ | ৪২ |
| | ৫.৩ অন্যান্য সভাসমূহ ও কমিটি/সাব কমিটির সভা | ৪৮ |
| | ৫.৪ শাখাসমূহের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং সাংগঠনিক কার্যক্রম উন্নয়ন বিষয়ক কর্মকৌশল পরিকল্পনা (Strategic Plan) | ৪৯ |
| ০৬ | সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম | |
| | ৬.১ জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং অন্যান্য অনুষ্ঠানসমূহ | ৫৩-৬৪ |
| | ৬.২ বিষয় ভিত্তিক আন্তর্জাতিক সেমিনার, কর্মশালা, সম্মেলন | ৬৪-৭২ |
| | ৬.৩ সরকারের সাথে সভা, সেমিনার ও কর্মসূচীতে অংশগ্রহণ | ৭২-৭৫ |
| | ৬.৪ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মসূচীতে অংশগ্রহণ | ৭৫-৮১ |
| | **সহযোগী প্রতিষ্ঠানের কার্যক্রম** | |
| ০৭ | নীডা কার্যক্রম | ৮২ |
| ০৮ | সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ কার্যক্রম | ৮৩-৮৪ |
| ০৯ | সুইড ল্যাবরেটরী মডেল স্কুল কার্যক্রম | ৮৫-৮৬ |
| ১০ | টুইড বাংলাদেশ কার্যক্রম | ৮৭ |
| ১১ | ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম | ৮৮ |
| | **প্রতিষ্ঠানের সম্প্রসারিত কার্যক্রম** | |
| ১২ | সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল কার্যক্রম | ৮৯-৯১ |
| ১৩ | ডক্টর লুতফর রাহমান থেরাপী সেন্টারের সেবা কার্যক্রম | ৯২-৯৬ |
| ১৪ | সুইড বকুলমামুন মাল্টিপারপাস এরিনার সেবা কার্যক্রম | ৯৭ |
| ১৫ | আহমেদ আবদুর রহমান কনফারেন্স রুম | ৯৭ |

| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৬ | সুইড হাজী ছৈয়েদ আহম্মদ জরিনা খাতুন গ্রন্থাগার | ৯৭-১০০ |
| ১৭ | শাহানা মুনির রুফটপ গার্ডেন | ১০১ |
| ১৮ | সুইড ক্যাফে এন্ড হসপিটালিটি ট্রেনিং সেন্টার | ১০১ |
| ১৯ | সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশীদ আরা জামে মসজিদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা কার্যক্রম | ১০১-১০২ |
| ২০ | সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপ এবং স্কাউট ডেন | ১০২-১০৩ |
| ২১ | দিলারা মোস্তফা ওয়েটিং লাউঞ্জ | ১০৩ |
| ২২ | সুইড কেয়ারার্স এসোসিয়েশন | ১০৩ |
| | **আর্থিক ব্যবস্থাপনা এবং কর্ম পরিকল্পনা** | |
| ২৩ | অর্থ সচিবের আর্থিক প্রতিবেদন-২০২৪ | ১০৪ |
| ২৪ | অডিট রিপোর্ট-২০২৪ | ১০৫-১২২ |
| ২৫ | প্রস্তাবিত বাজেট-২০২৫ | ১২৩ |
| ২৬ | বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২৫ | ১২৪-১২৮ |
| | **গঠনতান্ত্রিক কমিটিগুলোর তালিকা** | |
| ২৭ | জাতীয় কার্যনির্বাহী কমিটি - ২০২৩-২০২৫ | ১২৯-১৩২ |
| ২৮ | উপদেষ্টা কমিটি, সাব কমিটি ও অন্যান্য কমিটি | ১৩৩-১৩৫ |
| | **প্রধান কার্যালয় এবং শাখাসমূহের উল্লেখযোগ্য কার্যক্রমের উপর তথ্যচিত্র** | |
| ২৯ | কার্যক্রমের তথ্যচিত্র | ১৩৬-১৭৫ |
| ৩০ | গণমাধ্যমে প্রকাশিত উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদন | ১৭৬ |
| ৩১ | কর্মরত প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য এবং<br>এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ অবদান ও সাফল্যের উপর অংকিত তথ্যচিত্র | ১৮০-১৮৩<br>১৮৪-১৮৫ |
| ৩২ | ২৭ তম অ্যাফিড সম্মেলন কর্মসূচী -২০২৫ সম্পর্কিত ‘সুইড বাংলাদেশ এর সাথে সংশ্লিষ্টদের জন্য সহায়ক - দিক নির্দেশনা’ | ১৮৬-১৮৭ |
| ৩৩ | সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থ ৪ ইস্কাটন গার্ডেনস্থ জমিতে উন্নয়ন কার্যক্রমের প্রস্তাবনা | ১৮৮-১৮৯ |
| ৩৪ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপের হালনাগাদ তথ্য ছক | ১৯০ |
| ৩৫ | সুইড বাংলাদেশের থিমসং | ১৯১ |
| ৩৬ | সংযোজনী তথ্য (আপনি জানুন এবং অন্যকে জানতে সহযোগিতা করুন) | ১৯২ |

# প্রচার ও প্রকাশনা কমিটির নিবেদন

সুপ্রিয় সমাবেশ,

আমাদের সশ্রদ্ধ সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন। ২০২৩-২০২৫ মেয়াদে নির্বাচিত জাতীয় নির্বাহী কমিটির সভায় আমাদেরকে অন্তর্ভুক্ত করে প্রচার ও প্রকাশনা কমিটি গঠিত হয়েছিল।

সুইড বাংলাদেশ প্রতিবন্ধী মানুষের উন্নয়ন ও বিকাশের আতুর ঘর বললেও ভুল হবেনা। কারণ বাংলাদেশ সৃষ্টির কিছুদিন পরেই প্রতিবন্ধী মানুষের জীবন মান উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে সুইড বাংলাদেশ। সেবার ব্রত নিয়ে সুইড বাংলাদেশ তার আপন মহিমায় মহিমান্বিত হয়ে আসছে প্রতিনিয়ত। যে সময় প্রতিবন্ধিতা শব্দটির সাথেই মানুষ পরিচিত ছিল না সেই সময় কিছু সংখ্যক শুভাকাঙ্ক্ষীর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয় সুইড বাংলাদেশ। সেই থেকে আজ পর্যন্ত বুদ্ধি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসি, অটিজম ও ডাউন সিন্ড্রোম বা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের জন্য সকল প্রতিকূলতা পেরিয়ে এক অনন্য পরার্থবাদী সেবাব্রতি পুণ্যতীর্থ প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। এই প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে আমরা গৌরবান্বিত ও সম্মানিত বোধ করছি, আমাদেরকে এখানে কাজ করার সুযোগ প্রদান করায় জাতীয় নির্বাহী কমিটি এবং সংশ্লিষ্ট সকলের প্রতি অসীম কৃতজ্ঞতা পূর্ণ ধন্যবাদ জানাচ্ছি, সোশ্যাল মিডিয়ার সবগুলির মাধ্যমে সুইড বাংলাদেশের প্রচারণা চালাতে আমরা সব সময় সচেষ্ট থেকেছি, গণমাধ্যমের বিভিন্ন শাখায়, পত্র পত্রিকা ও টেলিভিশনের সাথেও যোগাযোগ অব্যাহত রেখেছি।

প্রতি বছরের মতো ৪৬ তম বার্ষিক প্রতিবেদন ছাপানো প্রচার ও প্রকাশনার কাজকে তদারকী ও তত্ত্বাবধানে ক্রটিমুক্ত রাখতে যথাসাধ্য চেষ্টা করেছি, হয়তো কিছু মুদ্রণ প্রমাদ জনিত ভ্রান্তি থাকলেও থাকতে পারে। সেজন্য আমাদের দায়কে বন্ধু হিসেবে মার্জনা করলে বাধিত হবো।

আমাদের এ প্রচেষ্টায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, অর্থ সচিব যোবায়েদুর রহমান মিলন, পরিচালক মোখলেছুর রহমান, উপ-পরিচালক মাহমুদুল হাসান, নির্বাহী কর্মকর্তা মোঃ রফিকুল আলম খন্দকার, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা মোঃ ইকবাল হোসেন, সর্বতভাবে সহযোগিতা করেছেন। তাদের অবদানকে আমরা সপ্রসংশ ধন্যবাদ জানাই।

| | |
|---|---|
| ড. সেলিনা আখতার | সভাপতি |
| জনাব বকুল চন্দ্র মহন্ত | সদস্য সচিব |
| ফকির আবু হাসান মোহাম্মদ ইউসুফ সোহেল | সদস্য |
| মির্জা মোঃ মনছুরুল হক | সদস্য |
| অধ্যাপক মোঃ আখতার হোসেন | সদস্য |
| জনাব শাহপরি বেগম | সদস্য |
| খন্দকার আনিসুর রহমান | সদস্য |



# শ্রদ্ধাঞ্জলি

কৃতিত্বপূর্ণ কীর্তিময় স্মৃতি যাদের অবিনাশী, অমলিন,
পরলোকে অচিন দেশে অনন্তলোকে তারা
আসবেনা ফিরে কভু কোন দিন
হৃদয় মাঝে যতন করে রাখবো চিরঞ্জীব
মানব কল্যাণে ব্রতি ছিলেন পুণ্যের তরে
সেবা করতে তীর্থ জ্ঞানে সুইড অঙ্গনে।
আশরাফ উদ দাওলা– তোমাকে ভুলিনি মোরা ভুলব না কোন দিন।

# আশরাফ উদ দাওলা



'এসসিইএমআরবি' বর্তমান সুইড বাংলাদেশ এর সাবেক সভাপতি আশরাফ-উদ-দাওলা গত ১০ এপ্রিল, ২০২৫ বৃহস্পতিবার ৯২ বছর বয়সে যুক্তরাষ্ট্রে হেমলেক মিনিসোটায় ছেলেমেয়েদের বাসায় মৃত্যুবরণ করেন। পরদিন শুক্রবার বাদ জুম্মা সুইড জামে মসজিদে অনুষ্ঠিত দোয়া মাহফিলে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়। আশরাফ উদ দাওলা স্ত্রী (সুফিয়া দাওলা), ৩ পুত্র (আসিফ উদ দাওলা, আনসার উদ দাওলা ও আরিফ উদ দাওলা এবং ৩ কন্যা (আফরিনা তানি, সাবরিনা তিনা ও মিতা) ৬ সন্তানের পিতা এবং ১৩ জন ভাই বোনের মধ্যে (ভাই ৬ ও বোন ৭) পিতা জেলা জজ আব্দুল আজিজ ও মাতা জিন্নাত আজিজ এর বড় সন্তান ছিলেন।

১৯৮০ সালে এসসিইমআরবি'র প্রতিষ্ঠাকালীন সভাপতি ড. সুলতানা এস জামানের সাথে পরিচয় ও পরামর্শক্রমে আসিফকে (বুদ্ধি প্রতিবন্ধী) সুইড স্কুলে (সাবেক বিআইএমআর) ভর্তি করেন। ১৯৮৪-১৯৮৬ সালে তিনি কার্যনির্বাহী কমিটির ৩য় সহ-সভাপতি এবং পরবর্তীতে সুইড জাতীয় নির্বাহী কমিটির ১ম সহ-সভাপতি ১৯৮৯-১৯৯৯ পর্যন্ত (পরপর তিন বার), ২০০৫-০৭ মেয়াদে সদস্য এবং ২০০৮ থেকে ২০১০ মেয়াদে সভাপতি নির্বাচিত হয়েছিলেন। তিনি কর্মজীবনে আমেরিকার বহুজাতিক কোম্পানী 'Bristol Myers' এর জিএম ও সিইও এবং পরবর্তীতে 'দাওলা ব্রাদার্স' নামক দেশীয় ব্যবসা প্রতিষ্ঠানের চেয়ারম্যান, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ঢাকা ক্লাবের সদস্য হিসেবে সম্পৃক্ত ছিলেন। তিনি ১৯৯৬ সালে জাতীয় ক্রীড়া পুরষ্কার লাভ করেন।

সুইড'র ৩য় সহ-সভাপতি (১৯৮৯-৯০) থাকাকালে আমেরিকা থেকে স্পেশাল অলিম্পিকস ইন্টারন্যাশনাল এর উর্দ্ধতন কর্মকর্তা Mr. Will Hoen Droff সুইড বাংলাদেশ পরিদর্শনে এলে বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা, সাংস্কৃতিক ও খেলাধুলা কার্যক্রম দেখেন এবং স্পেশাল অলিম্পিক গেমস সম্পর্কে আলোচনা কালে বলেন এই শিশুরা শিক্ষা, নাচ-গান করে বেশিদূর যেতে পারেনা তবে অলিম্পিকস ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে বেশি পারদর্শিতা দেখাতে পারবে। তাতে মানসিক বিকাশ, শারীরিক যোগ্যতা ও ক্রীড়া দক্ষতা আরো বৃদ্ধি পাবে। এই বক্তব্য ও পরামর্শে উদ্বুদ্ধ হয়ে সুইড জাতীয় নির্বাহী কমিটি জনাব আশরাফ উদ দাওলাকে আহবায়ক করে স্পেশাল অলিম্পিকস বিষয়ক সাব কমিটি গঠন করে দেন। জনাব আশরাফ-উদ-দাওলার নেতৃত্বে ১৯৯১ সালে যুক্তরাষ্ট্রের ক্যারোলিনায় অনুষ্ঠিত ৮ম ওয়ার্ল্ড স্পেশাল অলিম্পিকস সামার গেমস এ সুইড বাংলাদেশ এর ৬ জন শিক্ষার্থী প্রথমবার প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ফাহমিদা হেসেন লুনা ১টি স্বর্ণ ও আসিফ ২টি রোপ্য পদক লাভ করে। আসিফ-উদ-দাওলা পিতার পূর্বেই এক পুত্র ও এক কন্যা রেখে ঢাকার বাসায় মৃত্যুবরণ করেছেন।

Mr. Will Hoen Droff এর পরামর্শে ১৯৯৪ সালে স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ (SOB) -র চ্যাপ্টার গঠন করা হয়। জনাব আশরাফ-উদ-দাওলা এই সময় থেকে SOB-র চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। এই 'SOI' এর মূল বক্তব্য 'Let me win, if I can't win, Let me brave in the attempt' 'আমাকে জয়ী হতে দাও, যদি না হই, আমাকে বিজয়ের প্রত্যয়ী হওয়ার সাহস যোগাও' এই আদর্শ নিয়ে ১৯৬৩ সালে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জন এফ কেনেডির পরিবার প্রয়াত বুদ্ধি প্রতিবন্ধী বোন ইউনিক কেনেডি স্রাইভারকে স্মরণীয় রেখে বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের খেলাধুলা/ ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে সার্বিক উন্নতি সাধনের লক্ষ্যে World Special Olympics International গঠন করে। সুইড বাংলাদেশ এর ক্রীড়া প্রতিযোগী শিক্ষার্থীরা ১৯৯১ থেকে ২০২৩ সাল পর্যন্ত (১৯তম অলিম্পিক- জার্মানী) ১০টি অলিম্পিক আসরে অংশগ্রহণ করে মোট ১৮৭টি স্বর্ণ, ১২০টি রোপ্য ও ৭৯টি ব্রোঞ্জ পদক লাভ করেছে।

আমরা সুইড বাংলাদেশ এর পক্ষ থেকে প্রয়াত সভাপতি ও SOB-র চেয়ারম্যান আশরাফ উদ দাওলাকে শ্রদ্ধাভরে স্মরণ করি।

# অভিনন্দন



## সুইড বাংলাদেশ এর সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুঁইয়া AFID এর ৩য় সহ-সভাপতি নির্বাচিত হওয়ায়

# অভিনন্দন

সুইড বাংলাদেশের সভাপতি এবং আহমেদ আব্দুর রহমান ট্রাস্টের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুঁইয়া ম্যাকাও এ অনুষ্ঠিতব্য 26th Annual Conference of the Asian Federation on Intellectual Disabilities (AFID) ২০২৩ (২৭ নভেম্বর - ০১ ডিসেম্বর) এ বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে AFID সদস্যদের ভোটে AFID Executive Committe'র ৩য় সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। তাঁর এই মহান অর্জনে সুইড পরিবার খুবই আনন্দিত। তাঁর প্রতি আমাদের সকলেরই প্রাণঢালা অভিনন্দন ও শ্রদ্ধার্ঘ্য। একজন সফল সমাজহিতৈষী ব্যক্তি হিসেবে বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তি ও শিক্ষার্থীদের জন্য ভিশন বাস্তবায়নে অত্যন্ত গঠনমূলক অবদান রেখে চলেছেন। তিনি বাংলাদেশের অন্যতম বৃহৎ ও সুপ্রতিষ্ঠিত নির্মাণ প্রতিষ্ঠান "আরপি কনস্ট্রাকশন (প্রাঃ) লিমিটেড"-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করে চলেছেন। তিনি বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৯১-৯২ অর্থবছরে ভিআইপি (ট্যাক্স) মর্যাদাপ্রাপ্ত হন এবং জাতীয় রাজস্ব বোর্ড তাকে বোর্ডের সম্মানিত সদস্য হিসেবে মনোনীত করেন। শিক্ষার একনিষ্ঠ পৃষ্ঠপোষক ও সমাজসেবক হিসেবে জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া তাঁর নিজ জন্মস্থান উদয়পুর গ্রামে ২০১৭ সালে গড়ে তোলেন 'ফরিদ আহমেদ ভুঁইয়া একাডেমি (এফএবিএ)' নামে একটি সর্বাধুনিক ও মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান।

শিক্ষা, জনসেবা ও বিভিন্ন ক্ষেত্রে জনাব ফরিদ আহমেদ ভুঁইয়ার অবদানসমূহ একবিংশ শতাব্দীর বিশ্ব-প্রেক্ষাপট, বিজ্ঞান ও প্রযুক্তির অভাবনীয় উৎকর্ষের ধারায় জীবনের প্রতিটি ক্ষেত্র আজ প্রতিযোগিতামুখর। চলমান গতিধারার সাথে সমতালে এগিয়ে যাওয়ার জন্য সবচেয়ে বড় প্রয়োজন উৎপাদনসহ সর্বক্ষেত্রে পারদর্শী ও কর্মমুখী শিক্ষিত জনগোষ্ঠী তৈরীকরণ। এই লক্ষ্যকে সামনে রেখে আধুনিক, যুগোপযোগী এবং বিশ্বমানের শিক্ষা ব্যবস্থার অঙ্গীকার নিয়ে জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া একাডেমি।

তিনি একজন ত্যাগী সমাজসেবী, শিক্ষার একনিষ্ঠ পৃষ্ঠপোষক, উদারপ্রাণ শিক্ষাদ্যোক্তা, মুক্তিযোদ্ধা, শিল্প বাণিজ্যের পুরোধা, লক্ষ্মীপুর জেলা সমিতির ডায়নামিক সভাপতি এবং ট্যাক্স ভিআইপি। আহমেদ আবদুর রহমান ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

এরই ধারাবাহিকতায় AFID Executive Committe তে তার মেধা, প্রজ্ঞা, বিচক্ষণতা, মানবিকতা এবং অভিজ্ঞতা সংগঠনটির কার্যক্রম ব্যাপক প্রসারের মাধ্যমে প্রতিটি সদস্য দেশের বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের টেকসই ও সমৃদ্ধময় জীবন গঠনে নব পাথেয় সৃষ্টি করবে।

বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুঁইয়া সাহেব এর সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করছি।



**সুইড বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির কানাডার Queen's University এর উদ্যোগে পরিচালিত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 'Balancing Act' শীর্ষক প্রকল্পের Balancing Act: Advisory Board এর সদস্য নির্বাচিত হওয়ায় সুইড বাংলাদেশ এর পক্ষ থেকে**

# অভিনন্দন

বিশিষ্ট সমাজকর্মী, সুইড বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির কানাডার Queen's University এর উদ্যোগে 'Balancing Act: Learning from global examples of effective supports for people with disabilities and their families' শীর্ষক প্রকল্পের Balancing Act: Advisory Board এর সদস্য নির্বাচিত হওয়ায় সুইড বাংলাদেশ এর পক্ষ থেকে তাকে আন্তরিকভাবে অভিনন্দন ও শুভেচ্ছা। তিনি এই প্রকল্পের মাধ্যমে সমাজের পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সেবায় নিয়োজিত ইউরোপ, আফ্রিকা, এশিয়া, আমেরিকা ও কানাডায় অবস্থিত ব্যক্তি, সমাজ, পরিবারের মাধ্যমে Balancing Act: Advisory Board এর গৃহীত প্রকল্পের সামগ্রিক দিক নির্দেশের উপর দক্ষতা, নির্দেশিকা, অন্তর্দৃষ্টি প্রদান, গবেষণা, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং জ্ঞান সংগ্রহের বিষয়ে পরামর্শ বিনিময় করবেন। তিনি পরামর্শ প্রদান করার মধ্য দিয়ে বোর্ডের গবেষণা দলকে সাহায্য করবেন- কীভাবে বৈষম্যকে চ্যালেঞ্জ করে একটি সমতা-যোগ্য সামাজিক ন্যায়-বিচার পাওয়ার প্রচেষ্টায় যথাযথ অবদান রাখতে পারা যায়। তিনি একাধারে জাতীয় প্রতিবন্ধী ফোরামের বর্তমান মহাসচিব, সুইড স্কাউট গ্রুপের সভাপতি, কেয়ারার এলায়েন্স বাংলাদেশের সভাপতি, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ক্রীড়া সমিতি (NASPD)'র নির্বাহী কমিটির সদস্য, শহীদ জননী রত্নগর্ভা খুরশীদ আরা ফাউন্ডেশনের চেয়ারম্যান, সুইড শহীদ জননী রত্নগর্ভা খুরশীদ আরা মসজিদের প্রতিষ্ঠাতা ও মসজিদ কমিটির সভাপতি, সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখার সভাপতি, রোটারী ক্লাব অব ঢাকা ওয়াটার ব্রিজের পাস্ট প্রেসিডেন্ট এবং বর্তমান সার্ভিস প্রেজেন্ট ডাইরেক্টর হিসেবে সমাজের বিভিন্ন ক্ষেত্রে অবদান রেখে চলছেন। কর্মজীবনে তিনি GTCL এর অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন এর বিভিন্ন পদে এবং সর্বশেষ সভাপতি হিসেবে নিয়োজিত। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, মহাসচিব মহোদয়ের অন্তর্ভুক্তিতে Balancing Act: Advisory Board এর কাজের পরিধি আরো গতিময় ও তথ্যমূলক হবে এবং বোর্ডটি সমগ্র পৃথিবীর প্রতিবন্ধী ব্যক্তিদের বৈষম্যহীন জীবন মানের নিশ্চয়তা প্রদানে কার্যক্রম পরিচালনা করবে- সেই দোয়া ও প্রত্যাশা করি। পরিশেষে, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামানা করি।

# শোক প্রস্তাব ও দোয়া

শোক প্রস্তাব ও দোয়া

বিসমিল্লাহির রাহমানির রাহিম - পরম করুণাময় মহান আল্লাহ তায়ালার নামে শুরু করছি। প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক সাধারণ সভার শুরুতে গত ২৫ মে ২০২৪ তারিখের পরবর্তী সময় হতে অদ্য ২৪ মে ২০২৫ এর পূর্ব পর্যন্ত সুইড পরিবারের যারা আমাদেরকে ছেড়ে পরলোকে চলে গেছেন তাদের নাম, পরিচয় ইত্যাদি আপনাদের সম্মুখে উপস্থাপন করছি। অত্যন্ত ব্যথিত হৃদয়ে তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণের জন্য আপনাদের সম্মুখে তাদের নাম তুলে ধরছি এবং তাদের বিদেহী আত্মার মাগফিরাত / শান্তি কামনা করে প্রার্থনার জন্য আহ্বান জানাচ্ছি:

১. সুইড বাংলাদেশের সাবেক ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক এবং সুইড রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক এবং সুইড রাজশাহী শাখার বর্তমান সভাপতি মিসেস কল্পনা রায় ভৌমিকের স্বামী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক প্রফেসর বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক ড. কানাইলাল রায় ২৬ মে ২০২৪ রবিবার ভোর রাতে পরলোক গমন করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর।

২. সুইড রমনা শাখার ডাউনসিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থী মাহমুদ বিন আব্দুল্লাহ রুশোর পিতা জনাব ফারুক আবদুল্লাহ ৫ জুন ২০২৪ বুধবার ভোর ৫ টায় বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর।

৩. সুইড বাংলাদেশ চট্টগ্রাম শাখা পরিচালিত বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষার্থী শামিমের পিতা, সুইড বাংলাদেশ চট্টগ্রাম শাখার প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক কোষাধ্যক্ষ আলহাজ্ব হারুন অর রশিদ ৭ জুলাই ২০২৪ রবিবার সকাল ৯:৩০ টায় বার্ধক্য জনিত কারণে নিজ গৃহে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর।

৪. সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সদস্য, সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখার অর্থ সচিব ও আজীবন সদস্য জনাব ফকির আবু হাসান মোহাম্মদ ইউসুফ সোহেল এর ভগ্নিপতি জনাব মহিবুল আলম শিমুল ১৩ আগস্ট ২০২৪ মঙ্গলবার বেলা ১১:৩০ টায় মহাখালীস্থ গেস্ট্রলিভার হাসপাতালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৩ বছর। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, মরহুম মহিবুল আলম শিমুলের শ্বশুর জামালপুরের প্রখ্যাত আয়কর উপদেষ্টা জনাব আবদুল হালিম ফকির এবং শাশুড়ী হাফেজা হালিম সুইড বাংলাদেশের আজীবন সদস্য এবং স্ত্রী হালিমা খাতুন উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের শিক্ষিকা হিসেবে দায়িত্ব পালন করছেন।

৫. সুইড বাংলাদেশ আউশনারা শাখার প্রতিষ্ঠাতা সভাপতি জনাব আলী আকবর এর মাতা মোছাম্মৎ হানুফা বেগম ১৭ আগস্ট ২০২৪ শনিবার সকাল ৮:০০ টায় নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর।

৬. সুইড বাংলাদেশ টাঙ্গাইল শাখা পরিচালিত সুইড টাঙ্গাইল বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মোছাম্মৎ আসমা খানম ২১ সেপ্টেম্বর ২০২৪ শনিবার ঢাকার ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন যাবৎ দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৩ বছর।

৭. সুইড বাংলাদেশ রাজশাহী শাখার সভাপতি ও জাতীয় কাউন্সিলর জনাব মোশারফ হোসেন ৬ অক্টোবর ২০২৪ রবিবার রাত ১:০০ টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রীয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন দূরারোগ্য ক্যান্সারে ভুগছিলেন।

৮. সুইড বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া শাখার উদ্যোক্তা ও অন্যতম প্রতিষ্ঠাতা, সাবেক সাধারণ সম্পাদক, ব্রাহ্মণবাড়িয়া মুক ও বধির নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ গিয়াস উদ্দিন ৪ অক্টোবর ২০২৪ শুক্রবার সন্ধ্যা ৭:১৫ টায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর।

৯. সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সদস্য, সুইড দিনাজপুর শাখার সাবেক সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবী জনাব মোঃ তৈয়ব উদ্দিন চৌধুরী ৩০ অক্টোবর ২০২৪ বুধবার রাত ১০:৩০ টায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৬ বছর।

১০. সুইড বাংলাদেশ ছোটখাতা শাখার সভাপতি, বিশিষ্ট সমাজসেবী জনাব সোহরাব হোসেন ৩০ অক্টোবর ২০২৪ সকাল ৬:২০ টায় হৃদরোগে আক্রান্ত হয়ে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর।

১১. সুইড বাংলাদেশ প্রশাসনিক বিভাগে কর্মরত এমএলএসএস জনাব মোঃ শাহ আলম এর পিতা মোঃ ওয়াজেদ মিয়া ১৪ নভেম্বর ২০২৪ বৃহস্পতিবার দিবাগত রাত ১:২০ মিনিটে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৬ বছর।

১২. সুইড বাংলাদেশের সহ-সভাপতি, বিশিষ্ট সমাজকল্যাণ কর্মী দিলারা মোস্তফার শ্বশুর প্রখ্যাত প্রকাশনা প্রতিষ্ঠান খোশরোজ কিতাব মহলের স্বত্বাধিকারী ও দৈনিক জিহাদ ও সাপ্তাহিক সোনার বাংলা পত্রিকার প্রতিষ্ঠাতা মহীউদ্দীন আহমদ ২ ডিসেম্বর ২০২৪ সোমবার বিকেলে ইন্তেকাল করেন।

১৩. সুইড বাংলাদেশ প্রশাসনিক বিভাগের অফিস সহায়ক হাসিনা খাতুনের মাতা আলেয়া খাতুন ৩ ডিসেম্বর ২০২৪ মঙ্গলবার দিবাগত রাত ৩ টায় দূরারোগ্য ব্যাধীতে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬০ বছর।

১৪. সুইড বাংলাদেশের বিজেশ্বর শাখার উদ্যোক্তা ও প্রতিষ্ঠাতা সভাপতি জনাব ফজলে হোসেন খান গত ৩ মার্চ সোমবার ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর।

১৫. সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির ক্রীড়া সচিব রাশিদা বেগমের কনিষ্ঠ ভ্রাতা মোঃ রফিকুল মিয়া ৮ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার রাত ১১:০০ টায় গাইবান্ধা জেলার ত্রিমোহনী থানার অন্তর্গত শিমুলতরী গ্রামে নিজ বাসগৃহে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর।

১৬. সুইড বাংলাদেশ টাঙ্গাইল শাখার আজীবন সদস্য এবং প্রাক্তন সভাপতি বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ আবদুস সবুর কিডনি, লিভার ও হৃদরোগে আক্রান্ত হয়ে ১৮ ফেব্রুয়ারি ২০২৫ মঙ্গলবার রাত ৪:০০ ঘটিকায় টাঙ্গাইলস্থ নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।

১৭. সুইড বাংলাদেশের অন্যতম যুগ্ম-মহাসচিব ও ফেইথ প্রিন্ট ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব আবুল কাশেম সানির খালা শহীদ জায়া সারা আরা মাহমুদ ২৩ ফেব্রুয়ারি ২০২৫ রবিবার সন্ধ্যা ৬:৪৫ মিনিটে তার ইস্কাটনস্থ বাস ভবনে ইন্তেকাল করেন। সারা আরা মাহমুদ বাংলাদেশ শিল্পকলা একাডেমীর নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের পরিচালক ছিলেন। তিনি অমর একুশে সঙ্গীতের সুর স্রষ্টা, বীর মুক্তিযোদ্ধা শহীদ আলতাফ মাহমুদের সহধর্মিণী ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর।

১৮. সুইড বাংলাদেশ বিজেশ্বর শাখার প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ ফজলে হোসাইন খান টাইফয়েডে আক্রান্ত হয়ে ৩ মার্চ ২০২৫ সোমবার রাত ১০:১০ মিনিটে ব্রাহ্মণবাড়িয়া ট্রমা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর।

১৯. সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এর চাচাতো ভাই কে. এম. সিরাজ উদ্দিন ৭ মার্চ ২০২৫ শুক্রবার দুপুর ২:০৯ মিনিটে স্ট্রোকে আক্রান্ত হয়ে ঢাকার ধানমন্ডিতে অবস্থিত ইবনে সীনা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৩ বছর।

২০. সুইড বাংলাদেশের সাবেক সভাপতি, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি, জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত সংগঠক জনাব আশরাফ-উদ-দাওলা ১০ এপ্রিল ২০২৫ বৃহস্পতিবার বার্ধক্যজনিত কারণে যুক্তরাষ্ট্রে তাঁর কন্যার বাসায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৯ বছর।

২১. সুইড টাঙ্গাইল শাখা পরিচালিত টাঙ্গাইল বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের শিক্ষা সহকারী রানি বেগম নানাবিধ রোগে আক্রান্ত হয়ে গত ২৫ এপ্রিল ২০২৫ শনিবার দিবাগত রাত ৮ টায় নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৯ বছর।

২২. সুইড টাঙ্গাইল শাখার ৩য় সহসভাপতি এবং জাতীয় কাউন্সিলের টাঙ্গাইল শাখার প্রতিনিধি মোছাঃ সাবিহা আক্তার শিমুর বড় ভাই মোঃ সাইফুল আলম দুষ্কৃতকারীদের ছুরিকাঘাতে আহত হয়ে টাঙ্গাইল সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৫ এপ্রিল ২০২৫ তারিখে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫০ বছর।

২৩. সুইড টাঙ্গাইল শাখার যুগ্ম সচিব ও জাতীয় কাউন্সিলের টাঙ্গাইল শাখার প্রতিনিধি জনাব ইশরাত জাহানের ভাতিজা মোঃ তাজুল ইসলাম খান হৃদরোগে আক্রান্ত হয়ে ২৮ এপ্রিল ২০২৫ তারিখে অস্ট্রেলিয়ায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৮ বছর।

২৪. সুইড টাঙ্গাইল শাখার নির্বাহী সদস্য মিসেস নুরুন্নাহার রোজীর বিয়াই, সিটি ব্যাংকের সাবেক ম্যানেজার জনাব মামুনুর রশিদ হৃদরোগে আক্রান্ত হয়ে ২৬ এপ্রিল ২০২৫ তারিখে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬১ বছর।

আমরা আজ যারা বেঁচে আছি আমাদেরকেও একদিন এই পৃথিবী ছেড়ে চলে যেতে হবে। তাই আসুন সকল দ্বন্দ্ব, ভেদাভেদ, হিংসা বিদ্বেষ ভুলে নিষ্ঠার সাথে একত্রে কাজ করে এই পৃথিবীকে আগামী প্রজন্মের জন্য নিরাপদ বসবাসযোগ্য করে যাই। আল্লাহ পাক যেন আমাদেরকে সব সময় ভালো কাজ করার তৌফিক এনায়েত করেন, সে আশা কায়মনোবাক্যে কামনা করছি। আমিন, আল্লাহুম্মা আমিন, সুম্মা আমিন।

# সভাপতির শুভেচ্ছা বক্তব্য



শ্রদ্ধেয়, সম্মানিত, সুপ্রিয় কাউন্সিলর নেতৃবৃন্দ, উপস্থিত উপদেষ্টা মণ্ডলীর সম্মানিত সদস্যবৃন্দ,

আচ্ছালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আমার হৃদয়ের গভীরে আজন্ম সযত্নে লালিত সকল ভালবাসাসহ আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা গ্রহণ করুন।

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জীবন-মান উন্নয়ন করে, সমাজ, দেশ ও জাতির চলমান মূলস্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে, বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আগত; সম্মানিত কাউন্সিলরগণ এবং সীমাবদ্ধতার কারণে এখানে না আসতে পারা আমাদের অগণিত নিবেদিত প্রাণ সহকর্মীদের প্রতি অন্তহীন শুভকামনা প্রকাশ করে, পরম করুণাময় মহান আল্লাহপাকের নামে শুরু করছি।

আমি আজ গভীর শ্রদ্ধার সঙ্গে সুইড বাংলাদেশ এর চিরস্মরণীয় প্রতিষ্ঠাতাদের স্মরণ করছি, যাদের মাত্র একজন কর্মময় জীবনে এখনো আমাদের সঙ্গে আছেন, বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপাল শাহ আলম স্যার, আপনার সান্নিধ্যে আমরা ধন্য, আপনি আমাদের সশ্রদ্ধ অভিবাদন গ্রহণ করুন।

শুরু থেকে বিগত দিনের বিভিন্ন সময়ের সম্মানিত সকল সভাপতি, মহাসচিব, এনইসি সদস্য, কাউন্সিলরগণসহ বিভিন্ন শাখার অভিভাবক-শিক্ষকবৃন্দ, স্বেচ্ছাসেবীগণ সকলকেই স্মরণ করছি গভীর শ্রদ্ধা ও সম্মানের সঙ্গে।

১৯৭৭ সালের ২৪ শে ডিসেম্বর প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে দীর্ঘ ৪৮ বছরের পথ পরিক্রমায় সংগঠনটির টিকে থাকা, এগিয়ে যাওয়া, সম্ভব হয়েছে আমাদের সকল মাতা-পিতা, স্বেচ্ছাসেবী নিবেদিত প্রাণ-নির্লোভ সমাজকর্মী সদস্য, শিক্ষক কর্মচারী এবং পরিচালনার দায়িত্ব প্রাপ্তদের সম্মিলিত প্রয়াসে। অতীত দিনের সকলকে, যাঁদের অনেককে দেখিনি, বিভিন্ন সময়ে অনেকের বক্তব্যে যাঁদের কথা শুনেছি, বিভিন্ন লেখা পড়ে যাঁদেরকে জেনেছি, ভালোবাসার অনুকরণীয় সেই মহৎ প্রাণ মানুষদেরকেও সম্মান জানাই।

জাতীয় কাউন্সিলের ৪৬ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলের অংশগ্রহণে আজ অনেক গুরুত্বপূর্ণ প্রানবন্ত আলোচনা হবে। ৪৫ তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে মাননীয় মেন্টর জওয়াহেরুল ইসলাম মামুন মহোদয়ের সার্বক্ষণিক দিক নির্দেশনায় ও তত্ত্বাবধানে, সম্মানিত মহাসচিবসহ এনইসি-র সকল সুযোগ্য নেতৃবৃন্দের অংশগ্রহণে ও নিরলস শ্রমে সমাপ্ত ও চলমান বিভিন্ন কার্যক্রমের সচিত্র তথ্যসমৃদ্ধ একটি বার্ষিক প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশিত হয়েছে; আগামী বছরের পরিকল্পনার কথাও স্থান পেয়েছে এ প্রকাশনায়। সকল কর্মকাণ্ডে সম্পৃক্ত সংশ্লিষ্ট সকলকে জানাই ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

বর্তমান মেয়াদের নির্বাচিত সভাপতি বরেণ্য শিক্ষানুরাগী, প্রখ্যাত দানবীর আহমেদ আব্দুর রহমান ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, আমাদের অত্যন্ত প্রিয়ভাজন ব্যক্তিত্ব বীর মুক্তিযোদ্ধা জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া সংগঠন পরিচালনায় অনবদ্য অবদান রেখেছেন এবং কর্মকালীন সময়ে সঠিকভাবে নেতৃত্ব দিয়েছেন। তাঁকে অন্তরের অন্তস্থল থেকে সম্মান ও গভীর শ্রদ্ধা জানাই।

অকস্মাৎ বিনামেঘে বজ্রপাতের মত তিনি ২৫/১১/২০২৪ তারিখে অপ্রত্যাশিতভাবে সভাপতির পদ হতে পদত্যাগের সিদ্ধান্ত গ্রহণ করে, এটি যেন ০১/১২/২০২৪ তারিখ হতে কার্যকর হয় মর্মে পত্র প্রেরণ করেন।

জাতীয় কার্যনির্বাহী কমিটির সকলেই আন্তরিকভাবে এ পত্র পুনঃবিবেচনা করে সুইডের বৃহত্তর স্বার্থে পদত্যাগপত্র প্রত্যাহার করার জন্য অভিমত প্রকাশের প্রেক্ষিতে, অনেকেই মহোদয়ের দ্বারস্থ হয়ে অনুরোধসহ চেষ্টা করে ব্যর্থ হওয়ার ফলে, সভাপতির শূন্যপদে উদ্ভূত-বিশেষ এক পরিস্থিতিতে ২৪/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ১০ম জাতীয় নির্বাহী কমিটির সভায়, মাননীয় মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর পরামর্শে উত্থাপিত প্রস্তাব সর্বসম্মত সমর্থনের মধ্যদিয়ে আমাদের সকলের প্রিয় সংগঠনের ৪৮ তম জন্মদিনে আমাকে সভাপতির দায়িত্ব গ্রহণ করতে হয়।

আজকের এ বার্ষিক সাধারণ সভার প্রাণশক্তি সম্মানিত কাউন্সিলর নেতৃবৃন্দ, আমরা সকলেই বিশ্বাস করি আমার ছেলে ফাহিমের মতো অন্য সকল বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের আশ্রয়স্থল, বিশেষ সন্তানদের মা-বাবার ভরসার স্থল হিসেবে সুইডকে আমরা সবাই ভালোবাসি, এবং চাই এর উন্নতি এবং সমৃদ্ধি। মানুষ হিসেবে আমাদের মতামত সকল সময় একের সাথে অপরের মিলবেনা-এটা খুবই স্বাভাবিক। মতের ভিন্নতা থাকলেও উদ্দেশ্য আমাদের এক এবং অভিন্ন। আর তা হলো, বিশেষ চাহিদা সম্পন্ন জনগোষ্ঠীকে সমাজে অধিকার অর্জনসহ প্রতিষ্ঠিত করা।

সংগঠনের নিয়ম-নীতি মেনে গঠনতন্ত্রের চৌহদ্দীর মধ্যে থেকে, সকলের মতামতকে বিচার বিশ্লেষণ সহ সম্মান জানিয়ে, বিভিন্ন প্রতিকূলতা পেড়িয়ে, ব্যবস্থাপনায় স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করে, সম্প্রীতি ও ভারসাম্য রক্ষা করে একসঙ্গে পথ চলার কাজটি সহজসাধ্য নয়। অতি পিচ্ছিল এবং কঠিন এই জটিল পথের প্রতিটি পদক্ষেপে প্রয়োজন আপনাদের সকলের কঠোর নজরদারী, সুপরামর্শ, দিকনির্দেশনা, সাহায্য, সহযোগীতা এবং সমর্থন। কোন ভুল সিদ্ধান্ত ও পদক্ষেপ আপনাদের দৃষ্টিগোচর হওয়া মাত্র, সে সিদ্ধান্ত হতে সরে আসার পরামর্শ চাই; পরামর্শ কার্যকর করা না হলে সুইডের স্বার্থে উক্ত সিদ্ধান্তের বিষয়ে শুধু বিরোধীতা নয়, কামনা করি তীব্র বিরোধীতা।

সম্মানিত কাউন্সিলর বৃন্দ,

জটিল এ পথ পরিক্রমায় আজ আমার ১৫১ তম দিন। এ সময়ে যতটুকু কাজ করতে পেরেছি তা সবই সম্ভব হয়েছে মাননীয় মেন্টর জওয়াহেরুল ইসলাম মামুন মহোদয়ের পরামর্শ এবং এনইসি র সুযোগ্য সহকর্মীদের অকৃপণ সহযোগিতা এবং অব্যাহত সমর্থনসহ পাশে থাকার কারণেই।

অর্জিত সাফল্যের সকল কৃতিত্ব আপনাদের সকলের। ১৫১ দিনের কার্যকালীন সময়ে অনেক কাজ সুসম্পন্ন করা সম্ভব হয়নি সত্যি, এ ব্যর্থতার দায়ভার আমারই।

পদ আঁকড়ে ধরে থাকার মানসিকতা থেকে সরে এসে নতুন নেতৃত্বকে জায়গা করে দেয়া সংগঠনের স্বার্থে একান্তই প্রয়োজন। একই ব্যক্তি একই পদে বারবার থাকার অর্থ হলো নতুন নেতৃত্ব সৃষ্টির পথে অন্তরায় হয়ে দাঁড়ানো। আমি ব্যক্তিগতভাবে অবসর নেয়ার পক্ষে, নতুন নেতৃত্ব সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করবো। সাফল্য যতই থাকুক, নতুন নেতৃত্ব তৈরি না করতে পারলে অবশ্যই তা হবে চরম ব্যর্থতা।

স্রোতহীন নদীর স্থির জলরাশি নয়, আসুন বহমান নদীর স্বপ্ন দেখি। এ স্বপ্ন বাস্তবায়নের জন্য, উদার আকাশের মতো মুক্ত প্রশস্ত হৃদয় নিয়ে নেতৃত্বে এগিয়ে আসার জন্য প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানাচ্ছি আপনাদের সকলের প্রতি।

আমরা কেউ যেন নিজেকে সুইডের জন্য অপরিহার্য মনে না করি, আসুন সবাই সুইডকে, আমাদের জন্য অপরিহার্য ভাবতে শিখি।

সুন্দর কথা বলা সহজ, সুন্দর কাজ করা কঠিন, নিজেকে সুন্দর কথার মত সুন্দর রাখা মোটেই সহজসাধ্য নয়, বরং অনেক বেশি কঠিন। সেই কঠিন পথ যাত্রায়, আমাদের সম্মিলিত অংশগ্রহণ অব্যাহত রেখে, আসুন সবাই মিলে বিশেষ চাহিদা সম্পন্ন আমাদের প্রিয় সন্তানদের সকলের মুখে হাসি ফোটাই, নির্ভেজাল হৃদয়ের সকল ভালোবাসা নিয়ে থাকি ওদের পাশে।

সম্মানিত কাউন্সিলর বৃন্দ, যাদের পথে চলার সহযোগী হয়ে আজ আমরা একত্রিত হয়েছি, আসুন আমরা প্রতিজনই হই তাদের সকলের আলোক বর্তিকা।

মেন্টর মহোদয়ের পরামর্শ এবং আপনাদের সকলের সহযোগিতা নিয়ে, "আমি জানিনা, আমরা জানিনা এবং কথা বলতে পারি না", এ দুটো মারাত্মক অভিযোগ মুক্ত, সুন্দর সুইড গড়ে তুলবার ইস্পাত দৃঢ় প্রত্যয় হোক আমাদের সবার।

আমাকে আপনাদের সহকর্মী হিসেবে কাজ করার সুযোগ দান করার জন্য আপনাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সকলের কল্যাণ হোক, মঙ্গল হোক, জীবন হোক পরিপূর্ণ।

গভীর আন্তরিকতা, অন্তহীন আস্থা এবং অনেক শুভ কামনাসহ ----

আপনাদের একান্ত

বিশেষ চাহিদা সম্পন্ন সন্তান ফাহিমের পিতা

ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী

সভাপতি, সুইড বাংলাদেশ।

আমরা কেউ যেন নিজেকে সুইডের জন্য অপরিহার্য মনে না করি,
আসুন সবাই সুইডকে,
আমাদের জন্য অপরিহার্য ভাবতে শিখি।

"ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী"।

بسم الله الرحمن الرحيم

# মহাসচিবের শুভেচ্ছা বক্তব্য



সম্মানিত সভাপতি,

উপস্থিত উপদেষ্টা পরিষদের শ্রদ্ধেয় সদস্যবৃন্দ, প্রিয় মেন্টর মহোদয়

এবং জাতীয় কাউন্সিলরবৃন্দ ও আমন্ত্রিত অতিথিবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আজ ২৪ মে ২০২৫ খ্রীস্টাব্দ, ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ, ২৫ জিলকদ ১৪৪৬ হিজরি শনিবার সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের ৪৬ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে। রাজধানী ঢাকা ও দেশের বিভিন্ন অঞ্চল থেকে কষ্ট করে এসে আপনারা সভায় উপস্থিত হয়েছেন এজন্য আপনাদের সকলকে আন্তরিক কৃতজ্ঞতা, শুভেচ্ছা, অভিনন্দন এবং স্বাগত জানাচ্ছি। আগামীকাল বাংলা ও বাঙ্গালীর প্রাণের কবি, বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১২৬ তম জন্মবার্ষিকী, কবির কৃতিত্বপূর্ণ কীর্তি ও পুণ্য স্মৃতির প্রতি সশ্রদ্ধ সালাম জানাই।

গত ২৪ মে ২০২৪ তারিখে সুইড বাংলাদেশের ৪৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের পর এক বছর অতিক্রম করে আমরা ২০২৫ সালে পদার্পণ করেছি। কালের গর্ভে আরো একটি বছর অতিবাহিত হয়েছে। মহান আল্লাহ তায়ালার অসীম রহমতে এবং আপনাদের দোয়ায় ও সহযোগিতায় মহাসচিব পদের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের সর্বাত্মক চেষ্টা করেছি। সরকারের সাথে সহযোগী হিসেবে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আইন ও অধিকার বাস্তবায়নে নিরলস কাজ করছি। সুইড বাংলাদেশের মিশন ও ভিশন এবং লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে আমরা নতুন, আধুনিক ও সময়োপযোগী দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করে যাচ্ছি এবং আপনাদের ঐকান্তিক সহযোগিতায় অব্যাহতভাবে এগিয়ে যাবো – মেন্টর মহোদয়ের পরামর্শে এবং সভাপতি মহোদয়ের নেতৃত্বে জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে নিয়ে – সবসময়ে সংশ্লিষ্ট সকলের উৎসাহ ও প্রেরণায় সুইড বাংলাদেশের কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। সুইড বাংলাদেশ এর ২০২৪ পঞ্জিকা বর্ষে বিশেষ কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা আপনাদের সামনে তুলে ধরছিঃ

১. ৩১ অক্টোবর ২০২৪ বৃহস্পতিবার থেকে ২ নভেম্বর ২০২৪ শনিবার পর্যন্ত ২৭ তম AFID সম্মেলনের প্রস্তুতি উপলক্ষে AFID Executive Board Meeting তাইওয়ানের রাজধানী তাইপেতে অনুষ্ঠিত হয়। সুইড বাংলাদেশের প্রতিনিধিদলে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানি যোগদান করেন। সুইড বাংলাদেশ এর যে সকল সদস্য ২৭ তম অ্যাফিড সম্মেলন ২০২৫ এ অংশগ্রহণ করতে আগ্রহী তাদেরকে এ সম্পর্কিত দিক নির্দেশনার বিস্তারিত প্রতিবেদনের ৩২ নং আলোচ্যসূচির ১৯০ পৃষ্ঠায় সদয় অবলোকন করার জন্য অনুরোধ করছি।

২. সুইড বাংলাদেশ এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের অভিভাবক বা কেয়ারারদের সার্বিক উন্নয়নে কেয়ারারস মডেল বাস্তবায়নে সিডিডি এবং কেয়ারারস ওয়ার্ল্ড ওয়াইড এর সাথে সহযোগী সংস্থা হিসেবে কাজ শুরু করে। জাতিসংঘ কর্তৃক ৩১ অক্টোবরকে বিশ্ব কেয়ারার ডে হিসেবে উদযাপনের জন্য ঘোষণা করা হয়। তারই ফলশ্রুতিতে প্রথমবারের মতো সুইড ভবনে বাংলাদেশ কেয়ারার, এনডিডি সুরক্ষা ট্রাস্ট, সুইড বাংলাদেশ, সিডিডি, সুইড কেয়ারারাস, ফ্রেন্ডশীপ, খুরশিদ আরা ফাউন্ডেশন ও তরী ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে যথাযথ মর্যাদার সাথে ১ম বারের মতো জাতীয় ভিত্তিক কেয়ারারাস ডে উদযাপিত হয়।

৩. সুইড বাংলাদেশ এর ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী ও ৭ম বার্ষিক স্কাউট সমাবেশ-২০২৪ এবং ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ সংক্ষিপ্ত আকারে সম্পন্ন করা হয়েছে এবং এক্ষেত্রে ব্যয় হয়েছে ২,৭৬,৫৫৩/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার পাঁচশত তিপ্পান্ন) টাকা।

৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ১২ ধরণের প্রতিবন্ধিতা বিষয়ক কর্মপরিকল্পনা কৌশল প্রণয়নের জন্য সুইড বাংলাদেশের মহাসচিবকে প্রণয়ন কমিটিতে অন্তর্ভূক্ত করা হয়।

৫. কানাডার Queen's University এর উদ্যোগে 'Balancing Act: Learning from global examples of effective supports for people with disabilities and their families' শীর্ষক প্রকল্পের Balancing Act: Advisory Board সদস্য হিসেবে সুইড বাংলাদেশ এর মহাসচিবকে নির্বাচিত করা হয়েছে। বিশ্বের ৪টি মহাদেশের ৮টি দেশে ৪ বছর মেয়াদী এই প্রকল্পের মাধ্যমে সমাজের পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সেবায় নিয়োজিত ব্যক্তি, সমাজ, পরিবারের মাধ্যমে Balancing Act: Advisory Board এর গৃহীত প্রকল্পের সামগ্রিক দিক নির্দেশনার উপর দক্ষতা, অন্তর্দৃষ্টি প্রদান, গবেষনা, তথ্য সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং জ্ঞান সংগ্রহের বিষয়ে পরামর্শ বিনিময় করা হচ্ছে। আমি গত ১ বছর Balancing Act: Advisory Board কে পরামর্শ প্রদান করার মধ্য দিয়ে- প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়নের জন্য কীভাবে বৈষম্যকে চ্যালেঞ্জ করে একটি সমতা-যোগ্য সামাজিক ন্যায়-বিচার পাওয়ার প্রচেষ্টায় যথাযথ অবদান রাখতে পারা যায় সে বিষয়ে কাজ করছি।

৬. সুইড বাংলাদেশের ১২ টি শাখার প্রায় ২০০ জন হতদরিদ্র শিক্ষার্থীদের মাঝে ঈদ-উল-ফিতর উপলক্ষে নতুন জামা-কাপড় কেনার লক্ষ্যে রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশনের পক্ষ থেকে সর্বমোট ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকা এবং ঈদ উল আযহা উপলক্ষে রত্নগর্ভা শহীদ জননী খুরশীদ আরা ফাউন্ডেশন এর পক্ষ হতে দেশের প্রত্যন্ত অঞ্চলের ৭টি সুইড বাংলাদেশ শাখার ছাত্র/ছাত্রীদের মাঝে বিলি করার জন্য সর্বমোট ৭৬,০০০/- (ছিয়াত্তর হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

৭. প্রফেসর ডঃ তাহমিদ মালিক আল হোসাইনী ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) অনুদান প্রদান করেছেন। সুইড বাংলাদেশ এর শাখাসমূহে বিতরণ করা হয়েছে।

৮. ৪ নং ইস্কাটন গার্ডেনের জমির বিষয়ে রাজউক থেকে নির্মাণের জন্য ছাড়পত্র নেয়া, একজন দক্ষ এবং অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করে বিদ্যমান যাবতীয় দলিলপত্রের ভিত্তিতে দেশের প্রচলিত আইনের অনুসরণে সর্বোচ্য বিচারালয়ের উপদেশনায় একটি নির্মাণ নীতিমালা তৈরী করা এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মধ্য থেকে একজনকে বাছাই করে অংশীদারীত্বের ভিত্তিতে একটি প্রতিবন্ধীবান্ধব, একাডেমী প্রতিষ্ঠান নির্মাণ করার কার্যক্রম চলমান রয়েছে।

৯. সুইড আলমগীর এম. এ. কবির মিলনায়তনটির আধুনিকায়ন, সৌন্দর্যবর্ধন ও সংস্কারের জন্য ৫ জন (১. যুগ্ম মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপা-আহ্বায়ক; ২. উপদেষ্টা প্রকৌশলী জনাব রেজাউল করিম-সদস্য; ৩. সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ শিকদার-সদস্য; ৪. ক্রীড়া সচিব জনাব মোঃ আব্দুর রাজ্জাক-সদস্য; ৫. নির্বাহী সদস্য জনাব ফকির আবু হাসান মোঃ ইউসুফ সোহেল-সদস্য) সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করে তার কার্যক্রম চলমান রয়েছে।

১০. রোজী আফসার ফাউন্ডেশনের পক্ষ থেকে রাশিদা জেসমিন রোজী সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের জন্য ২০,০০০/- (বিশ হাজার টাকা) উপহার প্রদান করেছেন।

১১. আহমেদ আবদুর রহমান ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভূঁইয়া সুইড এর কার্যক্রমে সচলতার জন্য আর্থিক অনুদান হিসেবে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা প্রদান করেছেন।

১২. সুইড মহাসচিব এনইসি সদস্য ও অতিথিদের ব্যবহারের জন্য ৬০ (ষাট) হাজার টাকা মূল্যমানের ডিনার সেট উপহার দিয়েছেন।

**আগামীতে আমাদের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছেঃ**

১. "সুইড একাডেমী অন নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএবিলিটিস এণ্ড হেলথ কেয়ার সেন্টার প্রকল্প" এর ডিপিপির খসড়া তৈরী করা হয়েছে যা যথাশীঘ্রই বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হবে;

২. সুইড ভবনের নিরাপত্তার স্বার্থে Emergency Rescue Exit সিড়ি নির্মাণ করা হবে;

৩. প্রতিটি ফ্লোরে Fire Extinguisher স্থাপন করা হবে;

৪. সুইড ভবনটি নীল ও হলুদ রং এর সমন্বয়ে নতুন ভাবে ভবনের রং-এর কাজ সম্পন্ন করা হবে;

৫. স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষার জন্য উচ্চ শিক্ষিত ও দক্ষ জনবল তৈরীর নিমিত্তে "সুইড বিশ্ববিদ্যালয়" স্থাপনের পরিকল্পনা বাস্তবায়ন করা, বর্তমানে কার্যক্রম প্রক্রিয়া চলমান রয়েছে;

৬. জাতীয় নির্বাহী কমিটি সভার ফাইলসহ অন্যান্য সকল কার্যক্রম পর্যায়ক্রমে অনলাইন প্রেরণ করার এবং সব কাগজ যার যার হোয়াটস এপ, ইমেইলে প্রেরণ করার সিদ্ধান্ত হয়েছে। ফলে যখন স্ক্রিনে দেখানো হবে তখন প্রত্যেকে তাদের নিজ নিজ ফোন সেট বা পর্দায় এগুলো দেখবেন; ফলশ্রুতিতে কাগজ প্রয়োজন হবে না। পর্যায়ক্রমে paper less অফিস হবে।

উপস্থিত সুপ্রিয় বন্ধুগণ,

গত ১ বছরে সুইড বাংলাদেশ সর্বমোট ১৩৮ টি কার্যক্রমে অংশগ্রহণ ও আয়োজন করেছে, যার মধ্যে জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করেছে ৫৩ টি; বিষয়ভিত্তিক জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ ৩৪ টি; সরকারের সাথে বিভিন্ন সভা, সেমিনার বা কর্মসূচীতে অংশগ্রহণ ১৯ টি; অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মসূচীসমূহে অংশগ্রহণ ৩২ টি। এ সকল সভা সেমিনারে অংশগ্রহণ করে সুইড বাংলাদেশের কার্যক্রম এবং প্রতিবন্ধী ব্যক্তিদের আইন ও অধিকার নিশ্চিত করার বিষয়ে মতামত প্রদান ও সুপারিশ করা হয়েছে।

প্রিয় কাউন্সিলরবৃন্দ,

আমরা সবসময় স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে কাজ করতে চাই। তারা যাতে ভবিষ্যতে স্বাবলম্বী হয়ে জীবন যাপন করতে পারে – এটাই আমাদের লক্ষ্য। এই লক্ষ্য পূরণে আমরা আমাদের সকল সাধ্য ও সামর্থ্য নিয়োজিত করছি। আমরা এ বছর সাংগঠনিক সফরে কুমিল্লা, বিজেশ্বর ও নারায়ণগঞ্জ শাখায় মতবিনিময় সভা এবং "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন-২০১৩", "নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩", "জাতিসংঘ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সনদ", সাইকোথেরাপী ও স্পিচ থেরাপি সম্পর্কে ধারণা দেয়া হয়েছে।

প্রিয় হিতাকাঙ্ক্ষী বন্ধুগণ,

আমরা NIID (National Institute of Intellectualy Disabled) কার্যক্রমের মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত স্কুলসমূহের শিক্ষকদের এবং অভিভাবকদেরকে প্রতিবন্ধিতা বিষয়ের প্রশিক্ষণ কার্যক্রম সুসংগঠিত ভাবে বাস্তবায়ন করে যাচ্ছি। ফলশ্রুতিতে এর সুফলের অংশীদার সকলেই হবে। ২০২২ শিক্ষাবর্ষে সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজে ১৬তম ব্যাচের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে, ২৯ জন ১ম শ্রেণী ও ৭৫ জন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে, ২০২৪ শিক্ষাবর্ষে ১৮তম ব্যাচে চূড়ান্ত পরীক্ষার্থীর সংখ্যা ৬৯ জন এবং ২০২৫ শিক্ষাবর্ষে ১৯ তম ব্যাচে ৬৭ জনের ভর্তি প্রক্রিয়াধীন। আমাদের কলেজের শিক্ষকমণ্ডলী নিরলস পরিশ্রমের মাধ্যমে শিক্ষার মান উন্নয়ন ও পাঠদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। কলেজটিতে চলমান বিএসএড কোর্সের পাশাপাশি এমএসএড কোর্স চালুর প্রক্রিয়া চলমান আছে।

উপস্থিত সুধীবৃন্দ,

১. সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভূঁইয়া কম্বল বিতরণ ও শাখা উন্নয়নে ৫০ হাজার টাকা সুইড রামচন্দ্রপুর শাখায় অনুদান প্রদান করায় কৃতজ্ঞতা প্রকাশ করে দানবীর ফরিদ আহমেদ ভূঁইয়াকে একটি ধন্যবাদ পত্র প্রদান করা হয়।

২. ৪, ইস্কাটন গার্ডেনে ডিপিপি প্রণয়ন করে সরকারী সহযোগিতায় পিপিপি'র মাধ্যমে অথবা এন্ডাউমেন্ট ফান্ড সংগ্রহ করে Joint Venture অথবা Partnership ভিত্তিতে বুদ্ধি প্রতিবন্ধীসহ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক একটি শিক্ষা ও প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা ও চিকিৎসা এবং কল্যাণমূলক ইউনিভার্সিটি, একাডেমী বা প্রতিষ্ঠান নির্মাণ প্রক্রিয়া চলমান।

সম্মানিত সদস্যবৃন্দ,

এতক্ষণ ধৈর্য ধরে আমার কথা শুনার জন্য আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। সময় ব্যবস্থাপনার জন্য আমি সংক্ষেপে কার্যক্রম উল্লেখ করেছি। জুন ২০২৪ থেকে মে ২০২৫ বর্ষের সকল কার্যক্রম পৃথক পৃথক ভাবে ছাপানো প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। উক্ত প্রতিবেদন আপনাদের সদয় অবলোকন ও পাঠ করার জন্য অনুরোধ করছি।

আপনাদের সকলের সুখ-শান্তি, সুস্বাস্থ্য, সফল ও দীর্ঘ জীবন কামনা করে আমার বক্তব্য এখানেই শেষ করছি। আল্লাহ হাফেজ।

(মোঃ মাহবুবুল মুনির)

# ১. সুইড বাংলাদেশ এর অগ্রযাত্রা

- প্রতিষ্ঠানের নাম ঃ সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএ্যাবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ /SWID Bangladesh) একটি পরার্থবাদী সেবাব্রতি পুণ্যতীর্থ প্রতিষ্ঠান।
- প্রতিষ্ঠা কাল ঃ ১৯৭৭ সালের ২৪ ডিসেম্বর। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যাক্তিদের জন্য বাংলাদেশের প্রথম এবং জাতীয় ভিত্তিক একমাত্র পথপ্রদর্শক প্রতিষ্ঠান।
- ভিশন ঃ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিগণসহ অনগ্রসর জনগোষ্ঠীর উপযোগী একটি অন্তর্ভুক্তিমূলক, সমতাভিত্তিক, নির্বিঘ্ন উন্নত ও সমৃদ্ধশীল মানব সমাজ।
- মিশন ঃ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী জনগোষ্ঠীকে সমাজে প্রতিষ্ঠার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি, শিক্ষা, কর্মসংস্থান, পুনর্বাসন, আত্মনির্ভরশীল ও অধিকার আদায়ের নিমিত্তে কাজ করা।

এবং

বুদ্ধি প্রতিবন্ধী, অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি বৈশিষ্ট্যসম্পন্ন স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের উপযোগী শিক্ষা পদ্ধতিতে নিবীড় পরিচর্যা, আদর-স্নেহ, ভালোবাসা এবং সেবা পরিসেবার মাধ্যমে সুপ্ত দক্ষতাগুলোর উন্নয়ন ঘটিয়ে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা।

- শাখা: সারা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল, গ্রাম, ইউনিয়ন, উপজেলা এবং জেলা পর্যায়ে দীর্ঘ ৪৮ বছরের জার্নিতে ৫৪৩ টি শাখা প্রতিষ্ঠা করেছে।
- শিক্ষার্থী সংখ্যা: বর্তমানে সুইড বাংলাদেশের আওতায় শাখা পরিচালিত এনডিডি স্কুলে শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৪৫ হাজার।
- কার্যক্রম: এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীকে বিশেষ শিক্ষা, একীভূত শিক্ষা, থেরাপি সেবা, কারিগরী শিক্ষা এবং স্বাস্থ্য সেবা দেয়া হচ্ছে।
- নীডা: বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক ছেলেমেয়েদের জন্য প্রতিষ্ঠিত 'National Institute for the Intellectually Disabled এর মাধ্যমে প্রতিবন্ধী সনাক্তকরণ ও কাউন্সেলিং ইউনিট, শিক্ষা ও গবেষণা শিক্ষা ও প্রশিক্ষণ, কারিকুলাম প্রণয়ন, থেরাপী সেবা পরিচালনা এবং বিশেষ শিক্ষা স্কুল ও স্কাউট দল গঠন প্রভৃতি কার্যক্রম তদারকী করা হয়।
- টুইড বাংলাদেশ: সুইড বাংলাদেশ ১৯৯৪ সালে প্রাপ্ত বয়স্ক শিক্ষার্থীদের ট্রেনিং হোমে রেখে প্রাত্যহিক জীবন যাত্রা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সরকারী রেজিস্ট্রেশন নিয়ে 'ট্রাস্ট ফর দ্যা ওয়েলফেয়ার অব দ্যা ইন্টেলেকচুয়ালি ডিসএ্যাবল্ড বা TWID' প্রতিষ্ঠা করে।
- সুইড স্কাউট গ্রুপ: এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের নিয়ে 'সুইড স্কাউট গ্রুপ' ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হয় যা পরবর্তীতে ১৯৯৮ সালে বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের অনুমোদন লাভ করে।
- সুইড কলেজ: এনডিডি বিষয়ে দক্ষ লোকবল তৈরীর লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত Bachelor of Special Education বা B.S.Ed কোর্সটি পরিচালনা করার জন্য ২০০৬ সালে সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ প্রতিষ্ঠা করা হয়। অদ্যাবধি ১৫০০ জন শিক্ষার্থীকে B.S.Ed ডিগ্রি প্রদান করা হয়েছে।
- সুইড ল্যাবরেটরী মডেল স্কুল: সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষার্থীদের Practice Teaching কার্যক্রম পরিচালনার জন্য ২০০৯ সালে সুইড ল্যাবরেটরী মডেল স্কুলটি প্রতিষ্ঠা করা হয়। শিক্ষার্থী সংখ্যা ১৭০ জন।
- সুইড ফাউন্ডেশন: সুইড বাংলাদেশের কার্যক্রমকে আর্থিকভাবে ও বিভিন্ন সম্পদ দিয়ে সহায়তা করার উদ্দেশ্যে ২০১৩ সালের ২৫ মার্চ সুইড ফাউন্ডেশন প্রতিষ্ঠা করা হয়।
- সুইড বকুল মামুন মাল্টিপারপাস এরিনা: সুইড বাংলাদেশের সাবেক সভাপতি ও মহাসচিব এবং বর্তমান মেন্টর মহোদয় জনাব জওয়াহেরুল ইসলাম মামুন একজন লেখক, প্রাবন্ধিক, কলামিস্ট, সাংবাদিক, গবেষক, কবি ও জনকল্যাণকর্মী। তার প্রয়াত সহধর্মিনী সুইড বাংলাদেশের সাবেক যুগ্ম-মহাসচিব ও সুইড জামালপুর শাখার অন্যতম প্রতিষ্ঠাতা মমতাজ বেগম বকুল তাদের একমাত্র বুদ্ধি প্রতিবন্ধী কন্যা জান্নাতুল ফেরদৌস মন্টির প্রতিবন্ধিতার কারণে সুইড বাংলাদেশের সাথে সম্পৃক্ত হয়ে দীর্ঘ প্রায় ৩৮ বছর ধরে সার্বক্ষণিক সক্রিয়ভাবে কাজ করেছেন এবং এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের জীবনকে উন্নত ও সমাদৃত করতে অবদান রেখেছেন। তাদেরই অবদানের স্মৃতি রক্ষার্থেই সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তের আলোকে 'সুইড বকুলমামুন মাল্টিপারপাস এরিনাটি' ১০ জুলাই ২০২০ সালে প্রতিষ্ঠা করা হয়। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধিতা

সম্পর্কিত অনুষ্ঠান আয়োজন, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন, স্কাউটিং কর্যক্রমসহ অন্যান্য বহুমুখী ভকেশনাল কার্যক্রম চলমান রয়েছে। এই এরিনাতে বিশেষ করে ২১ বছর উর্ধ্ব স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতার প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণগুলো হলো: বৃত্তিমূলক কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ, প্রাক কর্মসংস্থান দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ, দৈনন্দিন কার্যক্রম শিক্ষার প্রশিক্ষণ, সামাজিকীকরণের প্রশিক্ষণ, থেরাপি কার্যক্রম, মনোসামাজিক নির্দেশনা ও পরামর্শ কার্যক্রম, মনোদৈহিক, মেডিটেশন চর্চা, যোগব্যায়াম এবং কম্পিউটার প্রশিক্ষণ।

- সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল: সুইড বাংলাদেশ ১৮ বছরের ঊর্ধ্বে এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের ভকেশনাল কার্যক্রমে অধিকতর অংশগ্রহণের লক্ষ্যে ১ মে ২০২২ তারিখে সুইড ভবনের ৭ম তলায় বকুলমামুন মাল্টিপারপাস এরিনায় সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের কার্যক্রম শুরু করে। বর্তমানে স্কুলটিতে ১৮ বছরের উর্ধ্ব বয়সী শিক্ষার্থীর সংখ্যা ৬০ জন।
- ডক্টর লুতফর রাহমান থেরাপী সেন্টার: একটি অত্যাধুনিক যুগোপযোগী এবং সর্বোচ্চ গুণগত মানের সকল সুযোগ সুবিধাসম্পন্ন ডক্টর লুতফর রাহমান থেরাপী সেন্টারটি ২০২২ সালের ২৪ ডিসেম্বর প্রতিষ্ঠা করা হয়। সেন্টারটিতে সাইকোলজিক্যাল এ্যাসেসমেন্ট, কাউন্সেলিং বা পরামর্শ প্রদান, ফিজিওথেরাপী, স্পিচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি এবং অকুপেশনাল থেরাপি সেবা প্রদান করা হয়।
- সুইড ক্যাফে এন্ড হসপিটালিটি ট্রেনিং সেন্টার: সুইড ক্যাফে এন্ড হসপিট্যালিটি ট্রেনিং সেন্টারটিতে মোট ১০ জন এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থী, একজন দক্ষ রন্ধন কারিগরের তত্ত্বাবধানে কুকিং এবং হসপিটালিটি বিষয়ে বিভিন্ন কার্যক্রমের উপর হাতে কলমে বাস্তবে শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ করছে।
- সুইড কেয়াররারস এ্যাসোসিয়েশন: সুইড বাংলাদেশ ২০২১ সাল থেকে এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের অভিভাবক বা কেয়ারারদের সার্বিক উন্নয়নে কেয়ারারস মডেল বাস্তবায়নে সিডিডি এবং কেয়ারারস ওয়ার্ল্ড ওয়াইড এর সাথে সহযোগী সংস্থা হিসেবে কাজ শুরু করে। কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ নামে ইতিমধ্যে তাদের গঠনতন্ত্রসহ কার্যনির্বাহী পরিষদ ও উপদেষ্টা পরিষদ অনুমোদন করেছে। উক্ত এ্যালায়েন্স এর সহযোগী ও অংশীদার সংগঠন হিসেবে সুইড কেয়ারারস এসোসিয়েশন কার্যক্রম শুরু করেছে।
- সুইড শাহানা মুনির রুফটপ গার্ডেন: ২৪ ডিসেম্বর ২০২২ সুইড বাংলাদেশের বর্তমান মহাসচিব, সুইড ধানমন্ডি শাখার সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির এবং তার প্রিয়-সহধর্মিনী মিসেস শাহানা আসির মুনির প্রতিবন্ধিতার শীকার ছেলে-মেয়েদের কল্যাণে সেবানন্দে সমমর্মী হয়ে, কল্যাণ কাজে ব্রতী হয়ে এবং পুণ্য অর্জনে সুইডকে তীর্থ মনে করে নব সংযোজন 'সুইড শাহানা মুনির রুফটপ গার্ডেন' উদ্বোধন করেন। গার্ডেনিং একজন স্নায়বিক বৈশিষ্ট্য সম্পন্ন প্রতিবন্ধি ব্যক্তির মানসিক এবং মনোদৈহিক উন্নতির জন্য খুবই সহায়ক।
- সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ: সুইড বাংলাদেশের বর্তমান মহাসচিব এবং রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা জনাব মোঃ মাহবুবুল মুনিরের মমতাময়ী শ্রদ্ধেয় মাতা মোহতারেমা খুরশিদ আরা বেগমের নামে ৭ম তলায় অবস্থিত মসজিদটির নামকরণ করা হয়েছে। মসজিদে নিয়মিত ইবাদতের পাশাপাশি এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের নৈতিকতা যেমন সততা, সদাচার, সুন্দর স্বভাব, মিষ্টি কথা ও উন্নত চরিত্র গঠনের সমন্বয়ে ব্যক্তির মৌলিক মানবীয় গুণ এবং জীবনের শ্রেষ্ঠ সম্পদ যা অর্জন করলে তার জীবন সুন্দর, উন্নত ও সমৃদ্ধ হবে সেই লক্ষ্যকে সামনে রেখে ধর্মীয় ও নৈতিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ২৬ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির সভায় এ মসজিদে জুমার নামাজ কায়েমের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ দিন থেকেই জুমার নামাজ শুরু হয়।
- আন্তর্জাতিক ক্রীড়া অঙ্গন: ১৯৯৪ সালে সুইড বাংলাদেশের উদ্যোগে 'স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ' প্রতিষ্ঠা করা হয়। ১৯৯১-২০২৩ পর্যন্ত সুইড বাংলাদেশের নির্বাচিত এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ক্রীড়াবিদরা নিয়মিতভাবে ওয়ার্ল্ড স্পেশাল অলিম্পিকস সামার গেমসের মাধ্যমে বিভিন্ন ক্রীড়া ইভেন্টে অংশগ্রহণ করে ইতিমধ্যে ১৮৭ টি স্বর্ণ, ১২০ টি রৌপ্য ও ৭৯ টি ব্রোঞ্জ পদক জয় করে বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশের সুনাম অতীব গৌরব উজ্জ্বল করেছে।
| ১ | গঠনতন্ত্র সংশোধনী উপস্থাপন, পর্যালোচনা ও অনুমোদন। | মহাসচিব তার বক্তব্যে বলেন, সরকার কর্তৃক কিছু আইন করা হয়েছে সেই আইনের সাথে সামঞ্জস্য রেখে আমাদের গঠনতন্ত্রে কিছু পরিবর্তন আনা প্রয়োজন, সেই সকল সংশোধনী বিষয়ে বিগত ৬ জানুয়ারি ২০২৩ তারিখে জাতীয় কাউন্সিলের একটি বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছিল। সেই সভায় উপস্থিত অধিকাংশ সদস্য অভিমত ব্যক্ত করে বলেছিলেন যে, আজ এ বিষয়ে আমরা মতামত দেয়ার জন্য প্রস্তুতি নিয়ে আসতে পারিনি, সংশোধনী প্রস্তাবগুলি ভালোমতো পাঠ করতে পারিনি তাই আজকে সভা স্থগিত করে পরবর্তী সময়ে আরেকটি বিশেষ সাধারণ সভা আয়োজন করলে সবাই সঠিক ভাবে মতামত দিতে পারবেন। তারই ধারাবাহিকতায় আজকের সভা। আগেই প্রস্তাবগুলি সকল সদস্যদের কাছে পৌছে দেয়া হয়েছে। আজ প্রজেক্টর স্ক্রিনে প্রদর্শন করা হবে। এতে ৩ টি কলাম আছে। সর্ব বাম পার্শ্বের কলামে বিদ্যমান বিষয় আছে মাঝখানের কলামে প্রস্তাবিত সংশোধনী বা সংযোজনী বা বিয়োজনী এবং সর্ব ডানে সংশোধনীর পর যে অবস্থা হবে তার বিবরণী। তিনি একে একে প্রতিটি ধারার প্রস্তাবিত পরিবর্তন উপস্থাপন করেন।<br>এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার, জনাব ইমেলদা হোসেন দীপা, জনাব মোঃ রফিকুল ইসলাম, জনাব সুপেন্দ্র নাথ দত্ত, জনাব আজহারুল আজাদ জুয়েল, জনাব মাশুক জান্নাত মহিমা, মোছাঃ বদরুন্নাহার শিউলি, মাওলানা মোঃ আব্দুর রাজ্জাক আলোচনায় অংশ নেন এবং প্রয়োজনীয় মতামত ও বক্তব্য পেশ করেন। | বিশেষ সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে গঠনতন্ত্রের সংশোধনীসমূহ অনুমোদিত হয়।<br>নিবন্ধন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে অনুমোদনের ব্যবস্থা করতে মহাসচিব মহোদয়কে অনুরোধ করা হয়। |
| ২ | ৪ নং ইস্কাটন গার্ডেনস্থ জমিতে উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | সভাপতির অনুরোধে মহাসচিব এ বিষয়টি উপস্থাপন করেন।<br>তিনি এ বিষয়ে একটি লিখিত প্রস্তাবনা উপস্থাপন করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, জাতীয় নির্বাহী কমিটিতে ইতিপূর্বে একাধিকবার এ বিষয়টি আলোচিত হয়েছে। সভাপতি বীর | ৪ ইস্কাটন গার্ডেনে বুদ্ধি প্রতিবন্ধীসহ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক একটি শিক্ষা ও প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা ও চিকিৎসা এবং কল্যাণ মূলক ইউনিভার্সিটি, একাডেমী বা প্রতিষ্ঠান নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- | --- |
| | | মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুইয়াকে এ বিষয়ে ব্যবস্থা নিতে দায়িত্ব দেয়া হয়েছিল। তার কাছে এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদী ও দালিলিক কাগজপত্র দাখিল করা হয়। তিনি জাতীয় কাউন্সিলের বিশেষ সাধারণ সভা ডেকে ঐ সভায় আলোচনা মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের পরামর্শ দেন এবং এ কাজে আগ্রহী জনহীতকর প্রতিষ্ঠান এবং সরকারের জ্ঞাতার্থে পত্র পত্রিকায় বিজ্ঞাপন দিতে অনুরোধ করেন। সেই ধারাবাহিকতায় আজকের সভায় এ বিষয়টি উপস্থাপন করা হচ্ছে। এ বিষয়ে খসড়া প্রস্তাবনা সকলের কাছে দেয়া হয়েছে এবং প্রজেক্টর স্ক্রিনে এটি প্রদর্শিত হবে। সভাপতি সভায় উপস্থিত সকলকে প্রস্তাবনা বিষয়ে তাদের মতামত পেশ করার অনুরোধ জানান। সভায় উপদেষ্টা ডাঃ আফসার আলী খান এবং কাউন্সিলরবৃন্দ জনাব সুপেন্দ্র নাথ দত্ত, ডাঃ আঃ সেলিম খান কাদের, আজহারুল আজাদ জুয়েল, মোঃ রফিকুল ইসলাম আলোচনায় অংশগ্রহণ করেন। | যেহেতু সুইড বাংলাদেশের কাছে এ জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত আর্থিক সঙ্গতি নেই তাই DPP করে সরকারী সহযোগিতায় PPP র মাধ্যমে অথবা এন্ডাউমেন্ট ফান্ড সংগ্রহ করে অথবা Joint Venture বা Partnership ভিত্তিতে এ স্থাপনা নির্মাণসহ যাবতীয় প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা, ক্রীড়া, সাংস্কৃতিক, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সিদ্ধান্ত গৃহীত হয়। একাডেমী বা প্রতিষ্ঠান নির্মাণে সম্ভাব্য আগ্রহী প্রতিষ্ঠানে অথবা সরকারের জ্ঞাতার্থে কম পক্ষে ৩ টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। |
| ৩ | বিবিধ | গতকাল মঙ্গলবার ২৪ ডিসেম্বর অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির সভায় সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিতজাতীয় নির্বাহী কমিটির তালিকা পাঠ করার জন্য সভার সভাপতি জাতীয় নির্বাহী কমিটির ১ম যুগ্মমহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপাকে অনুরোধ করেন। জনাব ইমেলদা হোসেন দীপা নবগঠিত জাতীয় নির্বাহী কমিটির নামের তালিকা পাঠ করেন। | সভায় উপস্থিত সকলে পুনর্গঠিত জাতীয় নির্বাহী কমিটিকে অভিনন্দন জানায়। |

মহাসচিব উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভাপতি সভায় তার নবনিযুক্তির প্রেক্ষাপট তুলে ধরেন এবং সকলকে সুইড বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করার আহ্বান জানান, সুইড বাংলাদেশ পরিচালনায় সার্বিক সহযোগিতা করার জন্য এবং সভায় উপস্থিত থেকে উপদেষ্টা এবং কাউন্সিলরবৃন্দকে প্রাণবন্ত আলোচনায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী)
সভাপতি, সুইড বাংলাদেশ।

(মোঃ [illegible]র)
মহাসচিব, সু[illegible] বাংলাদেশ।

সুইড-জাঃকাঃবিসাস/২০২৪-

তারিখ: ২৫ ডিসেম্বর ২০২৪

# সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থ

## ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের বিশেষ সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

**স্থায়ী কাউন্সিলর**

| | |
|---|---|
| ১। প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম | মুরাদনগর শাখা |
| ২। জনাব সাজেদা এইচ কবীর | রমনা শাখা |
| ৩। জনাব এ কে এম জি মোস্তফা | মোহাম্মদপুর শাখা |
| ৪। জনাব রাশিদা বেগম | মিরপুর শাখা |
| ৫। জনাব মোঃ শফিউল্লাহ | গেন্ডারিয়া শাখা |
| ৬। মোছাঃ রাহেলুল আলম | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |

**শাখা প্রতিনিধি**

| | |
|---|---|
| ৭। জনাব রাশিদা জেসমিন রোজী | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |
| ৮। জনাব বদরুল মান্নান | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |
| ৯। জনাব ইমেলদা হোসেন দীপা | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |
| ১০। জনাব ফকির আবু হাসান মোহাম্মদ ইউসুফ সোহেল | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |
| ১১। জনাব আশিক জান্নাত রুপম | উইলস লিটল ফ্লাওয়ার শাখা |
| ১২। মির্জা মোঃ মনছুরুল হক | চট্টগ্রাম শাখা |
| ১৩। জনাব এ কে এম ইকবাল হোসেন | চট্টগ্রাম শাখা |
| ১৪। জনাব রেবেকা মোসলেম | চট্টগ্রাম শাখা |
| ১৫। জনাব এস এম শোয়েব | চট্টগ্রাম শাখা |
| ১৬। জনাব আহমেদ হোসেন | চট্টগ্রাম শাখা |
| ১৭। জনাব মোঃ নাজমুল হক | রাজশাহী শাখা |
| ১৮। প্রফেসর মোঃ আনোয়ার হোসেন | রাজশাহী শাখা |
| ১৯। জনাব কল্পনা রায় ভৌমিক | রাজশাহী শাখা |
| ২০। জনাব মোঃ জালাল উদ্দিন | লালমনিরহাট শাখা |
| ২১। জনাব মোঃ খাজের আলী | লালমনিরহাট শাখা |
| ২২। জনাব মানেবেন্দ্র রায় বিপুল | লালমনিরহাট শাখা |
| ২৩। জনাব মোঃ আজিজুল হক (অবঃ বীর প্রতীক) | লালমনিরহাট শাখা |
| ২৪। জনাব সুপেন্দ্রনাথ দত্ত | লালমনিরহাট শাখা |
| ২৫। জনাব আনোয়ারুল কাদের বাকি | কুমিল্লা শাখা |
| ২৬। জনাব আব্দুল কুদ্দুস | কুমিল্লা শাখা |
| ২৭। জনাব মোঃ মনজুর কাদের মনি | কুমিল্লা শাখা |
| ২৮। জনাব শাহ-পরি বেগম | কুমিল্লা শাখা |
| ২৯। ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধূরী | নারায়ণগঞ্জ শাখা |
| ৩০। জনাব আফরোজা শাহ্নেওয়াজ | নারায়ণগঞ্জ শাখা |
| ৩১। জনাব জেনিফার জাবিন | নারায়ণগঞ্জ শাখা |
| ৩২। এ্যাড. শাহিদুন আক্তার | নারায়ণগঞ্জ শাখা |
| ৩৩। এ্যাড. আহমেদ আলী | কুষ্টিয়া শাখা |
| ৩৪। চৌধুরী মুরশেদ আলম মধু | কুষ্টিয়া শাখা |
| ৩৫। জনাব বদরুন্নাহার শিউলী | কুষ্টিয়া শাখা |
| ৩৬। এ্যাড. আলী আমজাদ কাদেরী সিপার | পাবনা শাখা |
| ৩৭। আলহাজ্ব মোঃ রফিকুল ইসলাম ওমর | পাবনা শাখা |
| ৩৮। আলহাজ্ব মোঃ ইমরোজ হোসেন | পাবনা শাখা |
| ৩৯। আলহাজ্ব মোঃ সাজ্জাদ প্রমানিক বাচ্চু | পাবনা শাখা |
| ৪০। আলহাজ্ব ইঞ্জি. শাহজামান আহম্মদ | পাবনা শাখা |
| ৪১। জনাব মোঃ ইয়াকুব হোসেন স্বাপন | রংপুর শাখা |
| ৪২। জনাব ফাহিমা ইসলাম | রংপুর শাখা |
| ৪৩। জনাব লাতিনা কাহানা | রংপুর শাখা |
| ৪৪। জনাব ডঃ মঞ্জুরুল কাদির | জামালপুর শাখা |
| ৪৫। জনাব জি.এম. ফারুক | জামালপুর শাখা |
| ৪৬। জনাব অজয় কুমার পাল | জামালপুর শাখা |
| ৪৭। জনাব মুহম্মদ আলী আকবার | টাংগাইল শাখা |
| ৪৮। খন্দকার আনিসুর রহমান | টাংগাইল শাখা |
| ৪৯। জনাব মোছাঃ সাবিহা আক্তার (শিমু) | টাংগাইল শাখা |
| ৫০। সৈয়দ শহিদুল ইসলাম শহিদ | টাংগাইল শাখা |
| ৫১। জনাব ইসরাত জাহান | টাংগাইল শাখা |
| ৫২। জনাব জামাল উদ্দিন ছুটু | ফেনী শাখা |
| ৫৩। জনাব আবুল কালাম আজাদ সেলিম | ফেনী শাখা |
| ৫৪। জনাব ফারুক হোসেন | ফেনী শাখা |
| ৫৫। জনাব মোঃ জাকির হোসেন | ফেনী শাখা |
| ৫৬। জনাব মোঃ আমিনুর রহমান | দিনাজপুর শাখা |
| ৫৭। জনাব আজহারুল আজাদ জুয়েল | দিনাজপুর শাখা |
| ৫৮। জনাব মোঃ সাহিদুর রহমান | দিনাজপুর শাখা |
| ৫৯। জনাব হিমাদ্রি শেখর মহন্ত | দিনাজপুর শাখা |
| ৬০। জনাব মোঃ ইউছুফ মিয়া | পূবাইল শাখা |
| ৬১। জনাব মোঃ জালাল উদ্দিন | পূবাইল শাখা |
| ৬২। জনাব মোঃ হেলাল উদ্দিন | পূবাইল শাখা |
| ৬৩। জনাব নুরজাহান আক্তার | পূবাইল শাখা |
| ৬৪। জনাব মোছাঃ শাহিনুর আক্তার | পূবাইল শাখা |
| ৬৫। অধ্যাপক মোঃ ইসমাইল তপাদার | চাঁদপুর শাখা |
| ৬৬। বীর মুক্তিযোদ্ধা মোঃ মুজিবুর রহমান | চাঁদপুর শাখা |
| ৬৭। জনাব মোঃ সাইদুর রহমান | চাঁদপুর শাখা |
| ৬৮। জনাব মোঃ তাজুল ইসলাম মজুমদার | চাঁদপুর শাখা |
| ৬৯। জনাব মোঃ হাসানুজ্জামান ভূইয়া | চাঁদপুর শাখা |
| ৭০। জনাব আবুল বাশার সাইফুদ্দৌলা | যশোর শাখা |
| ৭১। এ্যাডভোকেট আনিছুর রহমান মুকুল | যশোর শাখা |
| ৭২। জনাব নির্মলা বিশ্বাস | যশোর শাখা |
| ৭৩। জনাব আয়শা সিদ্দিকা | যশোর শাখা |
| ৭৪। কাজী আহম্মদ রফিক | যশোর শাখা |
| ৭৫। জনাব মোছাঃ শামিম আরা বেগম | গাইবান্ধা শাখা |
| ৭৬। জনাব মোঃ আব্দুর রাজ্জাক | গাইবান্ধা শাখা |
| ৭৭। জনাব মোঃ লুৎফর রহমান | গাইবান্ধা শাখা |
| ৭৮। জনাব মোঃ ময়নুল ইসলাম রাজা | গাইবান্ধা শাখা |
| ৭৯। জনাব মাকসুদ আহমেদ শিকদার | রমনা শাখা |
| ৮০। জনাব আলেয়া সুলতানা | রমনা শাখা |
| ৮১। জনাব মোঃ বজলুর রহমান | রমনা শাখা |
| ৮২। ডঃ কাজী এ বি এম ইকবাল | রমনা শাখা |
| ৮৩। জনাব মোঃ মাহবুবুল মুনির | মোহাম্মদপুর শাখা |
| ৮৪। জনাব মুহাম্মদ হোসাইন খান | মোহাম্মদপুর শাখা |
| ৮৫। জনাব মোঃ শহীদুল ইসলাম | মোহাম্মদপুর শাখা |
| ৮৬। জনাব আখতার হোসেন | মোহাম্মদপুর শাখা |
| ৮৭। জনাব কে. এম. শামসুল মুনির | মোহাম্মদপুর শাখা |
| ৮৮। জনাব মোঃ আক্তার হোসেন খান | মধুপুর শাখা |
| ৮৯। জনাব সালাহ্ উদ্দিন আহমেদ সেলিম | মধুপুর শাখা |
| ৯০। জনাব দীলিপ কুমার দে | মধুপুর শাখা |
| ৯১। জনাব মোঃ আরফান আলী | মধুপুর শাখা |
| ৯২। জনাব মোঃ জাহিদুল আলম | মধুপুর শাখা |
| ৯৩। জনাব মোঃ কামাল উদ্দিন | নাগেশ্বরী শাখা |
| ৯৪। জনাব মোঃ নজরুল ইসলাম | আদিতমারী শাখা |
| ৯৫। জনাব অতুল প্রসাদ রায় | আদিতমারী শাখা |
| ৯৬। জনাব মোঃ ছোরত আলী | আদিতমারী শাখা |
| ৯৭। জনাব এ কে এম শামছুল হক | আদিতমারী শাখা |
| ৯৮। জনাব আব্দার রহমান | আদিতমারী শাখা |
| ৯৯। জনাব মোঃ মুসলিম উদ্দিন | সরিষাবাড়ী শাখা |
| ১০০। জনাব মোঃ আবুল হোসেন | সরিষাবাড়ী শাখা |
| ১০১। জনাব মাশুক জান্নাত মহিমা | সরিষাবাড়ী শাখা |
| ১০২। জনাব মোঃ আব্দুল মান্নান মানু | সরিষাবাড়ী শাখা |
| ১০৩। জনাব যোবায়েদুর রহমান মিলন | খিলগাঁও শাখা |
| ১০৪। জনাব মোঃ রফিকুল ইসলাম | খিলগাঁও শাখা |
| ১০৫। জনাব জাহাঙ্গীর আলম খন্দকার | খিলগাঁও শাখা |
| ১০৬। জনাব মোঃ আব্দুস সাত্তার চৌধুরী | খিলগাঁও শাখা |
| ১০৭। জনাব ছিদ্রাতুল মোনতাহা | খিলগাঁও শাখা |
| ১০৮। জনাব সালেহ্ মোহাম্মদ | গেন্ডারিয়া শাখা |
| ১০৯। জনাব আব্দুল কাদির | গেন্ডারিয়া শাখা |
| ১১০। জনাব নাজমা বেগম | গেন্ডারিয়া শাখা |
| ১১১। ডাঃ আব্দুস সেলিম খান | গেন্ডারিয়া শাখা |
| ১১২। জনাব জেসমিন আক্তার নেলী | গেন্ডারিয়া শাখা |
| ১১৩। খন্দকার মিজানুর হোসেন | মানিকগঞ্জ শাখা |
| ১১৪। জনাব শামীমা পারভীন মালা | মানিকগঞ্জ শাখা |
| ১১৫। এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার | ঝালকাঠি শাখা |
| ১১৬। জনাব মোঃ আলমগীর হোসেন | ঝালকাঠি শাখা |
| ১১৭। জনাব লুৎফুন্নেছা | ঝালকাঠি শাখা |

| | |
|---|---|
| ১১৮। জনাব আবদুর রহিম ভূঁইয়া | মুরাদনগর শাখা |
| ১১৯। জনাব মোঃ রুহুল আমিন | মুরাদনগর শাখা |
| ১২০। প্রকৌশলী মোঃ রেজাউল করিম | মুরাদনগর শাখা |
| ১২১। জনাব শামছুন নাহার | মুরাদনগর শাখা |
| ১২২। জনাব আসমা আক্তার | মুরাদনগর শাখা |
| ১২৩। জনাব মোঃ রানা মিয়া | উত্তরা শাখা |
| ১২৪। জনাব আমেনা হক | উত্তরা শাখা |
| ১২৫। জনাব তাহিরা নুর | উত্তরা শাখা |
| ১২৬। জনাব মোঃ মঞ্জুর এলাহী মুকুট | উত্তরা শাখা |
| ১২৭। জনাব মোঃ তারিক মাহমুদ | উত্তরা শাখা |
| ১২৮। ড. সেলিনা আখতার | মাদারীপুর শাখা |
| ১২৯। জনাব মোঃ দেলোয়ার হোসেন মৃধা | মাদারীপুর শাখা |
| ১৩০। জনাব লাভলী আক্তার | মাদারীপুর শাখা |
| ১৩১। জনাব মোয়াজ্জেম হোসেন বাবুল | হাতিবান্ধা শাখা |
| ১৩২। জনাব মোজাফফর হোসেন | হাতিবান্ধা শাখা |
| ১৩৩। জনাব মোঃ আবুল ফজল সরকার | হাতিবান্ধা শাখা |
| ১৩৪। জনাব মোঃ আঃ রহমান | হাতিবান্ধা শাখা |
| ১৩৫। জনাব সাফিকুল ইসলাম | হাতিবান্ধা শাখা |
| ১৩৬। এ্যাডভোকেট মোঃ শহিদুল হক খান (পান্না) | ভান্ডারিয়া শাখা |
| ১৩৭। জনাব রবিতা রানী দে | ভান্ডারিয়া শাখা |
| ১৩৮। জনাব মোঃ মাইনুল হক খান | ভান্ডারিয়া শাখা |
| ১৩৯। জনাব নাজমা বেগম | ভান্ডারিয়া শাখা |
| ১৪০। জনাব অমল চন্দ্র কীর্তনীয়া | ভান্ডারিয়া শাখা |
| ১৪১। জনাব মোঃ রফিকুল ইসলাম | মুক্তাগাছা শাখা |
| ১৪২। জনাব মোঃ আজহারুল ইসলাম | মুক্তাগাছা শাখা |
| ১৪৩। জনাব বাবুল চন্দ্র ধর | মুক্তাগাছা শাখা |
| ১৪৪। জনাব মলয় কুমার চন্দ্র | মুক্তাগাছা শাখা |
| ১৪৫। জনাব মোঃ সাজু মিয়া | চিলমারী শাখা |
| ১৪৬। জনাব মোছাঃ মর্জিনা বেগম | চিলমারী শাখা |
| ১৪৭। জনাব খগেন্দ্রনাথ বর্মণ | চিলমারী শাখা |
| ১৪৮। জনাব মোছাঃ মনোয়ারা বেগম | চিলমারী শাখা |
| ১৪৯। জনাব মোঃ আবু বাদশা | চিলমারী শাখা |
| ১৫০। জনাব নিলুফার সুলতানা | হরিণ সিংহা শাখা |
| ১৫১। জনাব মোছাঃ রেনু বেগম | হরিণ সিংহা শাখা |
| ১৫২। জনাব মোঃ কসির উদ্দিন | হরিণ সিংহা শাখা |
| ১৫৩। জনাব কনকন কুমার | হরিণ সিংহা শাখা |
| ১৫৪। জনাব মোঃ হাফিজুর রহমান | হাতিয়া শাখা |
| ১৫৫। জনাব মোঃ এমদাদুল হক | হাতিয়া শাখা |
| ১৫৬। জনাব মোঃ আদম আলী | হাতিয়া শাখা |
| ১৫৭। জনাব মোছাঃ আমিনা বেগম | হাতিয়া শাখা |
| ১৫৮। জনাব মোঃ লুৎফর রহমান | হাতিয়া শাখা |
| ১৫৯। জনাব মোঃ রেজওয়ান মিয়া | রামচন্দ্রপুর শাখা |
| ১৬০। জনাব মোছাঃ শাহনাজ বেগম শিরিন | রামচন্দ্রপুর শাখা |
| ১৬১। ইঞ্জিনিয়ার মোঃ ফারুক খলিল | রামচন্দ্রপুর শাখা |
| ১৬২। জনাব মোঃ ফুল মিয়া | রামচন্দ্রপুর শাখা |
| ১৬৩। জনাব মোছাঃ শিল্পী বেগম | রামচন্দ্রপুর শাখা |
| ১৬৪। জনাব মোঃ আমিনুল ইসলাম | বাগজানা শাখা |
| ১৬৫। জনাব দীপঙ্কর অধিকারী | বাগজানা শাখা |
| ১৬৬। জনাব মোঃ জোবায়ের হোসেন | বাগজানা শাখা |
| ১৬৭। জনাব ফনি চন্দ্র বর্মন | বাগজানা শাখা |
| ১৬৮। জনাব মহাদেব চন্দ্র বর্মন | বাগজানা শাখা |
| ১৬৯। জনাব মোঃ ইউনুস আলী | পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা |
| ১৭০। জনাব মোঃ নুরুন নবী বুলু | পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা |
| ১৭১। জনাব মোছাঃ মোর্শেদা বেগম | পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা |
| ১৭২। জনাব মোঃ জয়নাল আবেদীন | পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা |
| ১৭৩। জনাব মোঃ সফিকুল আলম | পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা |
| ১৭৪। জনাব মোঃ আমিনুল ইসলাম | বুড়াবুড়ি শাখা কুড়িগ্রাম |
| ১৭৫। বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুল রশিদ | বুড়াবুড়ি শাখা কুড়িগ্রাম |
| ১৭৬। জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক | বুড়াবুড়ি শাখা কুড়িগ্রাম |
| ১৭৭। জনাব মোঃ আব্দুল আজিজ | বুড়াবুড়ি শাখা কুড়িগ্রাম |
| ১৭৮। জনাব মোঃ বাচ্চু মিয়া | বুড়াবুড়ি শাখা কুড়িগ্রাম |
| ১৭৯। জনাব মোঃ সহিদুর রহমান | বজরা শাখা |
| ১৮০। জনাব মোঃ গোলাম বারী | বজরা শাখা |
| ১৮১। জনাব পরেশ চন্দ্র শর্মা | বজরা শাখা |
| ১৮২। জনাব মোঃ মকবুল হোসেন | বজরা শাখা |
| ১৮৩। জনাব মোঃ আবু তালেব মোল্লা | বজরা শাখা |
| ১৮৪। জনাব মোঃ গোলাম মোস্তফা | আউশনারা শাখা |
| ১৮৫। জনাব মোঃ শহিদুল ইসলাম | আউশনারা শাখা |
| ১৮৬। জনাব মোঃ আঃ আজিজ | আউশনারা শাখা |
| ১৮৭। জনাব মোছাঃ আনোয়ারা খাতুন | আউশনারা শাখা |
| ১৮৮। জনাব মোছাঃ ছানোয়ারা বেগম | আউশনারা শাখা |
| ১৮৯। জনাব মোঃ শাঞঃ আলম সরকার মিন্টু | পলাশী ইউনিয়ন শাখা |
| ১৯০। জনাব মোঃ রোফায় আলী | পলাশী ইউনিয়ন শাখা |
| ১৯১। জনাব মোঃ বদিয়ার রহমান | পলাশী ইউনিয়ন শাখা |
| ১৯২। জনাব মোঃ শামিম মিয়া | পলাশী ইউনিয়ন শাখা |
| ১৯৩। জনাব শামছুন নাহার | জয়পুরহাট শাখা |
| ১৯৪। জনাব এ কে আজাদ | জয়পুরহাট শাখা |
| ১৯৫। জনাব মোঃ শিপন মিয়া | জয়পুরহাট শাখা |
| ১৯৬। জনাব মোছাঃ নাজমুন নাহার | জয়পুরহাট শাখা |
| ১৯৭। জনাব মোছাঃ লাভলী বেগম | জয়পুরহাট শাখা |
| ১৯৮। জনাব মোঃ মামুনুর রশীদ | ভিতরবন্দ শাখা নাগেশ্বরী |
| ১৯৯। জনাব মোঃ নুর মোহম্মদ | ভিতরবন্দ শাখা নাগেশ্বরী |
| ২০০। জনাব মোছাঃ রহিমা খাতুন | ভিতরবন্দ শাখা নাগেশ্বরী |
| ২০১। জনাব বিজয় চন্দ্র পাল | ভিতরবন্দ শাখা নাগেশ্বরী |
| ২০২। জনাব আব্দুল কাদের | ভিতরবন্দ শাখা নাগেশ্বরী |
| ২০৩। জনাব মোঃ সেরাজ ডাকুয়া | গলাচিপা শাখা |
| ২০৪। জনাব মুহাম্মদ শামীম | গলাচিপা শাখা |
| ২০৫। জনাব রফিকুল ইসলাম (পহলান) | গলাচিপা শাখা |
| ২০৬। জনাব রফিকুল ইসলাম মোল্লাহ) | গলাচিপা শাখা |
| ২০৭। জনাব শানু সরদার | গলাচিপা শাখা |
| ২০৮। জনাব মোঃ ে তাফাজ্জল হোসেন | ধোপাখালী শাখা |
| ২০৯। জনাব মোঃ জাকির হোসেন | ধোপাখালী শাখা |
| ২১০। জনাব মোঃ রফিকুল ইসলাম | ধোপাখালী শাখা |
| ২১১। জনাব মোঃ রফিকুল ইসলাম | ধোপাখালী শাখা |
| ২১২। জনাব মোঃ কবির হোসেন | হারাগাছা পৌর শাখা |
| ২১৩। জনাব মোঃ সুলতান মিয়া | হারাগাছা পৌর শাখা |
| ২১৪। জনাব মোঃ মাইদুল মিয়া | হারাগাছা পৌর শাখা |
| ২১৫। জনাব মোঃ মির্জা ইকবাল হোসেন | বদলগাছী শাখা |
| ২১৬। জনাব মোঃ হাফিজার রহমান | বদলগাছী শাখা |
| ২১৭। জনাব মোছাঃ সখিনা সিদ্দিক | বদলগাছী শাখা |
| ২১৮। জনাব ডলি আক্তার | বদলগাছী শাখা |
| ২১৯। জনাব আবু রায়হানব | দলগাছী শাখা |
| ২২০। জনাব মোঃ রিজওয়ানুর রহমান (রেজা) | আমবাটী শাখা |
| ২২১। জনাব আখিঁ আক্তার | আমবাটী শাখা |
| ২২২। জনাব মোছাঃ ফরিদা ইয়াসমিন | আমবাটী শাখা |
| ২২৩। জনাব মোছাঃ আকতারা | আমবাটী শাখা |
| ২২৪। জনাব রনজনা রানী দাস | আমবাটী শাখা |
| ২২৫। হাজী মোহাম্মদ শফিকুল ইসলাম | নাগরপুর শাখা |
| ২২৬। জনাব মোঃ শামছুল হক | নাগরপুর শাখা |
| ২২৭। জনাব মোছাঃ বিউটি আক্তার | নাগরপুর শাখা |
| ২২৮। জনাব মোঃ আবুল বাশার | নাগরপুর শাখা |
| ২২৯। জনাব সামসুন্নাহার | নাগরপুর শাখা |
| ২৩০। জনাব গুলসান আরা বেগম | লালবাগ শাখা |
| ২৩১। জনাব ধনঞ্জয় ঘোষ | লালবাগ শাখা |
| ২৩২। জনাব বকুল চন্দ্র মহন্ত | রামপুরা শাখা |
| ২৩৩। জনাব মোহাঃ হান্নান হোসোইন | চাঁপাইনবাবগঞ্জ শাখা |
| ২৩৪। জনাব আল মামুন সিদ্দিকী | রাজবাড়ী শাখা |
| ২৩৫। জনাব মোঃ খলিলুর রহমান | মগরখালী শাখা |

**প্রাতিষ্ঠানিক সদস্য**

| | |
|---|---|
| ২৩৬। জনাব সাহানা আসির মুনির | শহীদ জননী খুরশীদ আরা ফাউন্ডেশন |
| ২৩৭। জনাব মোঃ ফারহান সামী | শহীদ জননী খুরশীদ আরা ফাউন্ডেশন |
| ২৩৮। জনাব নুরুল মনির | শহীদ জননী খুরশীদ আরা ফাউন্ডেশন |
| ২৩৯। জনাব আবুল কাশেম সানি | মেসার্স ফেইথ প্রিন্ট |
| ২৪০। জনাব পূর্ণজয় ব্যানার্জী টিংকু | "মৈত্রী স্কুল" |
| ২৪১। জনাব মোঃ আব্দুর রাজ্জাক | "মৈত্রী স্কুল" |
| ২৪২। জনাব সরফরাজ আহম্মেদ | "মৈত্রী স্কুল" |

# ৫. সাংগঠনিক কার্যক্রম

## ৫.১. সাংগঠনিক সফর সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন:

সুইড বাংলাদেশের মূল লক্ষ্যই হলো- স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনের উন্নয়ন। তারা যাতে ভবিষ্যতে স্বাবলম্বী হয়ে জীবন যাপন করতে পারে – এটাই আমাদের লক্ষ্য। এই লক্ষ্য পূরণে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করতে এ বছর সাংগঠনিক সফরে সুইড বাংলাদেশের সভাপতি ডা. মো. শাহনেওয়াজ চৌধুরী, মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, সাংগঠনিক কমিটির সভাপতি জনাব ইমেলদা হোসেন দীপা, সদস্য-সচিব জনাব মাকসুদ আহমেদ শিকদার, সদস্য জনাব বকুল চন্দ্র মহন্ত, সদস্য জনাব জামাল উদ্দীন ছুট্টু, সদস্য জনাব মো. আব্দুল মান্নান মানু, সদস্য জনাব দীপঙ্কর অধিকারী'র সমন্বয়ে দেশব্যাপী শাখাসমূহ পরিদর্শন করা হয়। ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রোজ শুক্রবার সুইড কুমিল্লা শাখার উদ্যোগে স্থানীয় কুমিল্লা বীরচন্দ্র গণপাঠাগার ও নগর মিলনায়তনে (টাউন হল) প্রাঙ্গনে শাখার বার্ষিক সাধারণ সভা-২০২৫ অনুষ্ঠিত হয়। সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, যুগ্ম মহাসচিব জনাব আবুল কাশেম সানি, সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ শিকদার, জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সুইড কুমিল্লা শাখার সাংগঠনিক সচিব জনাব শাহপরি বেগম অংশগ্রহণ করেন। সুইড কুমিল্লা শাখার মেন্টর জনাব আনোয়ারুল কাদের বাকী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তবর্গ সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সুইড কুমিল্লা শাখার সভাপতি ডাঃ গোলাম শাহজাহান। উল্লেখ্য যে, সুইড বাংলাদেশের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ধর্মসাগর উত্তর পাড়ে অবস্থিত সুইড বাংলাদেশ প্রতিষ্ঠিত স্কুল কার্যক্রম পরিদর্শন করেন। ১ মার্চ ২০২৫ তারিখ রোজ শনিবার সুইড বাংলাদেশ বিজেশ্বর শাখা, ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগে শাখা স্কুলের অভিভাবক, কর্মকর্তা ও শিক্ষকদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় সুইড বাংলাদেশ এর আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ সিকদার, সুইড কেয়ারার্স এসোসিয়েশনে নির্বাহী সচিব ও সুইড বিজেশ্বর শাখা নির্বাহী কমিটির সদস্য জনাব সামছুন নাহার লিপি অংশগ্রহণ করেন। সুইড বিজেশ্বর শাখার অভিভাবকবৃন্দ, সহকারী পরিচালক জনাব সালেহা আক্তার সোমা ও শিক্ষকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সুইড বিজেশ্বর শাখার সভাপতি জনাব মোঃ ফজলে হোসেইন খান। মতবিনিময় সভা, শাখা পরিদর্শন এবং এ পরিদর্শন কালীন সময়ে কেন্দ্রীয় নেতৃবৃন্দ শাখার উদ্দেশ্যে কাযক্রম পরিচালনা সংক্রান্ত সাংগঠনিক উন্নয়ন ও চলমান সক্রিয় শাখা হিসেবে তালিকাভুক্তির অনুমোদিত নীতিমালা, সুইড বাংলাদেশ এর গঠনতান্ত্রিক বিধি বিধান, অধিকার ভিত্তিক জাতিসংঘ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সনদ, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন-২০১৩, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩, এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের মানসিক দক্ষতা উন্নয়নে সনাক্তকরণ ও পরামর্শদান এবং ভাষাগত দক্ষতা উন্নয়ন, জাতীয় প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত শিক্ষা নীতিমালা-২০১৯ এর আলোকে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন স্কুলগুলোর কার্যক্রম ভিত্তিক সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং দিকনের্দেশনা মূলক বক্তব্য উপস্থাপন করেন।

## ৫.২. জুন ২০২৪ থেকে মে ২০২৫ পর্যন্ত সুইড বাংলাদেশের জাতীয় কার্যনির্বাহী কমিটির সভার উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ-

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ১ম | ২৮/০৬/২০২৪ | ১. "সুইড কেয়ারার্স এসোসিয়েশন"কে সুইডের অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে গঠনতন্ত্রে অন্তর্ভুক্তি করা।<br>২. ২৪ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অবহিতকরন।<br>৩. সুইড বাংলাদেশের গঠনতন্ত্রে উল্লেখিত শাখা অনুমোদন সংক্রান্ত ধারা ও পদ্ধতি অনুসরণ করে মান্দা, নওগাঁ শাখা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. মহাসচিব নিজস্ব পারিবারিক তহবিল থেকে পলাশবাড়ি শাখায় ঈদ উল আজহা উপলক্ষে ১০ হাজার টাকা অনুদান প্রদান করায় মহাসচিব মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানানো হয়।<br>৫. NAID-NEPAL AFID-2019 এর অনুকুলে Nepal Investment Bank Ltd-এ সুইড বাংলাদেশের পক্ষ থেকে পূবালী ব্যাংক মগবাজার শাখার মাধ্যমে ৫০ জনের রেজিস্ট্রেশন ফিস বাবদ ভ্যাট ও ট্যাক্স ২,৭৮,০৮৬/- টাকা এবং সময়মতো ভ্যাট ও ট্যাক্স পরিশোধ না করায় জরিমানা বাবদ ৯১,৭৬৮/- টাকা পূবালী ব্যাংকে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| | | ৬. সুইড বাংলাদেশ এর সভাপতি মহোদয় AFID এর তৃতীয় সহ-সভাপতি এবং তার সহযোগী হিসেবে মেন্টর মহোদয় তাইওয়ানের রাজধানী তাইপেতে অনুষ্ঠিতব্য Executive Board Meeting এ যোগদান করবেন।<br>৭. সভায় সর্বসম্মতিক্রমে সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুইয়াকে ৪ ইস্কাটন গার্ডেনস্থ জমির উন্নয়ন বিষয়ে মতামত প্রদানের জন্য এই জমি সংক্রান্ত যাবতীয় দলিল, নামজারি, পার্টনারশিপ চুক্তি, পাওয়ার অফ এটর্নি, মামলার বিবরণ, মামলার প্রতিবাদ সংক্রান্ত প্রমাণ, আপিল, পাওয়ার অফ এটর্নি বাতিল সংক্রান্ত কাগজ, চুক্তি বাতিল সংক্রান্ত কাগজ, যাবতীয় চিঠিপত্রের কপিসহ সব কাগজের এক সেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮. সভায় বিগত দুইড মাসের আর্থিক প্রতিবেদন অনুমোদিত হয়।<br>৯. সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের অগ্রগতির প্রতিবেদন এবং আয় ও ব্যয় সংক্রান্ত একটি প্রতিবেদন উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১০. সুইড বাংলাদেশের একটি প্রতিনিধিদল রেড ক্রিসেন্টের চেয়ারম্যানের সাথে সাক্ষাৎ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১. সাংগঠনিক সাব-কমিটির সভা আহ্বান করে সাংগঠনিক উন্নয়ন এবং শাখা পরিদর্শন সংক্রান্ত একটি সফরসূচি প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২য় | ৩০.০৮.২০২৪ | ১. বিগত ২৮/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির ৭ম নিয়মিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।<br>২. সভায় সর্বসম্মতিক্রমে ৪ নং ইস্কাটন গার্ডেনের জমির বিষয়ে রাজউক থেকে নির্মাণের জন্য ছাড়পত্র নেয়া, একজন দক্ষ এবং অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করে বিদ্যমান যাবতীয় দলিলপত্রের ভিত্তিতে দেশের প্রচলিত আইনের অনুসরণে একটি নির্মাণ নীতিমালা তৈরী করা এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মধ্য থেকে একজনকে বাছাই করে অংশীদারীত্বের ভিত্তিতে একটি প্রতিবন্ধীবান্ধব, একাডেমী প্রতিষ্ঠান নির্মাণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সুইড আলমগীর এম.এ.কবির মিলনায়তন আধুনিকীকরণ ও সংস্কারের বিষয়ে অর্থ সচিব মহোদয় একটি লিখিত প্রস্তাবনা পেশ করবেন। যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানিকে নির্মাণ, ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সাব-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।<br>৪. সভায় সাংগঠনিক উন্নয়ন বিষয়ক কর্মকৌশন অনুমোদিত হয় এবং প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইনের উল্লেখযোগ্য ধারাগুলির উপর ভিত্তি করে আকর্ষণীয় পোস্টার তৈরী করে সারাদেশে ছড়িয়ে দেয়া।<br>৫. সুইড বাংলাদেশ মুন্সিগঞ্জ শাখা সক্রিয় শাখা হিসেবে তালিকাভুক্ত করা হয়।<br>৬. সুইড বাংলাদেশ সিরাজগঞ্জ শাখার নবগঠিত নির্বাহী কমিটি ও ৫ জন কাউন্সিলর এর তালিকা অনুমোদন করা হয়।<br>৭. ৩১ শে অক্টোবর থেকে ৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত AFID এর EBM-এ তাইওয়ানের রাজধানী তাইপেতে অংশগ্রহণের বিষয়টি অনুমোদন করা হয়।<br>৮. ২৫ ডিসেম্বর ২০২৪ বুধবার গঠনতন্ত্র সংশোধন, ৪ নম্বর ইস্কাটন গার্ডেনস্থ ভূমিতে উন্নয়ন কাজ বিষয়ক বিশেষ সাধারণ সভা-২০২৪ এবং জাতীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হবে।<br>৯. ৪ ইস্কাটন গার্ডেন, ঢাকায় তাহেরা হকের নামে যে বিদ্যুৎ সংযোগ আছে তার বকেয়া বিল অর্থ প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করে সংযোগ বিচ্ছিন্ন করা। |

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ৩য় | ২৫.১০.২০২৪ | ১. ৩০/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির ৮ম নিয়মিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।<br>২. মিরপুর শাখার বার্ষিক সাধারণ সভা ও গঠিত কমিটি অনুমোদিত হয়।<br>৩. ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় কাউন্সিলের বিশেষ সাধারণ সভায় গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাব উপস্থাপনের জন্য অনুমোদিত হয়।<br>৪. সাইকোলজিস্ট হাপছা হোসাইন ফারহানার ছুটির বিষয়ে সরকারি বিধিবিধান অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সুইড আলমগীর এম. এ. কবির মিলনায়তনটির আধুনিকায়ন, সৌন্দর্যবর্ধন ও সংস্কারের জন্য ৫ জন (১. যুগ্ম মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপ-আহ্বায়ক; ২. উপদেষ্টা প্রকৌশলী জনাব রেজাউল করিম-সদস্য; ৩. সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ শিকদার-সদস্য; ৪. ক্রীড়া সচিব জনাব মোঃ আব্দুর রাজাক-সদস্য; ৫. নির্বাহী সদস্য জনাব ফকির আবু হাসান মোঃ ইউসুফ সোহেল-সদস্য) সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়।<br>৬. গাড়ি মেরামতের বিষয়টি নির্মাণ-ক্রয়-মেরামত ও রক্ষণাবেক্ষণ সাবকমিটির সদস্যবৃন্দ সিদ্ধান্ত নিয়ে জাতীয় নির্বাহী কমিটির সভায় আলোচনা করবেন।<br>৭. ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখে সুইড দিবস, স্কাউট কার্যক্রম এবং ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখে সুইড মিলনায়তনে বিশেষ সাধারণ সভা, ৭ম তলার বকুলমামুন মাল্টিপারপাস এরিনায় সাংস্কৃতিক প্রতিযোগিতা, মাঠে জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ও স্কাউট কার্যক্রম অনুষ্ঠিত হবে।<br>৮. সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদের নতুন কমিটি গঠন ও ইমাম সাহেব হুজুরের আবাসিক স্থাপনা সম্পর্কিত বিষয় অনুমোদিত হয়। নির্বাহী সদস্য জনাব ফকির আবু হাসান মোঃ ইউসুফ সোহেল ২০ হাজার টাকা, নির্বাহী সদস্য জনাব মির্জা মো: মনসুরুল হক ৫ হাজার টাকা, নির্বাহী সদস্য জনাব আবদুল মান্নান মানু ২ হাজার টাকা এবং অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলন ৫ হাজার টাকা অনুদানের ঘোষণা প্রদানের জন্য তাদের ধন্যবাদ জানানো হয়। |
| ৪র্থ | ২৪.১২.২০২৪ | ১. ২৫/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির ৯ম নিয়মিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।<br>২. সভাপতির পদ শূন্য গৃহীত হওয়ায় কোঅপ্ট এর মাধ্যমে শূন্য পদ পূরণ করার প্রেক্ষিতে পুনর্গঠিত জাতীয় নির্বাহী কমিটির যে রূপরেখা তা নিম্নে উল্লেখ পূর্বক গৃহীত হলো। ১. ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী–সভাপতি, ২. বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম–১ম সহসভাপতি, ৩. এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার–২য় সহসভাপতি, ৪. ড. সেলিনা আখতার–৩য় সহসভাপতি, ৫. জনাব মোঃ আব্দুর রাজ্জাক–৪র্থ সহসভাপতি, ৬. জনাব সালেহ মোহাম্মদ–৫ম সহসভাপতি, ৭. জনাব মোঃ মাহবুবুল মুনির–মহাসচিব, ৮. জনাব ইমেলদা হোসেন দীপা–১ম যুগ্মমহাসচিব, ৯. জনাব আবুল কাশেম সানি–২য় যুগ্মমহাসচিব; ১০. জনাব যোবায়েদুর রহমান মিলন–অর্থ সচিব, ১১. জনাব মোঃ মাকসুদ আহমেদ শিকদার–সাংগঠনিক সচিব, ১২. জনাব বকুল চন্দ্র মহন্ত–প্রচার ও প্রকাশনা সচিব, ১৩. জনাব রাশিদা বেগম– ক্রীড়া সচিব, ১৪. জনাব রাশিদা জেসমিন রোজী–সাংস্কৃতিক সচিব, ১৫. জনাব আব্দুল মান্নান মানু– কল্যাণ ও পুনর্বাসন সচিব, ১৬. জনাব মাহমুদুল হক |

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| | | তাহের–সদস্য, ১৭. বীর মুক্তিযোদ্ধা জনাব ফরিদ আহমেদ ভুইয়া–সদস্য, ১৮. জনাব ফকির আবু হাসান মোহাম্মদ ইউসুফ সোহেল–সদস্য, ১৯. জনাব দিবঙ্কর অধিকারী–সদস্য, ২০. জনাব মোঃ রেজওয়ান মিয়া–সদস্য, ২১. জনাব মির্জা মোঃ মনসুরুল হক–সদস্য, ২২. জনাব আবুল কালাম আজাদ–সদস্য, ২৩. অধ্যাপক মোঃ আখতার হোসেন–সদস্য, ২৪. জনাব শাহাপরি বেগম–সদস্য, ২৫. জনাব মোঃ শাহ আলম সরকার মিন্টু–সদস্য, ২৬. জনাব কল্পনা রায় ভৌমিক–সদস্য, ২৭. জনাব আজহারুল আজাদ জুয়েল–সদস্য।<br>৩. সুইড আলমগীর এম. এ. কবির মিলনায়তনটির আধুনিকায়ন, সৌন্দর্যবর্ধন ও সংস্কারের জন্য প্রতিবেদনের দিক নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের লক্ষ্যে একজন স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার দিয়ে এস্টিমেট করে মোট কত অর্থ ব্যয় হবে তার প্রতিবেদন উপস্থাপন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. ৩১ অক্টোবর ২০২৪ বৃহস্পতিবার থেকে ২ নভেম্বর ২০২৪ শনিবার পর্যন্ত ২৭ তম AFID সম্মেলনের প্রস্তুতি উপলক্ষে AFID Executive Board Meeting তাইওয়ানের রাজধানী তাইপেতে যোগদানের জন্য সুইড বাংলাদেশের প্রতিনিধিদলের মধ্যে ছিলেন মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানি। সভায় উপস্থিত সকলে বিষয়টি অবহিত হয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।<br>৫. সভায় ব্রাহ্মণবাড়িয়ার বিজেশ্বরে একটি শাখা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬. জাতীয় নির্বাহী কমিটির পরবর্তী সভায় গাড়ি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা করা হবে। |
| ৫ম | ২৫/০১/ ২০২৫ | ১. ২৪/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির ১০ম নিয়মিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মেন্টর মহোদয়, অর্থ সচিব ও যুগ্ম-মহাসচিব দ্বয় সম্মিলিতভাবে সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের এডহক কমিটি গঠনের বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ে যোগাযোগ করবেন।<br>২. জাতীয় নির্বাহী কমিটির আগামী সভায় অর্থসচিব মহোদয় সুইড বাংলাদেশের কর্মকর্তা-কর্মচারীদের কর্মপরিধি এবং প্রদত্ত বেতনের তালিকা উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সভায় সুইড সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সম্বলিত পকেট ডায়েরি প্রকাশ করা হবে।<br>৪. "সুইড বাংলাদেশ কর্তৃক সার্টিফিকেট বা সনদপত্র প্রদানের নির্দেশনা" অনুমোদিত হয়।<br>৫. প্রিয়াঙ্কা টেইলার্সের আবেদন বিবেচনা করে তাকে এক মাসের ভাড়া মওকুফ করা হয়, অবশিষ্ট দুই মাসের ভাড়া কিস্তিতে পরিশোধ করবেন।<br>৬. ফিজিওথেরাপিস্ট বীরেন চন্দ্র রাজবংশীর খণ্ডকালীন ফিজিওথেরাপিস্ট হিসেবে আবেদনপত্র বিবেচনা করা সম্ভব নয় ।<br>৭. সাংগঠনিক কমিটি সভায় মিলিত হয়ে সাংগঠনিক সফরসূচি প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>৮. সুইড বাংলাদেশ ঝালকাঠি শাখা পরিচালিত বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের প্রধান শিক্ষক লুৎফুন্নেছার চাকুরির মেয়াদ দুই বছর বৃদ্ধি করা হয়। |

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| | | ৯. সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ ভুইয়া কম্বল বিতরণ ও শাখা উন্নয়নে ৫০ হাজার টাকা সুইড রামচন্দ্রপুর শাখায় অনুদান প্রদান করায় সভায় কৃতজ্ঞতা প্রকাশ করা হয় এবং দানবীর ফরিদ আহমেদ ভুইয়াকে একটি ধন্যবাদ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬ষ্ঠ | ২১/০৩/২০২৫ | ১. ভবিষ্যতে আর্থিক এবং অন্যান্য সকল বিষয়ে গঠনতন্ত্রের নিয়মাবলী সতর্কতার সঙ্গে পালন করা হবে।<br>২. সুইড মেলান্দহ শাখা বিলুপ্তি সংক্রান্ত আবেদন পত্র অনুমোদন করা হয় এবং যে সকল শাখা শুপ্ত অবস্থায় আছে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে চিঠি দিয়ে বিষয়টি জানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>৩. বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপ্যাল শাহ আলম এর মুরাদনগর শাখা থেকে উত্তরা শাখায় সদস্যপদ স্থানান্তর সংক্রান্ত আবেদন পত্র অনুমোদন করা হয়;<br>৪. জনাব মোঃ রুহুল আমিন এর মুরাদনগর শাখা থেকে উত্তরা শাখায় স্থানান্তর সংক্রান্ত আবেদন পত্র অনুমোদন করা হয়;<br>৫. জনাব ইমেলদা হোসেন দীপার উইলস লিটল ফ্লাওয়ার শাখা থেকে রামপুরা শাখায় স্থানান্তর সংক্রান্ত আবেদন পত্র অনুমোদন করা হয়;<br>৬. পলাশবাড়ি কুড়িগ্রাম শাখার আর্থিক সহায়তার আবেদন পত্র অনুমোদন করা হয়;<br>৭. ধামরাই শাখা সক্রিয় করণের আবেদন "সুইড বাংলাদেশের শাখা সমূহের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত এবং চলমান সক্রিয় শাখা হিসেবে তালিকাভুক্তির নীতিমালা" অনুসরণ সাপেক্ষে অনুমোদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;<br>৮. গেন্ডারিয়া শাখার বার্ষিক সাধারণ সভা সময় বৃদ্ধির আবেদন পত্র এবং যে সকল শাখা সময় মতো বার্ষিক সাধারণ সভা আয়োজন করতে পারেনি তাদের ক্ষেত্রেও ১৪ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করার বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৯. ২৪ মে ২০২৫ তারিখে "৪৬তম বার্ষিক সাধারণ সভা ২০২৫" অনুষ্ঠিত হবে।<br>সেদিনই বার্ষিক সাধারণ সভা শেষে "জাতীয় নির্বাহী কমিটির নির্বাচন ২০২৫-২০২৭" অনুষ্ঠিত হবে।<br>সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠানের জন্য ৫ সদস্য বিশিষ্ট নিম্নরূপ নির্বাচন কমিশন গঠিত হয়।<br>জনাব বদরুল মান্নান - আহ্বায়ক<br>জনাব শ্যামলী হোসেন - সদস্য<br>জনাব জেবুন নেসা বেগম জলি - সদস্য<br>জনাব মোঃ রফিকুল ইসলাম - সদস্য<br>ডাঃ আবদুস সেলিম খান - সদস্য<br>১০. ১৩ লক্ষ ৫৭ হাজার ৫২ টাকা বকেয়া ইনকাম ট্যাক্সের ব্যাপারে সভায় উপস্থিত সকলে অবগত হন এবং অর্থ জমা করণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>১১. শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশন থেকে সুইড বাংলাদেশের ৮ টি শাখায় ৭৬,০০০/- টাকা অনুদান বিতরণের জন্য ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>১২. আগামী জাতীয় নির্বাহী কমিটি সভার ফাইল অনলাইন প্রেরণ করার এবং সব কাগজ যার যার হোয়াটস এপ, ইমেইলে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফলে যখন স্ক্রিনে দেখানো হবে। তখন প্রত্যেকে তাদের নিজ নিজ ফোনে এগুলো দেখবেন তাহলে কাগজ প্রয়োজন হবে না। পর্যায়ক্রমে paper less অফিস হবে। |

| সভার নম্বর | সভার তারিখ | উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ |
| --- | --- | --- |
| | | ১৩. জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে সুইড এর কর্মচারীদের জন্য ঈদ বকশিষ হিসেবে ৫০০/- টাকা করে সর্বমোট ১৪,০০০/- টাকা বিতরণের জন্য জমা হয়। এই প্রস্তাব উত্থাপনের জন্য যুগ্মমহাসচিব ইমেলদা হোসে দীপার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা হয়। <br> ১৪. মাননীয় সভাপতি মহোদয় আস্বস্ত করে বলেন যে, সকল কাজে সকল ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করা হবে। <br> ১৫. আগামী এপ্রিল '২৫ মাস থেকে দীপঙ্কর দে তীর্থ কে থেরাপী বিভাগে, ইফরাত হায়দার আফনানকে ক্রীড়া ও সাংস্কৃতিক বিভাগে এবং রাশিদা খাতুন রুম্পাকে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলে রান্না সহযোগী হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। <br> ১৬. জাইকার এলামনাই এসোসিয়েশন প্রকাশিত বার্ষিকীতে লেখা প্রকাশের জন্য উপ পরিচালক জনাব মাহমুদুল হাসানকে প্রশংসা পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |



## ৫.৩ অন্যান্য সভাসমূহ ও কমিটি/সাব কমিটির সভা

জুন ২০২৪ থেকে মে ২০২৫ পর্যন্ত অন্যান্য সভাসমূহ ও জাতীয় কাউন্সিলের বিশেষ সাধারণ সভার সংখ্যা ও সময়।

| ক্র.নং | সাব কমিটি/কমিটি | সভার তারিখ | মোট সভা |
|---|---|---|---|
| ১ | উপদেষ্টা কমিটি | - | - |
| ২ | পরিকল্পনা ও উন্নয়ন কমিটি | - | - |
| ৩ | ম্যানেজমেন্ট কমিটি | ৩০.০১.২০২৫<br>২০.০২.২০২৫ | ২ টি |
| ৪ | অর্থ কমিটি | - | - |
| ৫ | সাংগঠনিক কমিটি | ২৯.০৮.২০২৪<br>১২.০২.২০২৫<br>২২.০৪.২০২৫ | ৩ টি |
| ৬ | প্রচার ও প্রকাশনা কমিটি | ১৯.০৩.২০২৫<br>২০.০৪.২০২৫ | ৩ টি |
| ৭ | ক্রীড়া সাব কমিটি | ২৯.০৮.২০২৪<br>২৮.১০.২০২৪ | ২ টি |
| ৮ | সাংস্কৃতিক সাব কমিটি | ২৯.০৮.২০২৪<br>২৮.১০.২০২৪ | ২ টি |
| ৯ | কল্যাণ ও পুনর্বাসন সাব-কমিটি | ১৯.০৩.২০২৫ | ১ টি |
| ১০ | নির্মাণ, ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সাব-কমিটি | ২০.০৮.২০২৪<br>১১.১০.২০২৪ | ২ টি |
| ১১ | সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশীদ আরা জামে মসজিদ কমিটি | ০৮.০৯.২০২৪ | ১ টি |
| ১২ | সুইড আলমগীর এম.এ কবির মিলনায়তন আধুনিকীকরণ বিষয়ক কমিটি | ১১.১০.২০২৪ | ১ টি |
| ১৩ | ৪নং ইস্কাটন গার্ডেন এর জমিতে উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্তে গঠিত ১ম পরামর্শ সভা | ০৫.১২.২০২৪ | ১ টি |
| ১৪. | সুইড স্কাউট কমিটি | ২৮.১০.২০২৪ | ১ টি |

## ৫.৪ সুইড বাংলাদেশের শাখাসমূহের কার্যক্রম পরিচালনা, চলমান সক্রিয় শাখা হিসেবে তালিকাভুক্তির প্রস্তাবিত নীতিমালায় শাখাসমূহের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং সাংগঠনিক কার্যক্রম উন্নয়ন বিষয়ক কর্মকৌশল পরিকল্পনা (Strategic Plan)

৫.৪.১ শাখায় কমপক্ষে ৫১ জন সাধারণ সদস্য থাকতে হবে। তার মধ্যে অর্ধেকের বেশি প্রতিবন্ধী সন্তানের পিতা, মাতা, দাদা, দাদী, নানা, নানী, পুত্র, কন্যা, নাতি, নাতনি, স্বামী এবং স্ত্রী হতে হবে। যেহেতু সমাজসেবা অধিদপ্তরের রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালায় উল্লেখ আছে, নির্বাহী কমিটির সদস্য সংখ্যার কমপক্ষে দুই তৃতীয়াংশের বেশী সদস্য সাধারণ সদস্য থাকতে হবে। সেইজন্য শাখা পরিচালনায় এই শর্ত প্রযোজ্য হবে।

৫.৪.২ সাধারণ সদস্যদের তালিকা একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। সদস্যভুক্তির তারিখের পরে সদস্য চাঁদার শতকরা ১৫ ভাগ অর্থ তালিকাভুক্ত সদস্যদের নাম, পরিচয়, ঠিকানা ও ফোন নম্বরসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫.৪.৩ সদস্য পদের জন্য আবেদন করা হলে নির্বাহী কমিটির সভায় আলোচনা করে সদস্যপদ দিতে হবে। যদি কাউকে সদস্যপদ না দেয়া হয় তার কারণ উল্লেখ করে এই তথ্য প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।

৫.৪.৪ প্রতি দুই মাস অন্তর নির্বাহী কমিটির সভা আয়োজন করতে হবে।

৫.৪.৫ সভা আয়োজনের কমপক্ষে ৭ দিন পূর্বে সদস্যদের মধ্যে সভার নোটিশ বিতরণ করতে হবে। সভার আলোচ্যসূচি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সভার নোটিশের কপি এবং সভার কার্যবিবরণীর কপি সুইড বাংলাদেশের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। কোন কারণে নির্ধারিত সময়ে সভা আয়োজন করা সম্ভব না হলে তার কারণ ব্যাখ্যা করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। প্রতি সভায় ২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণীসহ কর্ম প্রতিবেদন দাখিল করতে হবে।

৫.৪.৬ প্রতি মাসে কমপক্ষে একটি সচেতনতামূলক, এডভোকেসি ও সোশ্যাল মোবিলাইজেশন বিষয়ক অভিভাবক সমাবেশ, জনপ্রতিনিধি সমাবেশ অথবা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত সেমিনার আয়োজন করতে হবে।

৫.৪.৭ জাতীয় এবং আন্তর্জাতিক দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে এবং তার সচিত্র প্রতিবেদন দুই মাস অন্তর প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫.৪.৮ প্রতিবছর মার্চ মাসের ৩১ তারিখের মধ্যে বার্ষিক সাধারণ সভা আয়োজন করতে হবে। যারা সদস্য চাঁদা পরিশোধ করেছেন কেবলমাত্র তারাই বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য আমন্ত্রণপত্র পাবেন। বার্ষিক সাধারণ সভা আয়োজনের কমপক্ষে ১৫ দিন পূর্বে সাধারণ সভার নোটিশ প্রচার করতে হবে। নোটিশের কপি এবং সাধারণ সভায় নির্ধারিত আলোচ্যসূচিসহ সভার প্রতিবেদন কেন্দ্রীয় কার্যালয়ে পাঠাতে হবে।

৫.৪.৯ প্রতি দুই বছর অন্তর অর্থাৎ বেজোড় বছরের ৩১ শে মার্চের মধ্যে বার্ষিক সাধারণ সভায় কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের বছর নির্বাচনের জন্য বার্ষিক সাধারণ সভার কমপক্ষে ১ মাস পূর্বে নির্বাহী কমিটির সভা আয়োজন করতে হবে। সেখানে নির্বাচন সংক্রান্ত আলোচ্যসূচি অন্তর্ভুক্ত করতে হবে। নির্বাচন কমিশন গঠন করতে হবে। নির্বাচন কমিশন সমিতির সদস্যদের নিয়ে গঠিত হবে। তবে নির্বাচন কমিশনে অন্তর্ভুক্ত সদস্যগণ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না। নির্বাচন কমিশন নির্বাচনী তপশীল ঘোষণা করে নির্বাচন আয়োজন করবেন। বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচিতে এই নির্বাচন প্রক্রিয়ার কথা লিপিবদ্ধ থাকবে। নির্বাচন কমিশন নির্বাচন আয়োজনের যাবতীয় ব্যবস্থা করবেন। কোন পদে একের অধিক প্রার্থী না থাকলে নির্বাচন কমিশন মনোনয়নপত্র বাছাই, প্রত্যাহার ইত্যাদি আনুষঙ্গিক প্রক্রিয়া শেষে বিনা প্রতিদ্বন্দ্বিতায় একক প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করবেন। বার্ষিক সাধারণ সভায় আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা প্রতিবেদন, কর্ম প্রতিবেদন ও বার্ষিক কর্ম পরিকল্পনা উপস্থাপিত হবে।

৫.৪.১০ প্রতিবছর ডিসেম্বর-জানুয়ারী মাসে শাখার মূল্যায়ন প্রক্রিয়া এবং সক্রিয় ও চলমান শাখাসমূহের তালিকাভুক্তির বিষয়ে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হবে। ৩১ শে জানুয়ারির পরে উপর্যুক্ত বিষয়গুলি বিবেচনা করে জাতীয় নির্বাহী কমিটি চলমান এবং সক্রিয় শাখাসমূহের তালিকা প্রণয়ন করবেন এবং ঐ বছর শুধুমাত্র ঐ শাখাসমূহের সাথেই সুইড বাংলাদেশ যাবতীয় যোগাযোগ রক্ষা করবে। পরবর্তীতে যদি কোন শাখা তালিকায় অন্তর্ভুক্ত হতে চায় তাহলে আবেদন করতে হবে। তাদের কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে বিশেষ বিবেচনায় তাদের নাম সক্রিয় শাখা হিসেবে তালিকাভুক্ত করা হবে।

### ৫.৪.১১ সাংগঠনিক কার্যক্রম উন্নয়ন বিষয়ক কর্মকৌশল পরিকল্পনা (Strategic Plan)

**সাংগঠনিক উপকমিটির প্রস্তাবনা ও সুপারিশ**

১৯৭৭ সালের ২৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত SCEMRB- Society for the Care and Education of the Mentally Retarded Bangladesh বা বাংলাদেশ মানসিক প্রতিবন্ধী কল্যাণ ও শিক্ষা সমিতি ১৯৯৮ সালে সাংবিধানিকভাবে SWID- Society for the Welfare of the Intellectually Disabled - Bangladesh সুইড বাংলাদেশ বা বাংলাদেশ বুদ্ধি প্রতিবন্ধী কল্যাণ সমিতি নামে কার্যক্রম অব্যহত রেখেছে।

সারাদেশে এ সংগঠনের কার্যক্রম বিস্তৃত। শুরুতেই Inclusive Education বা একীভূত বা অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ধারণা এবং দর্শন ও লক্ষ্য নিয়ে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মান উন্নয়নে নিম্নলিখিত কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

- প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্তকরণ ও ব্যবস্থা গ্রহণ। – Assessment and Intervention.
- পরামর্শ ও দিক নির্দেশনা। – Counselling and Guidance.
- সর্বস্তরে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের গ্রহণযোগ্যতা ও অভিগম্যতা। – Acceptance and Accessibility of persons with Neurodevelopmental disabilities.
- গণসচেতনতা তৈরী ও উদ্বুদ্ধকরণ। – Creation of awareness and motivation.
- নীতিমালা প্রণয়ন, আইন অনুমোদন ও বাস্তবায়ন। – Policy formulation, Law Enacting and implementation.
- সমন্বিত শিক্ষা ও একীভূত শিক্ষার অবর্তমানে বিশেষ ব্যবস্থায় স্কুল স্থাপন করে বিশেষ শিক্ষা দিয়ে তাদের জীবন মান উন্নয়ন। – In absence of inclusive and integrated education continuing to improve the quality of their life living in establishing special school.
- নরওয়েজিয়ান প্যারেন্ট অর্গানাইজেশন NFPU (বর্তমানে NFU) এর সার্বিক সহযোগিতায় সুইড বাংলাদেশ ২০০০ সাল পর্যন্ত তার কার্যক্রম পরিচালনা করেছে।
- ২০০০ সালে NFPU সুইডের সাথে তাদের কার্যক্রমের চুক্তি মেয়াদ শেষ করে। এর পর সুইড বিগত ২৪ বছর যাবৎ নিজস্ব উদ্যোগে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
- ২০০৯ সালে সরকার প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা প্রণয়ন করে – ২০১৯ সালে ১০ বছর পর আবার সেই নীতিমালা পুনরায় সামান্য রদবদল করে অনুমোদন করে।
- ইতিমধ্যে ২০১৩ সালের অক্টোবর মাসে প্রতিবন্ধী অধিকার সুরক্ষা আইন ২০১৩ এবং একই বছর নভেম্বর মাসে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩ জাতীয় সংসদে আনুমোদিত হয়।
- ২০০৯ সালের আগ পর্যন্ত সুইড তার ব্যবস্থাপনায় সাংগঠনিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি ১৯৭৮ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত ৩২ বছর যাবৎ স্কুল কার্যক্রম পরিচালনা করছে।
- এ সময় পর্যন্ত সরকারি উদ্যোগে কোন প্রতিবন্ধী স্কুল ছিলনা। ১৯৮৪ সালে BPF 'কল্যাণী' ও ২০০৭ সালে বাংলাদেশ সেনাবাহিনীর 'প্রয়াস' ও নৌবাহিনীর স্কুল 'আশার আলো' নামে প্রতিবন্ধী স্কুল পরিচালনা করে আসছে।
- ১৯৯৪ সালে মিরপুর ১৪ নম্বরে জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র NCSE এবং চট্টগ্রামের রৌফাবাদে মানসিক প্রতিবন্ধী বিদ্যালয় ও পুনর্বাসন কেন্দ্র কার্যক্রম চালু করে। যেহেতু বিগত ৩২ বছর স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আর কোন শিক্ষা সহযোগিতা বা শিক্ষা প্রতিষ্ঠান স্কুল ছিলনা – তাই সুইড বাংলাদেশ মানবিক কারণে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে স্কুল কার্যক্রমকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে, সরকারকে সহযোগিতা করেছে।
- সুইড বাংলাদেশের শাখা সমূহ কর্তৃক প্রতিষ্ঠিত বিদ্যালয় গুলিই ছিল সুইড বাংলাদেশের প্রধান কেন্দ্রবিন্দু এবং প্রধান কাজ।
- ২০১০ সালের পর সুইড প্রতিষ্ঠিত ও পরিচালিত স্কুল সমূহ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের (NFDD / JPUF) অধীন ন্যস্ত হয়।
- প্রতিবন্ধী অধিকার আইন ২০১৩ অনুযায়ী ও স্নায়ুবিকাশ প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন-২০১৩ অনুযায়ী মূল ধারার স্কুল গুলিতে প্রতিবন্ধী ব্যক্তিদের ভর্তির অধিকার নিশ্চিত হয়।
- ১৯৭৭ সালে প্রতিষ্ঠার শুরুতেই সুইড বাংলাদেশের সব সময়ই দাবী ছিল অন্তর্ভুক্তিমূলক শিক্ষা, মূল ধারার স্কুলে প্রতিবন্ধী ব্যক্তিদের ভর্তি, গ্রহণযোগ্যতা, অভিগম্যতা, শিক্ষার সুযোগ, সহযোগী পরিবেশ সৃষ্টি,
- সরকার সুইডের ধারণা ও দর্শনলব্ধ বিষয়টি বাস্তবায়নের নিমিত্তে আইন করেছে, ৬৬ হাজার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে এ বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে। PTI ও NAPE এ শিক্ষক প্রশিক্ষণে এ বিষয়ে পাঠ্যসুচিতে অন্তর্ভুক্ত করেছে।

- মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ NAAND গঠন করে ৮০০ কলেজ শিক্ষককে Master Trainer হিসেবে তৈয়ার করেছে।
- তাই শিক্ষা বিষয়ে ও স্কুল পরিচালনায় সুইড বাংলাদেশের কাজ অনেকটা কমে গেছে।
- প্রতিবন্ধী কল্যাণ কার্যক্রমে সুইড অর্জিত প্রজ্ঞা, মেধা ও অভিজ্ঞতাকে কোন গুরুত্ব না দিয়ে সুইড বাংলাদেশ প্রতিষ্ঠিত স্কুলগুলোতেও সুইড বাংলাদেশের কোন দায়িত্ব পালনের সুযোগ সরকার রাখেনি।
- এমতাবস্থায় সুইড বাংলাদেশ তার সাংগঠনিক কর্মকৌশল পরিকল্পনায় দৃষ্টিভঙ্গী পরিবর্তন করে, সরকারি কাজকে সহযোগিতার মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীদের Enrollment বৃদ্ধি ও শিক্ষার মান উন্নয়ন বিষয়ে কাজ করা সহ সংগঠনকে মজবুত করতে পদক্ষেপ নিতে পারে।

**এ লক্ষ্যে ঃ-**

১. সাংগঠনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে সাংগঠনিক নীতি ও গঠনতান্ত্রিক বিধান যথাযথ ভাবে কার্যকর করবে।

২. যে সমস্ত শাখা বিগত ৫ বছর যাবৎ ধারাবাহিকভাবে কোন যোগাযোগ রাখছে না, সুইডের নির্দেশনা অনুসরণ করছে না। সে সব শাখাকে নিষ্ক্রিয় শাখা (Inactive Branch) হিসেবে বিবেচনা করা এবং তারা পুনরায় যোগাযোগ করে সক্রিয় করার অনুরোধ না  জানানো পর্যন্ত তাদের সাথে কোন যোগাযোগ না রাখা।

৩. যে সমস্ত শাখায় ধারাবাহিকভাবে ৩ বছর যাবৎ যোগাযোগ করেনি কোন নির্দেশনাও অনুসরণ করেনি সেসব শাখাকে Dormant বা সুপ্ত শাখা হিসেবে বিবেচনা করে তাদের সাথে সুইড এর পক্ষ থেকে সকল প্রকার যোগাযোগ স্থগিত থাকবে। উক্ত শাখার পক্ষ থেকে যদি আবার যোগাযোগ করা হয়, সক্রিয় হওয়ার আগ্রহ প্রকাশ করা হয় – তবে জাতীয় নির্বাহী কমিটির অনুমোদন ক্রমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪. যে সমস্ত শাখা ২ বছর কোন যোগাযোগ করেনি, সুইড বাংলাদেশের কোন নির্দেশনা অনুসরণ করেনি তাদেরকে সক্রিয় হতে অনুরোধ পত্র দিতে হবে।

৫. যে সমস্ত শাখা ২ বছর যাবৎ হালনাগাদ পর্যন্ত যোগাযোগ রেখেছে – তাদের সাথে সুইড বাংলাদেশের পক্ষ থেকে নিয়মিত যোগাযোগ রাখা হবে। তাদেরকে সুইড এর কার্যক্রমের হাল নাগাদ তথ্য অবহিত করা হবে।

## নিয়মিত শাখা

- যে সমস্ত শাখা প্রতি দুই মাস অন্তর শাখা নির্বাহী কমিটির সভা আয়োজন করে এবং সভার কমপক্ষে ৫ দিন পূর্বে নির্বাহী কমিটির সদস্যদের কাছে সভার নোটিশ পাঠায়, নোটেশে সুস্পষ্টভাবে আলোচ্যসূচি উল্লেখ করে এবং সভার তথ্য প্রধান কার্যালয়ে অবহিত করে –

  - জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করে। সচেতনতা মূলক সভা সমাবেশ আয়োজন করে।
  - স্থানীয় প্রশাসন, জন প্রতিনিধি, সামাজিক ও ধর্মীয় নেতাদের সাথে সুইড বিষয়ে মতবিনিময় ও এডভোকেসি করে।
  - ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে।
  - নিয়মিত সদস্য চাঁদা আদায় করে এবং তালিকাভুক্ত করে সদস্য চাঁদার ১৫% অর্থ তাদের নাম, ঠিকানাসহ সুইড প্রধান কার্যালয়ে পাঠায়।
  - ৩১ ডিসেম্বর পর্যন্ত সদস্য চাঁদা পরিশোধকারীদের নামের তালিকা করে তাদের নিয়ে ৩১ মার্চের মধ্যে শাখার বার্ষিক সাধারণ সভা আয়োজন করে।
  - শাখার বার্ষিক সাধারণ সভার (এজিএম) এর কমপক্ষে এক মাস পূর্বে শাখা নির্বাহী কমিটির সভা আয়োজন করে।
  - সে সভায় এজিএম এর তারিখ, সময় ও স্থান নির্ধারণ করে।
  - সুইড বাংলাদেশের গঠনতন্ত্রে উল্লেখিত আলোচ্যসূচি ঠিক করে এজিএমএর কমপক্ষে ২ সপ্তাহ পূর্বে সদস্যদের কাছে এজিএম-এর নোটিশ প্রদান করে,
  - এজিএম আয়োজনের বিষয়ে সুইড প্রধান কার্যালয়কে অবহিত করে।
  - শাখা এজিএম অনুষ্ঠিত হওয়ার পর অর্থাৎ ৩১ মার্চের ২ সপ্তাহের মধ্যে এজিএমের নোটিশ ও কার্যবিবরণী প্রধান কার্যালয়ে পাঠায়।
  - জাতীয় নির্বাহী কমিটিতে উক্ত শাখা এজিএমের কার্যক্রম অনুমোদিত হয়।
  - প্রতি দুই বছর পর পর সাধারণত বেজোড় বছরে শাখা বার্ষিক সাধারণ সভায় শাখা নির্বাহী কমিটি ও জাতীয় কাউন্সিলের প্রতিনিধি হিসেবে ৩ জন মাতা পিতা পর্যায়ের প্রতিনিধিসহ ৫ জনকে নির্বাচিত করে।

- নির্বাচনী বর্ষে শাখা এজিএমএর এক মাস পূর্বে নির্বাহী কমিটির সভা করে নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজ সহ নির্বাচন কমিশন গঠন করে।
- শাখার বার্ষিক সাধারণ সভা – এজিএম অনুষ্ঠিত হওয়ার পর পরবর্তী দুই সপ্তাহের মধ্যে এজিএম এর কার্যবিবরণী নির্বাচন সংক্রান্ত তথ্যাদি সহ নতুন নির্বাহী কমিটি এবং জাতীয় কাউন্সিলে ৫ জন নির্বাচিত প্রতিনিধির তালিকা প্রেরণ করে।
- জাতীয় নির্বাহী কমিটির সভায় যদি এজিএম এর কার্যবিবরণীসহ নির্বাচন কার্যক্রম অনুমোদিত হয়।

এ সবই সুইড বাংলাদেশের গঠনতন্ত্রে উল্লেখ করা আছে।

**বাস্তবতার নিরিখে বর্তমানে করণীয়**

১. যে সমস্ত শাখা সুইড বাংলাদেশের অনুশাসন ও গঠনতান্ত্রিক রিতি নীতি মেনে চলছে শুধুমাত্র তাদের সাথেই সুইড বাংলাদেশ যোগাযোগ করবে। তাদের সুইডের এজিএম ও সকল কার্যক্রমে আমন্ত্রণ জানানো হবে।

২. সুইডের নিয়মিত শাখার একটি তালিকা থাকবে। এই তালিকা থেকে বছাই করে শ্রেষ্ঠ ৩টি শাখাকে জাতীয় কাউন্সিলে Letter of Excellence এবং সম্মাননা ক্রেস্ট দিয়ে সম্মানিত করা হবে। শ্রেষ্ঠ তালিকা বাছাই করার জন্য সাংগঠনিক সাব-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩. কোন শাখা যদি সুইড বাংলাদেশের প্রতিনিধি দলকে অথবা প্রফেশনালদের তাদের শাখায় পরিদর্শন করতে অনুরোধ জানায় তাহলেই শুধু সেই শাখা পরিদর্শন করবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা সেখানে থাকা ও খাবার এবং অনুষ্ঠানের যাবতীয় ব্যবস্থা করবে।

৪. সুইড বাংলাদেশ কর্তৃপক্ষ শুধুমাত্র যাতায়াতের ব্যবস্থা করবে।

৫. সাধারণ ভাবে সুইড বাংলাদেশ বছরে ১৫ টি অঞ্চলে ১৫ টি মতবিনিময় ও সাংগঠনিক উন্নয়ন বিষয়ক সভা আয়োজন করবে। যে শাখায় এই সভা আয়োজিত হবে সে শাখা সংলগ্ন বিভিন্ন শাখা থেকে সর্বোচ্চ ১০ জন করে প্রতিনিধি উক্ত সভায় যোগদান করবে।

৬. দুই বছর মেয়াদী জাতীয় নির্বাহী কমিটি সম্পূর্ণ মেয়াদে এরকম ৩০ টি সভা আয়োজন করবে।

৭. যেহেতু স্কুল সমূহ এখন আর সুইড এর পরিচালনাধীন নেই, এর আয় ব্যয়ের কোন হিসাবও সুইড এর কাছে আসেনা তাই যে সমস্ত শাখা যোগাযোগ করে না তাদের এলাকার স্কুল সমূহের নিরীক্ষা সুইড করবেনা, সুইড তাদের এ বিষয়ে কোন কিছু অবহিতও করবে না।

৮. যে সমস্ত শাখা সুইড এর সাথে যোগাযোগ রাখে সুইড এর গঠনতন্ত্র মেনে চলে তাদের নিরীক্ষা কার্যক্রম সহ যাবতীয় কাজে সহযোগিতা করবে।

৯. যে সমস্ত শাখা সক্রিয়ভাবে চালু আছে গঠনতান্ত্রিক নিয়ম নীতিও মেনে চলে, কিন্তু তাদের পরিবীক্ষণাধীন কোন স্কুল নেই তাদের কাছে কোন প্রতিবন্ধী শিক্ষার্থী এলে সন্নিকটস্থ প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা বা হাই স্কুল তাকে ভর্তির ব্যবস্থা করবে।

১০. মূল ধারার কোন স্কুল মাদ্রাসায় ভর্তিতে অস্বীকৃতি জানালে – সুইডকে জানাবে সুইড বাংলাদেশ প্রতিবন্ধী অধিকার আইন ২০১৩ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

১১. ১৮ বছর উর্ধ্ব প্রতিবন্ধী ব্যক্তিদের প্রাক কর্মসংস্থান দক্ষতা ও কর্ম সংস্থানের জন্য সুইড এবং স্থানীয় শাখা, সংশ্লিষ্ট এলাকার ভকেশনাল ট্রেনিং স্কুল – TTC, যুব উন্নয়ন অধিদপ্তর, UCEP এর সাথে যোগাযোগ করে তাদের ভর্তির ব্যবস্থা করবে।

১২. দুই বছর মেয়াদের মধ্যে সকল সক্রিয় শাখা পরিদর্শন এর কাজ সমাপ্ত করবে।

# ৬. সচেতনতামূলক ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম

**৬.১. জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং সুইড বাংলাদেশ কর্তৃক অন্যান্য অনুষ্ঠান সমূহ ঃ**

৬.১.১ ১৭ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে সোসাইটি ফর দ্যা ওয়েলফেয়ার অব অটিষ্টিক চিলড্রেন (সোয়াক) কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ-

০৬ মে ২০২৪ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকায় সোসাইটি ফর দ্যা ওয়েলফেয়ার অব অটিষ্টিক চিলড্রেন (সোয়াক) কর্তৃক আঁগারগাও মুক্তিযোদ্ধা জাদুঘর মিলনায়তনে ১৭ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. দীপু মনি এম.পি। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির অংশগ্রহণ করে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

৬.১.২ ২২ মে "আন্তর্জাতিক জীববৈচিত্র দিবস, ২০২৪" উদযাপন উপলক্ষে বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ-

১৭ মে ২০২৪ রোজ শুক্রবার বনভবন, আঁগারগাও ঢাকায় ২২ মে "আন্তর্জাতিক জীববৈচিত্র দিবস, ২০২৪" উদযাপন উপলক্ষে বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের সহকারী শিক্ষক জনাব তৌফিক আহমেদ এর তত্ত্বাবধানে নির্বাচিত এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

৬.১.৩ বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উপলক্ষে আলোচনা সভায় অংশগ্রহণ-

০৫ জুন ২০২৪ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় এসোসিয়েশন অব ডেভেলপমেন্ট এজেন্সিস ইন বাংলাদেশ (এডাব) এর উদ্যোগে জাতীয় প্রেস ক্লাব ঢাকা এর জহুর হোসেন চৌধুরী মিলনায়তনে বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উপলক্ষে আলোচনা এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভার প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় সংসদ সদস্য জনাব শাহিদা তারেখ দীপ্তি অংশগ্রহণ করেন। সভার সভাপতিত্ব করেন এডাব এর ভাইস-চেয়ারপারসন বীর মুক্তিযোদ্ধা মাজেদা শওকত আলী। আলোচকবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক ও মিডিয়া গবেষক জনাব শামীমা চৌধুরী, আরডিসি ও ককাস এর যুগ্ম সম্পাদক ও সমন্বয়ক, আদিবাসী ও সংখ্যালঘু বিষয়ক সংসদীয় ককাস জনাব-জান্নাত এ ফেরদৌসী লাকী এবং সিসিডিবি জলবায়ু পরিবর্তন কর্মসূচীর কর্মসূচী প্রধান জনাব মোঃ ফয়েজ উল্ল্যাহ তালুকদার। সভাটির সঞ্চালনা করেন এডাব এর পরিচালক জনাব মোঃ জসীম উদ্দীন। সুইড বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক কাজী ইভানা ফারজানা অংশগ্রহণ করেন।

৬.১.৪ বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে SWID Bangladesh Scout Group এর আয়োজনে "স্কাউট শোভাযাত্রা ও সিড বল থ্রো অনুষ্ঠান আয়োজন-

৫ জুন ২০২৪ রোজ বুধবার সকাল ১০ টায় বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে SWID Bangladesh Scout Group এর উদ্যোগে ইস্কাটন গার্ডেনস্থ রমনা পার্ক প্রাঙ্গনে "স্কাউট শোভাযাত্রা ও সিড বল থ্রো" অনুষ্ঠানের আয়োজন করা হয়। সুইড ভবন থেকে স্কাউট শোভাযাত্রা শুরু হয়ে ঢাকা রমনা পার্ক উদ্যানে শেষ হয়। সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব ও SWID Bangladesh Scout Group এর সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির, সহ-সভাপতি ও সুইড বাংলাদেশের সাংস্কৃতিক সচিব রাশিদা জেসমিন রোজী, কোষাধ্যক্ষ ও সুইড বাংলাদেশের ভারপ্রাপ্ত পরিচালক জনাব মোঃ মোখলেছুর রহমান, নির্বাহী সচিব মিসেস রোজিনা আক্তার সুমি, স্কাউট লিডার মোঃ রফিকুল আলম খন্দকার, স্কাউট কর্মকর্তা মো: ইকবাল হোসেন, শিক্ষকবৃন্দ ও স্নায়ুবিকাশ প্রতিবন্ধী স্কাউট শিক্ষার্থী , অভিভাবক, কর্মচারীবৃন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। রমনা উদ্যানে সিড বল থ্রো অনুষ্ঠিত হয়। মহাসচিব ও SWID Bangladesh Scout Group এর সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উদযাপন সম্পর্কিত বক্তব্যে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী স্কাউটদের আত্মনির্ভরশীল হয়ে পরিবেশের পরিবর্তনের সাথে ভারসাম্যপূর্ণ ও সুস্থ জীবন-যাপনে উৎসাহিত ও দিক-নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ এর প্রতিপাদ্য ছিল - "ভূমি পুনরুদ্ধার, মরুকরণ ও খরা স্থিতিস্থাপকতা"।

৬.১.৫ বিশ্ব প্রতিবন্ধী দিবস ১৫ মার্চ এর পরিবর্তে ৩ ডিসেম্বর জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপন করার নিমিত্তে মতবিনিময় সভায় অংশগ্রহণ-

১৩ জুন ২০২৪ রোজ বৃহঃস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর উদ্যোগে সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা এর সম্মেলন কক্ষে বিশ্ব প্রতিবন্ধী দিবস ১৫ মার্চ এর পরিবর্তে ৩ ডিসেম্বর জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপন করার নিমিত্তে মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সুইড বাংলাদেশ এর মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন এবং সুইড বাংলাদেশ এর পক্ষে ৩ ডিসেম্বর জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপন করার বিষয়ে গুরুত্ব তুলে ধরে সহমত পোষণ করেন।

৬.১.৬ Accessibility for Everyone, Celebrating Global Accessibility Awareness Day 2024 শীর্ষক অনলাইন জুম সভায় অংশগ্রহণ-

১৬ মে ২০২৪ রোজ বৃহঃস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত Aspire to Innovate (a2i), ICT Division এর যৌথ উদ্যোগে জুম প্লাটফরমে Accessibility for Everyone, Celebrating Global Accessibility Awareness Day 2024 শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সরকারী-বেসরকারী, ডিপিও এবং এনজিও সংস্থাসমূহের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সুইড বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান এবং নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ রফিকুল আলম খন্দকার অংশগ্রহণ করেন।

৬.১.৭ সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সাবেক শিক্ষার্থী হাসান মাহমুদ খান তুষার'র রুহের মাগফিরাত কামনায় মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজন-

৩০ মে ২০২৪ রোজ বৃহস্পতিবার বাদ যোহর সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ প্রাঙ্গনে সুইড বাংলাদেশ মানিকগঞ্জ শাখার জাতীয় কাউন্সিলর, ক্রীড়া বিভাগের উপ-পরিচালক, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ এর ন্যাশনাল কোচ ও এশিয়া প্যাসিফিক ট্রেইনার কাজী বিলকিস বেগম রত্না এবং জনাব মোঃ হায়দার আলী খানের একমাত্র পুত্র সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের সাবেক বিশেষ শিক্ষা প্রাপ্ত শিক্ষার্থী জনাব হাসান মাহমুদ খান তুষারে'র রুহের মাগফিরাত কামনায় মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, জাতীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, মহাসচিব জনাব মো.মাহবুবুল মুনির, সাংস্কৃতিক সচিব মিসেস রাশিদা জেসমিন রোজী, সদস্য মির্জা মো. মনসরুল হক, সকল কর্মকর্তা, শিক্ষক, কর্মচারী ছাড়াও মরহুমের পিতা-মাতা, অস্ট্রেলিয়া প্রবাসী মামা জনাব কাজী মাজহারুল হক, একমাত্র বোন ডাঃ নাবিহা তন্বী ও ভগ্নিপতি প্রকৌশলী মেজবাউর রহমান এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন। উপস্থিত সকলেই মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করে মহান আল্লাহ পাকের নিকট দোয়া প্রার্থনা করেন।

৬.১.৮ সুইড বাংলাদেশ কেয়ারারস এসোসিয়েশনের মতবিনিময় সভা-

৪ জুন ২০২৪ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় সুইড ভবনের ২য় তলায় সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের লেকচার হল রুমে সুইড কেয়ারারস এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য প্রদান করেন সুইড বাংলাদেশের মেন্টর জওয়াহেরুল ইসলাম মামুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশের মহাসচিব ও কেয়ারারস এলায়েন্স বাংলাদেশের সভাপতি মো: মাহবুবুল মুনির। সভাপতিত্ব করেন- এসোসিয়েশনের সভাপতি মিসেস রাশিদা জেসমিন রোজী। সভা সঞ্চালনা করেন এসোসিয়েশনের নির্বাহী সচিব মিসেস শামছুন্নাহার লিপি। আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন এসোসিয়েশনের অর্থ সচিব জনাব মোঃ রফিকুল আলম খন্দকার। অংশগ্রহণকারী সাধারণ সদস্যবৃন্দ তাদের মূল্যবান মতামত প্রদান করেন। সভায় কেয়ারারসদের স্বীকৃতি ও অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আইন প্রণয়নের উপর গুরুত্ব প্রদান করা হয়।

৬.১.৯ বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের ব্যাজ কোর্স বিষয়ক প্রশিক্ষণ আয়োজন-

৬-৮ জুন ২০২৪ তিন দিনব্যাপী বাংলাদেশ স্কাউটস এক্সটেনশন বিভাগ এর উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় সুইড বকুল মামুন মাল্টিপারপাস এরিনায় বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের জন্য ব্যাজ কোর্স বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপের প্রতিষ্ঠাতা ও মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এবং বিশেষ অতিথি হিসেবে সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপের সভাপতি ও সুইড বাংলাদেশের

মহাসচিব জনাব মাহবুবুল মুনির উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউট এর সহকারী প্রশিক্ষক ও এই প্রশিক্ষণ কোর্সের কোর্স লিডার জনাব মোঃ আবু নোমান। কোর্সটি পরিচালনা করেন বাংলাদেশ স্কাউট এর প্রশিক্ষক জনাব মোঃ আতিকুর রহমান। কোর্সে বিভিন্ন স্কাউট গ্রুপ থেকে মোট ৪০ জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন স্কাউট শিক্ষার্থী অংশগ্রহণ অংশগ্রহণ করেন। তিন দিন ব্যাপী অনুষ্ঠিত কোর্সটি মহা তাঁবু জলসা ও সনদ বিতরণের মধ্য দিয়ে সফল সমাপ্তি করা হয়।

৬.১.১০ টেবিল টেনিস প্রশিক্ষণ কর্মশালা আয়োজন-

৮-১৩ তারিখ ২০২৪ তিন দিনব্যাপী সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড বকুল মামুন মাল্টিপারপাস এরিনায় বিভিন্ন শাখার শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে টেবিল টেনিস প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। সভাপতিত্ব করেন নির্বাহী কমিটির ক্রীড়া সচিব জনাব মোঃ আব্দুর রাজ্জাক। প্রশিক্ষণ কার্যক্রমটির প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন জাতীয় টেবিল টেনিস প্রশিক্ষক জনাব গৌতম চন্দ্র দাস। এ সময় সুইড বাংলাদেশ এর পরিচালক, সহকারী পরিচালক মহোদয় ছাড়াও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সঞ্চালনা করেন ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক কর্মকর্তা জনাব ইকবাল হোসেন হিমেল।

৬.১.১১ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য খাদ্য-সামগ্রী বিতরণ অনুষ্ঠান আয়োজন-

৪ জুলাই ২০২৪ তারিখ রোজ সোমবার বিকাল ৪.০০ টা থেকে ৫.০০ টা পর্যন্ত রোটারি ক্লাব অব বারিধারা সেন্ট্রালের উদ্যোগে ও সুইড বাংলাদেশ এর সহযোগিতায় সুইড বকুল মামুন মাল্টি পারপাস এরিনায় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য খাদ্য-সামগ্রী বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সুইড বাংলাদেশের সম্মানিত মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব ও কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ এর সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির, রোটারি ক্লাব অব বারিধারা সেন্ট্রালের কর্মকর্তাবৃন্দ, সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের প্রধান শিক্ষক জনাব মাসুদা খানম কণা, এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রধান শিক্ষক জনাব শিম্মি সামাদ, রোটারিয়ান রহুল আমিন (PHF), তারেক বিন মাকসুদ (PHF), মাহমুদুল হক সাদি (PHF), ফারহানা ফেরদৌস নাইস (AKS), রেজাউল করিম খান, শারমিন সরমি। সঞ্চলনা করেন ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা জনাব মোঃ ইকবাল হোসেন হিমেল।

৬.১.১২ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির নবনির্বাচিত বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ডাঃ এম ইউ কবির চৌধুরী ও অন্যান্য বোর্ড মেম্বারদের সাথে সৌজন্য সাক্ষাৎ ও অভিনন্দন পত্র হস্তান্তর -

৩০ জুলাই ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড এর প্রতিনিধি হিসেবে সহ-সভাপতি এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন সম্মিলিত প্রতিনিধি দল বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির নবনির্বাচিত বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ডাঃ এম ইউ কবির চৌধুরী ও অন্যান্য বোর্ড মেম্বারদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় সুইড বাংলাদেশের পক্ষ থেকে নবনির্বাচিত বোর্ড চেয়ারম্যানকে একটি অভিনন্দন পত্র হস্তান্তর করা হয়। সাক্ষাতকালীন সময়ে মহাসচিব মহোদয় সংক্ষিপ্ত আকারে সুইড বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি সুইড বাংলাদেশের সাথে সমন্বয় করে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কল্যাণমূলক কার্যক্রম করার সুবিধার্থে একটি এম.ও.ইউ (সমঝোতা স্মারক) করার প্রস্তাব করেন। নবনির্বাচিত চেয়ারম্যান মহোদয় বিষয়টি আগ্রহ সহকারে শুনেন এবং পরবর্তীতে কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সম্মতি প্রদান করেন।

৬.১.১৩ বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদযাপন উপলক্ষে একটি প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

২৮ আগস্ট ২০২৪ রোজ বুধবার দুপুর ০২:৩০ ঘটিকায় ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদযাপন উপলক্ষে একটি প্রস্তুতিমূলক সভা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন (Zoom Platform) এ অনুষ্ঠিত হয়। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। মহাসচিব তার বক্তব্যে সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং দিবসটি উপযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য কর্মসূচীতে সুইড বাংলাদেশ এর অংশগ্রহণের বিষয়ে মতামত তুলে ধরেন।

৬.১.১৪ "বিশ্ব প্রতিবন্ধী দিবস' ১৫ মার্চের পরিবর্তে ০৩ ডিসেম্বর 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও জাতীয় প্রতিবন্ধী দিবস' এবং ০২ এপ্রিল 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস, নতুনভাবে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত সুপারিশ/মতামত গ্রহণের লক্ষ্যে মতবিনিময় সভায় অংশগ্রহণ-

০৩ সেপ্টেম্বর ২০২৪ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় 'বিশ্ব প্রতিবন্ধী দিবস' ১৫ মার্চের পরিবর্তে ০৩ ডিসেম্বর 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও জাতীয় প্রতিবন্ধী দিবস' এবং ০২ এপ্রিল 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস, নতুনভাবে

অন্তর্ভুক্তকরণের নিমিত্ত সুপারিশ/মতামত গ্রহণের লক্ষ্যে অনলাইন (Zoom Platform) এ একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: শাহ আলম (যুগ্ম সচিব)। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। তিনি প্রতিবন্ধী ব্যক্তির কেয়াররসদের সার্বিক কল্যানের নিমিত্ত্বে বিশ্ব ওয়ার্ল্ড কেয়ারারস দিবসটির সাথে সঙ্গতি রেখে প্রতিবছর বাংলাদেশেও অত্যন্ত গুরুত্বের সাথে দিবসটি উদযাপন করার বিষয়ে প্রস্তাব করেন।

৬.১.১৫ ১২ রবিউল আউয়াল পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন অনুষ্ঠান আয়োজন-

১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ প্রাঙ্গনে পবিত্র ঈদ-ই- মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ, নাতে রসুল (সাঃ) পরিবেশন, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সাংস্কৃতিক সচিব রাশিদা জেসমিন রোজী , কর্মকর্তা-কর্মচারিবৃন্দ, বিভিন্ন শাখার শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন সুইড গেন্ডারিয়া শাখার প্রধান শিক্ষক ও খতিব মুফতি মাওলানা মোঃ আব্দুর রাজ্জাক, ইমাম হাফেজ মাওলানা মোঃ সামিউল ইসলাম, উইলস লিটল ফ্লাওয়ার শাখার প্রধান শিক্ষক ও মোয়াজ্জিন মাওলানা মোঃ ইয়াকুব আলী।

৬.১.১৬ ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক উপ কমিটির সভায় অংশগ্রহণ-

১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার বিকাল ৪.৩০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয় এর জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে (সুবর্ণ ভবন) ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক উপ কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ আজমুল হক। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে এ বিষয়ে মতামত তুলে ধরেন।

৬.১.১৭ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে র‌্যালি আয়োজন বিষয়ক উপ-কমিটির সভায় অংশগ্রহণ-

১৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ বুধবার বেলা ১১.৩০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয় এর জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে (সুবর্ণ ভবন) ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদযাপন উপলক্ষে র‌্যালি আয়োজন বিষয়ক উপ-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। মহাসচিব তার বক্তব্যে সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং দিবসটি উপযাপন উপলক্ষে আয়োজিত র‌্যালি কর্মসূচীতে সুইড বাংলাদেশ এর অংশগ্রহণের বিষয়ে মতামত তুলে ধরেন।

৬.১.১৮ বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে একটি প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ রবিবার সকাল ১১.৩০ ঘটিকায় বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে সভা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব) জনাব মো: শাহ আলম মহোদয়ের সভাপতিত্বে অনলাইন (Zoom Platform) এ অনুষ্ঠিত হয়। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। মহাসচিব তার বক্তব্যে সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং দিবসটি উপযাপন উপলক্ষে অনুষ্ঠিতব্য কর্মসূচীতে সুইড বাংলাদেশ এর অংশগ্রহণের বিষয়ে মতামত তুলে ধরেন। উল্লেখ্য যে, এনডিডি ট্রাস্ট কর্তৃক আয়োজিত সেরিব্রাল পালসি দিবসটি যথাযথ মর্যাদার সাথে অনুষ্ঠিত হবে যা সর্বস্মতিক্রমে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও সচিব মহোদয় অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন এ বিষয়ে সকলে অবহিত হউন।

৬.১.১৯ ১২ রবিউল আউয়াল পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে রমনা শাখা আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ:

২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় সুইড বাংলাদেশ রমনা শাখার উদ্যোগে স্কুল মাঠ প্রাঙ্গনে ১২ রবিউল আউয়াল পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে এক মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বিভিন্ন শাখার শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ অংশগ্রহণ করেন।

৬.১.২০ সুইড ল্যাবরেটরী মডেল স্কুল আয়োজিত ক্লাশ পার্টি অনুষ্ঠানে অংশগ্রহণ-

৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ সোমবার সকাল ১১.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় ক্লাশ পার্টি অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন, সাংস্কৃতিক সচিব মিসেস রাশেদা জেসমিন রোজী, ভারপ্রাপ্ত পরিচালক জনাব মোঃ মোখলেছুর রহমান, সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী এবং স্কুলের এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সঞ্চালনা করেন সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রধান শিক্ষক মিসেস শিম্মি সামাদ। অনুষ্ঠানে শিক্ষার্থী ও অভিভাবকদের সমন্বয়ে এক মনোমুগ্ধকর ও বর্ণিল সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

৬.১.২১ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে 'উপবৃত্তি ও প্রণোদনা বাছাই উপ-কমিটি'র সভায় অংশগ্রহণ-

০২ অক্টোবর ২০২৪ তারিখ, রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্টের সভাকক্ষে 'উপবৃত্তি ও প্রণোদনা বাছাই উপ-কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব) জনাব মো: শাহ আলম সভায় সভাপতিত্ব করেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহণ করেন।

৬.১.২২ বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস ২০২৪ উদযাপন অনুষ্ঠান-

০৬ অক্টোবর ২০২৪ তারিখ, রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় সুইড অডিটরিয়মে, ৪ ইস্কাটন গার্ডেন, ঢাকায় এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব শারমীন এস মুরশীদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বিজয় কুমার দেবনাথ, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব) জনাব মোঃ রহুল আমিন খান। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশ এর সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ফরিদ আহমেদ ভুঁইয়া, মহাসচিব মোঃ মাহবুবুল মুনির। অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন, সুইড নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন প্রতিবন্ধী সংগঠনের প্রধান, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা এবং এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সিপি শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব) জনাব মোঃ শাহ আলম। আলোচনায় অতিথিবৃন্দ সকল এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের বিভিন্ন সুযোগ-সুবিধা বৃদ্ধির উপর গুরুত্বরোপ করেন। বিশেষ করে প্রধান অতিথি তার বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে দেশের ৫৯৩ টি উপজেলা হাসপাতালে এনডিডি ব্যক্তিদের স্বাস্থ্য সুরক্ষার জন্য এনডিডি কল্যাণ কর্ণার স্থাপনের বিষয়ে আগ্রহ ব্যক্ত ও অতিশীগ্র বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন। আলোচনা পর্ব শেষে প্রধান অতিথি কর্তৃক সেরিব্রাল পালসি বৈশিষ্ট্যসম্পন্ন মেধাবী শিক্ষার্থী ও উদ্যোক্তাদের বিশেষ অনুদান প্রদান করা হয়। সমাপ্তি পর্বে সিপি বৈশিষ্ট্য সম্পন্ন শিশু/ব্যক্তিদের পরিবেশনায় এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৬.১.২৩ ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান ও র‍্যালিতে সুইড বাংলাদেশ এর ব্যান্ড পার্টির অংশগ্রহণ-

১৫ অক্টোবর ২০২৪ তারিখ সকাল ৮.৩০ টায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস ২০২৪" উদযাপন উপলক্ষ্যে ফাউন্ডেশন (সুবর্ণ ভবন) চত্বরে র‍্যালী, আলোচনা সভা, দৃষ্টি প্রতিবন্ধী মেধাবী ছাত্র-ছাত্রীদের সম্মাননা প্রদান, সাদাছড়ি বিতরণ এবং দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব শারমীন এস মুরশিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষ্যে গঠিত র‍্যালি উপ-কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১৫ অক্টোবর ২০২৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত র‍্যালিতে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মহোদয়ের তত্ত্বাবধানে সুইড বাংলাদেশ এর এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের দ্বারা গঠিত ব্যান্ড পার্টি অংশগ্রহণ করে। মহাসচিব মহোদয় এ সময় সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক মহোদয়ের সাথে যৌথভাবে দৃষ্টি প্রতিবন্ধী মেধাবী শিক্ষার্থীদের সম্মাননা সনদপত্র, অনুদান ও সাদাছড়ি বিতরণ করেন। সভাপতিত্ব করেন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বার্ডো এর নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইদুল হক।

৬.১.২৪ 'আন্তর্জাতিক কেয়ারার দিবস ২০২৪' উদযাপন অনুষ্ঠান আয়োজন-

২৯ অক্টোবর ২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার সকাল ৯ঃ৩০ টা থেকে দুপুর ২ঃ০০ টা পর্যন্ত কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ, সিডিডি, ফ্রেন্ডসীপ, তরী ফাউন্ডেসন, সুইড বাংলাদেশ এবং এনডিডি সুরক্ষা ট্রাস্টের যৌথ উদ্যোগে সুইড আলমগীর এম এ কবির মিলনায়তনে 'আন্তর্জাতিক কেয়ারার দিবস ২০২৪' উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১ম পর্বে, র‍্যালী ও মানববন্ধনের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু করা হয়। এরপর মূল পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক ড. আবু সালেহ্ মোস্তফা কামাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ শাহ আলম। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের পরিকল্পনা, উন্নয়ন ও তথ্য প্রযুক্তি বিভাগের পরিচালক জনাব মোঃ আজমুল হক। সম্মানিত আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের উপদেষ্টা ও সিডিডি'র নির্বাহী পরিচালক জনাব এ এইচ এম নোমান খান, উপদেষ্টা ও সুইড বাংলাদেশ এর মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, উপদেষ্টা ও সিএসইডি নির্বাহী পরিচালক জনাব খন্দকার জহুরুল আলম, উপদেষ্টা ও সুইড বাংলাদেশ এর সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমিন রোজী। সভাপতিত্ব করেন কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ এর সম্মানিত সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিবন্ধী প্রতিষ্ঠান বা সংগঠনের নির্বাহী কমিটির উচ্চ পদস্থ প্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবক বা কেয়ারারসগণ অংশগ্রহণ করেন। পরিশেষে কেয়ারারসদের পরিবেশনায় এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপন করা হয়।

৬.১.২৫ ৩ ডিসেম্বর ২০২৪ তারিখ, ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহন-

৬ নভেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার বিকাল ৩ঃ০০ ঘটিকায় ৩ ডিসেম্বর, ২০২৪ তারিখ ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয় সভাকক্ষে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সুইড বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মাহবুবুল মুনির অংশগ্রহণ করেন।

৬.১.২৬ ৩ ডিসেম্বর ২০২৪ তারিখ, ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক কমিটির প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

১৭ নভেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ টায় ৩ ডিসেম্বর, ২০২৪ তারিখ ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কার্যালয়ের সভাকক্ষে সাংস্কৃতিক কমিটির প্রথম প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব মোঃ আজমুল হক (যুগ্ম সচিব)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহণ করে সাংস্কৃতিক অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদান করেন।

৬.১.২৭ ৩ ডিসেম্বর ২০২৪ তারিখ, ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে জুম প্লাটফরমে 'প্রতিবন্ধিতা উত্তরণ মেলা-২০২৪' আয়োজন সংক্রান্ত সভায় অংশগ্রহণ-

১৭ নভেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার বিকাল ৪ঃ০০ ঘটিকায় ৩ ডিসেম্বর, ২০২৪ তারিখ ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ক্যাম্পাসে আগামী ৩-৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ৩ দিনব্যাপী 'প্রতিবন্ধিতা উত্তরণ মেলা-২০২৪ আয়োজন করার লক্ষে জুম প্লাটফরমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.১.২৮ ৩ ডিসেম্বর ২০২৪ তারিখ, ৩৩ তম আন্তর্জাতিক এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন অনুষ্ঠান আয়োজন-

৩ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২ঃ০০ টায় সুইড ভবনের বকুলমামুন মাল্টিপারপাস এরিনায় (৭ম তলা) সুইড বাংলাদেশ এর উদ্যোগে ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে, পতাকা উত্তোলন, বেলুন-ফেস্টুন উড়ানো, শোভাযাত্রা, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশের ১ম যুগ্ম মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপা। বিশেষ অতিথি ছিলেন সুইড বাংলাদেশের ২য় যুগ্মসচিব জনাব আবুল কাশেম সানি এবং প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত। অনুষ্ঠানের উদ্বোধন এবং সভাপতিত্ব করেন সুইড বাংলাদেশের সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমীন রোজী।

মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, জাতীয় নির্বাহী কমিটির সদস্যবৃন্দ শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকবৃন্দের উপস্থিতিতে পতাকা উত্তোলন এবং বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়। স্বাগত বক্তব্য প্রদান করেন সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রধান শিক্ষক মিসেস শিম্মি সামাদ, সুইড উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের প্রধান শিক্ষক মাওলানা মোঃ ইয়াকুব আলী, সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের শিক্ষক জনাব মোঃ শাহাদাৎ হোসেন এবং সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক জনাব আনোয়ার হোসেন। উল্লেখ্য যে, অপারেশন জেনারেশন এর সৌজন্যে প্রাপ্ত গিফ্ট বক্স সমূহ প্রধান অতিথি জনাব ইমেলদা হোসেন দীপার পিতা বীর মুক্তিযোদ্ধা জনাব আনোয়ার হোসেন রতু উপহার হিসেবে সুইড বাংলাদেশে প্রেরণ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল ও সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের শিক্ষার্থীগণ দলীয় নৃত্য ও সঙ্গীত পরিবেশন করেন।

৬.১.২৯ 'প্রতিবন্ধিতা উত্তরণ মেলা-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা ও সাংস্কৃতিক উপকমিটির সভায় অংশগ্রহণ-

২৫ নভেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকায় ৩ ডিসেম্বর, ২০২৪ তারিখ ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ক্যাম্পাসে ফাউন্ডেশনের উদ্যোগে ৩ দিনব্যাপী 'প্রতিবন্ধিতা উত্তরণ মেলা-২০২৪ আয়োজন করার লক্ষে আলোচনা ও সাংস্কৃতিক উপকমিটির সভা অনুষ্ঠিত হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের প্রধান শিক্ষক মিসেস মাসুদা কানম কনা অংশগ্রহণ করেন।

৬.১.৩০ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন আয়োজিত ৩৩ তম আন্তর্জাতিক এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে অংশগ্রহণ-

০৩ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ টায় ৩৩ তম আন্তর্জাতিক এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন অনুষ্ঠান উদযাপন উপলক্ষে সরকারী উদ্যোগে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন চত্বরে আলোচনা সভা, সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতিসংঘ কর্তৃক নির্ধারিত দিবসটির এবারের প্রতিপাদ্যের ভাষান্তর'অন্তর্ভুক্তিমূলক টেকসই ভবিষৎ বিনির্মাণ, বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ'। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা শারমীন এস মুরশিদ, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মোঃ মহিউদ্দিন। অনুষ্ঠানে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সুইড ভোকেশনাল ট্রেনিং স্কুলের প্রধান শিক্ষক কনা সাংস্কৃতিক দল নিয়ে অংশগ্রহণ করেন।

৬.১.৩১ 'প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়ন মেলা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠানে' অংশগ্রহণ-

৩-৫ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ৩৩ তম আন্তর্জাতিক এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে ফাউন্ডেশন চত্বরে 'প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়ন মেলা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা/সচিব/ বিভিন্ন মন্ত্রণালয়সহ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা/আমন্ত্রিত অতিথিবৃন্দ/প্রতিবন্ধী শিশু কিশোর/ব্যক্তিবর্গ ও সাধারণ জনগণ অংশগ্রহণ করেন। সরকারী উদ্যোগে আয়োজিত ৩ দিন ব্যাপী অনুষ্ঠানসমূহে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে সুইড বাংলাদেশ মেলায় স্টল নিয়ে এনডিডি বৈশিষ্ট্য ব্যক্তিদের তৈরী বিভিন্ন উপকরণ প্রদর্শন করেন। সুইড সাংস্কৃতিক দল মেলায় মনোমুগ্ধকর কার্যক্রম উপস্থাপনা করেন।

৬.১.৩২ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন আয়োজিত ৩৩ তম আন্তর্জাতিক ও ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন অনুষ্ঠান আয়োজন-

৩৩ তম আন্তর্জাতিক ও ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক মিরপুরস্থ সুবর্ণ ভবনের মাঠে আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলার আয়োজন করা হয়। আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। সাংস্কৃতিক অনুষ্ঠানে সুইড বাংলাদেশের স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীরা নৃত্য ও সঙ্গীত পরিবেশন করেন। মেলায় সুইড বাংলাদেশের স্টলে হস্তশিল্প সামগ্রী ও প্রতিবন্ধিতা বিষয়ক গ্রন্থ প্রদর্শন ও বিক্রয় করা হচ্ছে। মেলা চলবে ৫ ডিসেম্বর মধ্য রাত পর্যন্ত এদিন সুইড বাংলাদেশের শিক্ষার্থী শিল্পীগণ মনোজ্ঞ ও মনোমুগ্ধকর পরিবেশনায় অংশগ্রহণ করবে।

৬.১.৩৩ মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন-

১৬ ডিসেম্বর, ২০২৪ রোজ সোমবার মহান বিজয় দিবস, বাঙালি জাতির হাজার বছরের শৌর্যবীর্য এবং বীরত্বের এক অবিস্মরণীয় গৌরবময় দিন। বীরের জাতি হিসেবে আত্মপ্রকাশ করার দিন। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন

ভূখন্ডের নাম জানান দেয়ার দিন। এ দিনটিকে প্রতিবছরের ন্যায় এবারও বুদ্ধি প্রতিবন্ধী প্রতিষ্ঠান সুইড বাংলাদেশ এর সার্বিক সহযোগিতায় এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুল ও সুইড ভোকেশনাল ট্রেনিং স্কুল এর যৌথ উদ্যোগে সুইড খেলার মাঠ ও মঞ্চে মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে একটি আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজয় দিবস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, সাংস্কৃতিক সচিব জনাব রাশেদা জেসমীন রোজী, সাংস্কৃতিক সচিব জনাব রাশেদা জেসমীন রোজী  এবং মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন। দিবসটি পালনের শুরুতে আমন্ত্রিত সকল অতিথি এবং সুইড বাংলাদেশের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্যগণ বিজয়ের পতাকা ও সুইড পতাকা উত্তোলন করেন। সকল অতিথিবর্গ দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনায় মহান মুক্তিযুদ্ধ সময়কালীন উল্লেখযাগ্য স্মৃতিচারন ও বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য প্রদান করেন। আলোচনা শেষে সুইড বাংলাদেশ, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড ভোকেশনাল স্কুল এবং সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখার এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সকল শিক্ষার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকবৃন্দ, শিক্ষক-শিক্ষিকামন্ডলী ও শিক্ষার্থীগণ বিজয়ের এ সমাবেশে অংশগ্রহণ করেন।

৬.১.৩৪ ৪৮ তম সুইড দিবস ২০২৪, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ ও ৭ম স্কাউট দিবস ২০২৪ আয়োজন-

২৪ ও ২৫ ডিসেম্বর ২০২৪ রোজ মঙ্গলবার ও বুধবার সুইড প্রাঙ্গন, সুইড মঞ্চে এবং মাঠে সুইড বাংলাদেশ এর ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ ও ৭ম স্কাউট দিবস ২০২৪ আয়োজন করা হয়। এ উপলক্ষে স্নায়বিক বিকাশ জনিত প্রতিবন্ধী শিশুদের জীবন-মান-উন্নয়ন ও মানবাধিকার প্রতিষ্ঠায় 'সুইড বাংলাদেশ' এর শুভানুধ্যায়ী বিভিন্ন সংগঠন থেকে আগত অতিথিবৃন্দ, সুইড বাংলাদেশ এর সকল সদস্য, অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দের অংশগ্রহণে শুভেচ্ছা ও সংহতি বিনিময়সহ জমায়েত, পতাকা উত্তোলন, বেলুন ও ফেস্টুন উড়িয়ে শুভ উদ্বোধন, বর্ণিল শোভাযাত্রা, আলোচনা, এবং জাতীয় ক্রীড়া, সাংস্কৃতিক (চিত্রাঙ্কন, নৃত্য ও সঙ্গীত) প্রতিযোগিতা, স্কাউট ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের মাধ্যমে ২ (দুই) দিনব্যাপী কার্যক্রমের সফল সমাপ্ত হয়। সুইড বাংলাদেশ এর সহ-সভাপতি এবং বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের চেয়ারম্যান প্রিন্সিপাল মোহাম্মদ শাহ আলম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভ উদ্বোধন এবং সভাপতিত্ব করেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় স্বাগত ও শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। বর্তমান সভাপতি ডাঃ মোহাম্মদ শাহনেওয়াজ চৌধুরী, মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, যুগ্ম সচিব মিসেস ইমেলদা হোসেন দীপা, অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলন, সাংস্কৃতিক সচিব জনাব রাশেদা জেসমীন রোজী, প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মোহন্তসহ নির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত থেকে সংহতি প্রকাশ করেন। সুইড বাংলাদেশ এর নির্বাচিত শাখা, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল এবং সুইড ভোকেশনাল স্কুল এর এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সকল শিক্ষার্থীদের পরিবেশনায় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং স্কাউট কার্যক্রমে করে। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকবৃন্দ, শিক্ষক-শিক্ষিকামন্ডলী ও শিক্ষার্থীগণ এ সমাবেশে অংশগ্রহণ করেন।

৬.১.৩৫ 'বাংলা ইশারা ভাষা দিবস' সুষ্ঠভাবে উদযাপনের জন্য একটি প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

১৪ জানুয়ারী ২০২৫ তারিখ, রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে ৭ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ 'বাংলা ইশারা ভাষা দিবস' সুষ্ঠভাবে উদযাপনের জন্য একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ (অতিরিক্ত সচিব)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহন করেন।

৬.১.৩৬ মহিয়সী নারী এবং সুইড বাংলাদেশ এর সাবেক যুগ্ম-মহাসচিব জনাব মমতাজ বেগম বকুল এর ৬ষ্ঠ মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন-

১৯ জানুয়ারী ২০২৫ রোজ রবিবার সুইড বাংলাদেশ এর মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় বাদ যোহর  সাবেক যুগ্ম-মহাসচিব জনাব মমতাজ বেগম বকুল এর ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। অনুষ্ঠানে সুইড প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল এবং ভকেশনাল ট্রেনিং স্কুল, সুইড উইলস শাখা, সুইড মোহাম্মদপুর শাখা, সুইড গেন্ডারিয়া শাখা, সুইড নারায়নগঞ্জ শাখা,  সুইড মিরপুর শাখা, সুইড রমনা শাখার কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক ও শিক্ষিকা,  শিক্ষার্থী এবং অভিভাবকগণ অংশগ্রহন করেন। পরিচালনা করেন সুইড গেন্ডারিয়া বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাওলানা আব্দুর রাজ্জাক, সুইড নারায়ণগঞ্জ বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাওলানা মোঃ ফজলুল আমিন, সুইড উইলস বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক  মাওলানা ইয়াকুব আলী, সুইড শহীদ রত্নগর্ভা খুরশীদ আরা মসজিদের ইমাম ও সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের ধর্মীয় শিক্ষক হাফেজ মাওলানা সামিউল ইসলাম। অংশগ্রহণকারী সকলেই মরহুমার বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে দোয়া করেন।

৬.১.৩৭ 'বাংলা ইশারা ভাষা দিবস' সুষ্ঠভাবে উদযাপনের জন্য একটি প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

২২ জানুয়ারী ২০২৫ তারিখ, রোজ বুধবার বিকাল ৩.০০ টায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে ৭ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ 'বাংলা ইশারা ভাষা দিবস' সুষ্ঠভাবে উদযাপনের জন্য একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহণ করেন।

৬.১.৩৮ বার্ষিক মিলাদ মাহফিল ২০২৫ আয়োজন-

৩০ জানুয়ারী ২০২৫ রোজ রবিবার বাদ যোহর সুইড ভবনের ৭ম তলায় সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশীদ আরা মসজিদে'হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন' এর সৌজন্যে সুইড বাংলাদেশের বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশনের সভাপতি হাজী মাহমুদুল হক তাহের, সুইড বাংলাদেশের মহাসচিব, মেন্টর, জাতীয় নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারী, সুইড শাখাসমূহের শিক্ষক-শিক্ষিকা, নির্বাহী কমিটির সদস্যগণ, অভিভাবক, অতিথিবৃন্দ এবং এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন। মিলাল মাহফিলে সুইড পরিবারের সদস্যবৃন্দের মঙ্গল কামনা করে এবং মরহুম হাজী ছৈয়দ আহম্মদ এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। সুইড আয়োজিত এ বার্ষিক মিলাদ মাহফিল পরিচালনা করেন সুইড গেন্ডারিয়া শাখার প্রধান শিক্ষক মাওলানা আব্দুর রাজ্জাক।

৬.১.৩৯ সুইড ভোকেশনাল ট্রেনিং স্কুল কর্তৃক "পিঠা উৎসব ২০২৫" আয়োজন-

সুইড ৩০ জানুয়ারী ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল সুইড ভোকেশনাল ট্রেনিং স্কুল এর উদ্যোগে সুইড বকুল মামুন মাল্টি পারপারপাস এরিনায় "পিঠা উৎসব ২০২৩"এর আয়োজন করা হয়। অনুষ্ঠানটির শুভ উদ্বোধন করেন এবং্ উপস্থিত ছিলেন মহাসচিব মোঃ মাহবুবুল মনির, মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী, সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম, ১ম যুগ্ম- মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপা, প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত, জাতীয় নির্বাহী কমিটির সদস্য জনাব শাহ আলম সরকার মিন্টু। সুইড ভোকেশনাল ট্রেনিং স্কুলের শিক্ষর্থীবৃন্দ, অভিভাবকগণ বাহরী রকমের পিঠা নিয়ে স্টল সাজিয়ে এ উৎসব অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি আয়োজনের মূল উদ্দেশ্য ছিল এ সকল এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের পিঠার সাথে পরিচিতি, পিঠা বিক্রি ও আর্থিক লেনদেন কৃষ্টি-কালচার এর সাথে সমন্বয় ঘটিয়ে তাদের মননশীলতার উন্নয়ন ঘটানো।

৬.১.৪০ ইশারা ভাষা দিবস' উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

'বাংলা  ২ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ রবিবার বিকাল ৪:০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে ও অনলাইনে ৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে 'বাংলা ইশারা ভাষা দিবস' সুষ্ঠভাবে উদযাপনের লক্ষে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ (অতিরিক্ত সচিব)।

৬.১.৪১ Carers Worldwide এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ড. আনিল কে পাতিল, বাংলাদেশ কেয়ারার এসোসিয়েশন এবং সুইড বাংলাদেশ এর যৌথ উদ্যোগে একটি সমঝোতা চুক্তি সম্পাদন সংক্রান্ত আলোচনা সভা-

৭ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ শুক্রবার দুপুর ১২:০০ টায় Carers Worldwide এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ড. আনিল কে পাতিল, বাংলাদেশে কেয়ারার এসোসিয়েশন এবং সুইড বাংলাদেশ এর যৌথ উদ্যোগে একটি সমঝোতা চুক্তি সম্পাদনের লক্ষে সুইড ভবনের আহমেদ আব্দুর রহমান কনফারেন্স হল রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন, কেয়ারার এলায়েন্সের সভাপতি ও সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, কেয়ারার এ্যালায়েন্সের নির্বাহী সচিব জনাব মোঃ মইনুল ইসলাম, সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সাংস্কৃতিক সচিব মিসেস রাশিদা জেসমিন রোজী, কল্যাণ ও পুনর্বাসন সচিব জনাব মোঃ আব্দুল মান্নান মানু, উপপরিচালক জনাব মাহমুদুল হাসান, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা মোঃ ইকবাল হোসেন ও সুইড বাংলাদেশ জাতীয় কাউন্সিলর মাসুক জান্নাত মহিমা।

৬.১.৪২ সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে 'বসন্ত ও পিঠা উৎসব ২০২৫' আয়োজন-

১৮ ফেব্রুয়ারী ২০২৫ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ টায় সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের উদ্যোগে সুইড প্রাঙ্গণে 'বসন্ত ও পিঠা উৎসব ২০২৩' আয়োজন করা হয়। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন,

মহাসচিব জনাব মো: মাহবুবুল মুনির, যুগ্ম-মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপা, কল্যাণ ও পুনর্বাসন সচিব জনাব আব্দুল মান্নান মানু, খিলগাঁও শাখার নির্বাহী সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম অংশগ্রহণ করে 'বসন্ত ও পিঠা উৎসবের' শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রধান শিক্ষক সিম্মি সামাদ। শিক্ষার্থী ও অভিভাবকের অংশগ্রহণে এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান ও অ্যাপায়নের মধ্য দিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

৬.১.৪৩ '১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৫' উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

১৯ ফেব্রুয়ারী ২০২৩ রোজ বুধবার সকাল ১১:০০ টায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে ১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৫' উদযাপন উপলক্ষে অনলাইন প্লাটফরমে একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়। সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে দিবসটি সর্বাঙ্গীন সুন্দর ও সুষ্ঠভাবে পালনের লক্ষ্যে সকলের সাথে সম্মিলিত মতামত ও পরামর্শ প্রদান করেন।

৬.১.৪৪ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও জাতীয় ভাষা শহীদ দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজন-

২১ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় সুইড বাংলাদেশের আয়োজনে 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত পরিবেশন, সুইড ভবন প্রাঙ্গনে স্থাপিত শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও র‌্যালী এবং সুইড বকুলমামুন মাল্টিপারপাস এরিনায় এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের জন্য এক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পতাকা অর্ধনমিত করে উত্তোলন করেন সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মো: মাহবুবুল মুনির, সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমনি রোজী। অনুষ্ঠানের শুরুতে ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া পরিচালনা করেন সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদের ইমাম এবং সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের ধর্মীয় ও নৈতিক শিক্ষক  হাফেজ মাওলানা মোঃ সামিউল ইসলাম। স্বাগত বক্তব্য দেন মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। সুইড বাংলাদেশের কল্যাণ ও পুনর্বাসন সচিব জনাব আব্দুল মান্নান মানু, সুইড প্রধান কার্যালয় এবং সুইড স্কুল ও কলেজের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবকগণ অংশগ্রহণ করেন।

৬.১.৪৫ সুইড বাংলাদেশ কুমিল্লা শাখার বার্ষিক সাধারণ সভা-২০২৫ এ অংশগ্রহণ-

২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রোজ শুক্রবার বিকাল ৩:০০  টায় সুইড কুমিল্লা শাখার উদ্যোগে স্থানীয় কুমিল্লা বীরচন্দ্র গণপাঠাগার ও নগর মিলনায়তনে (টাউন হল) প্রাঙ্গনে শাখার বার্ষিক সাধারণ সভা-২০২৫ অনুষ্ঠিত হয়। সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন,  মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, যুগ্ম মহাসচিব জনাব আবুল কাশেম সানি, সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ শিকদার, জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সুইড কুমিল্লা শাখার সাংগঠনিক সচিব জনাব শাহপরি বেগম অংশগ্রহণ করেন। সুইড কুমিল্লা শাখার মেন্টর জনাব আনোয়ারুল কাদের বাকী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তবর্গ সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সুইড কুমিল্লা শাখার সভাপতি ডাঃ গোলাম শাহজাহান। উল্লেখ্য যে, সুইড বাংলাদেশের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ধর্মসাগর উত্তর পাড়ে অবস্থিত সুইড বাংলাদেশ প্রতিষ্ঠিত স্কুল কার্যক্রম পরিদর্শন করেন।

৬.১.৪৬ সুইড বাংলাদেশ বিজেশ্বর শাখা, ব্রাহ্মণবাড়িয়া মতবিনিময় সভায় সুইড বাংলাদেশ প্রতিনিধি দলের অংশগ্রহণ-

১ মার্চ ২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১০:৩০ টায় সুইড বাংলাদেশ বিজেশ্বর শাখা, ব্রাহ্মণবাড়িয়ার উদ্যোগে শাখা স্কুলের অভিভাবক, কর্মকর্তা ও শিক্ষকদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় সুইড বাংলাদেশ এর আমন্ত্রিত অতিথি হিসেবে  মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, সাংগঠনিক সচিব জনাব মাকসুদ আহমেদ সিকদার, সুইড কেয়ারার্স এসোসিয়েশনে নির্বাহী সচিব ও সুইড বিজেশ্বর শাখা নির্বাহী কমিটির সদস্য জনাব সামছুন্নাহার লিপি অংশগ্রহণ করেন। সুইড বিজেশ্বর শাখার অভিভাবকবৃন্দ, সহকারী পরিচালক জনাব সালেহা আক্তার সোমা ও শিক্ষকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন সুইড বিজেশ্বর শাখার সভাপতি জনাব মোঃ ফজলে হোসেইন খান।

৬.১.৪৭ ২১ মার্চ ২০২৫ তারিখ ১২ তম জাতীয় ও ২০ তম আন্তর্জাতিক বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

৩ মার্চ ২০২৫ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ টায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে অনলাইনে ২১ মার্চ ২০২৫ তারিখ ১২ তম জাতীয় ও ২০ তম আন্তর্জাতিক বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস উদযাপন উপলক্ষে একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন

করা হয়। সভাপতিত্ব করেন ট্রাস্টের পরিচালক (উপসচিব) মিসেস শাহীনা আক্তার। সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন।

৬.১.৪৮ ১২তম জাতীয় ও ২০তম আন্তর্জাতিক ডাউন সিনড্রোম দিবস

২১ মার্চ ২০২৫ শুক্রবার বিকেল ৩:০০ টায় আবদুর রহমান কনফারেন্স রুমে ১২তম জাতীয় ও ২০তম আন্তর্জাতিক ডাউন সিনড্রোম দিবস উদযাপন উপলক্ষে সুইড বাংলাদেশের উদ্যোগে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুইড বাংলাদেশের সভাপতি ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী। বক্তব্য রাখেন সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানি। এখানে উল্লেখ্য যে, তারা উভয়েই ডাউন সিনড্রোম সন্তানের পিতা। অনুষ্ঠানে সুইড জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

৬.১.৪৯ মহান স্বাধীনতা দিবস ২০২৫ উদযাপন-

২৬ মার্চ ২০২৫ বুধবার মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে সুইড বাংলাদেশ সকাল ৯:০০ টায় সুইড ভবন প্রাঙ্গণে দোয়া প্রার্থনা, পতাকা উত্তোলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। স্বাধীনতা যুদ্ধে বীর শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া প্রার্থনা করেন সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদের ইমাম হাফেজ মাওলানা মোঃ সামিউল ইসলাম। বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সুইড পতাকা উত্তোলন করেন সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমিন রোজী। এসময় সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন ও প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমিন রোজী। অনুষ্ঠান উদ্বোধন ঘোষণা করেন মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে একক সঙ্গীত পরিবেশন করেন, সুইড বাংলাদেশের প্রাক্তন ছাত্র এবং বর্তমানে এসেনশিয়াল ড্রাগস কোম্পানীতে চাকুরীরত জনাব আদনান খান রাজিব এবং সুইড বাংলাদেশের প্রাক্তন ছাত্র ও অফিস সহায়ক মোঃ তারেকুল আলম খন্দকার। একক নৃত্য পরিবেশন করেন সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের শিক্ষার্থী রাশিদা খাতুন রুম্পা, দৈত নৃত্য পরিবেশন করেন সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের শিক্ষার্থী রিমি ও ইব্রাহিম পাপ্পু। আবৃত্তি করেন সুইড বাংলাদেশের প্রাক্তন শিক্ষার্থী ও ফিজিওথেরাপি সহায়ক দীপঙ্কর দে তীর্থ।

৬.১.৫০ জনাব আশরাফ-উদ-দাওলার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল -

১১ এপ্রিল ২০২৫ তারিখ রোজ শুক্রবার বাদ জুমা সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদে সুইড বাংলাদেশের সাবেক সভাপতি, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি, জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত সংগঠক আশরাফ-উদ-দাওলার রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে সুইড বাংলাদেশের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মুহাম্মদ শাহ আলম, সহ-সভাপতি এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার, মহাসচিব মোঃ মাহবুবুল মুনির, সাংগঠনিক সচিব জনাব মোঃ মাকসুদ আহমেদ শিকদার, মেন্টর জওয়াহেরুল ইসলাম মামুন, সুইড কলেজের প্রিন্সিপাল মোঃ নূরুল ইসলাম, সুইড বাংলাদেশের কর্মকর্তা কর্মচারীবৃন্দ ও স্থানীয় মুসুল্লীবৃন্দ উপস্থিত ছিলেন। দোয়া মাহফিল পরিচালনা করেন সুইড গেন্ডারিয়া শাখার প্রধান শিক্ষক ও মসজিদের খতিব মাওলানা মোঃ আব্দুর রাজ্জাক। একই মাহফিলে সুইড রমনা শাখার অর্থ সচিব আলেয়া সুলতানার স্বামী ও স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থী সাদেকা মুসলিম দিশার পিতা জাহেদ মুসলেম এর রুহের মাগফিরাত কামনায়ও দোয়া করা হয়।

৬.১.৫১ বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন-

পহেলা বৈশাখ ১৪৩২/১৪ এপ্রিল ২০২৫ রোজ সোমবার সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড প্রাঙ্গনে বাংলা নববর্ষ ১৪৩২ উপদযাপন উপলক্ষে শোভাযাত্রা, আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বৈশাখী মেলার আয়োজন করা হয়। সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সদস্য, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নববর্ষের অনুষ্ঠানে বিভিন্ন ধরণের রঙিন প্লাকার্ড ও পালকি নিয়ে শোভাযাত্রা অংশগ্রহণ করে। স্বাগত বক্তব্য রাখেন সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, অনুষ্ঠানমালা উদ্বোধন ঘোষণা করেন সভাপতি ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী। সহ-সভাপতি এ্যাড. মাহাবুবার রহমান তালুকদার, যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানি, সাংস্কৃতিক সচিব জনাব রাশিদা জেসমিন রোজী, প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। বর্ণাঢ্য বর্ণিল ও বহুমাত্রিক রূপে সুসজ্জিত আলোকিত মঞ্চে শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা করেন।

৬.১.৫২ ১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২৫-

২২ এপ্রিল-২০২৫ মঙ্গলবার "১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস"। এ বছরের প্রতিপাদ্য 'স্নায়ু বৈচিত্রকে বরণ করি, টেকসই সমাজ গড়ি'। এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর উদ্যোগে ঢাকা ওসমানী মিলনায়তনে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেস্টা মহোদয় প্রধান অতিথি এবং সচিব মহোদয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের নেতৃত্বে সুইড প্রতিনধিদল অংশগ্রহণ করেন।

৬.১.৫৩ ১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস-

২২ এপ্রিল-২০২৫ মঙ্গলবার "১৮ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস"। এ বছরের প্রতিপাদ্য "Advancing Neurodiversity and the UN Sustainable Development Goals (SDGs)"। সুইড বাংলাদেশ এর উদ্যোগে বকুল মামুন মাল্টি পারপাস এরিনায় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী, সভাপতি ও মোঃ মাহবুবুল মুনির, মহাসচিব, মেন্টর জওয়াহেরুল ইসলাম মামুন, যুগ্ম সচিব ইমেলদা হোসেন দীপাসহ জাতীয় নির্বাহী কমিটির অন্যান্য সদস্য উপস্থিত ছিলেন।

## ৬.২. বিষয়ভিত্তিক জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি-

৬.২.১ Initial findings of the joint assessment on inclusion, GBV risk mitigation and gender mainstreaming শীর্ষক অনলাইন সভায় অংশগ্রহণ-

০২ মে ২০২৪ রোজ বৃহঃস্পতিবার বিকাল ২.০০ টায় UNFPA এর উদ্যোগে এ Initial findings of the joint assessment on inclusion, GBV risk mitigation and gender mainstreaming শীর্ষক অনলাইন জুম মিটিং অনুষ্ঠিত হয়। মিটিং এ মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.২.২ "The Current Status of Mental Health in Bangladesh and Strengthening Public-Private Partnerships" শীর্ষক জাতীয় সিম্পোজিয়াম অনুষ্ঠানে অংশগ্রহণ-

১৫ মে ২০২৪ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত Hotel Lakeshore Grand La Vita Hall গুলশান ঢাকায় অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (NCDC), DGHS, বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে এবং কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য প্রোগ্রাম, অউউ ইন্টারন্যাশনালের সহযোগিতায় "The Current Status of Mental Health in Bangladesh and Strengthening Public-Private Partnerships" শীর্ষক জাতীয় সিম্পোজিয়াম অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে সুইড বাংলাদেশ কেয়ারারস এ্যাসোসিয়েশন এর সেক্রিটারী মিসেস শামছুন্নাহার লিপি অংশগ্রহণ করেন।

৬.২.৩ A Capacity Building workshop on-Improving access to evidence –based treatment for depression using Behavioral Activation (BA) in Bangladesh শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ-

১৯ মে ২০২৪ রোজ রবিবার DiaDeM, the ARK Foundation and the Diabetic Association of Bangladesh (BADAS) এর যৌথ উদ্যোগে Hotel Sarina ঢাকায় 'A Capacity Building workshop on-Improving access to evidence –based treatment for depression using Behavioral Activation (BA) in Bangladesh' এর উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। ডায়বেটিস কিভাবে ডিপ্রেশনকে প্রভাবিত করে এ বিষয়ে একটি গবেষনা কার্যক্রম পরিচালনার জন্য সকল সরকারী-বেসরকারী অংশগ্রহণকারীদের নিকট হতে মতামত নেয়া হয়। কর্মশালায় সুইড বাংলাদেশ এর মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক কাজী ইভানা ফারজানা অংশগ্রহণ করেন।

৬.২.৪ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ-

২১ মে ২০২৪ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে' নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ১.৫.১ বাস্তবায়নের নিমিত্ত 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ-এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের আত্মনির্ভরশীলতার পথ প্রশস্তকরণ' শীর্ষক কর্মশালা এনডিডি সুরক্ষা ট্রাস্ট কার্যালয়ে সম্মেলন কক্ষে (সুবর্ণ ভবন), ৯ম তলা, মিরপুর-১৪, ঢাকা)

অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ শাহ আলম। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে সকলের সাথে সম্মিলিত মতামত ও পরামর্শ প্রদান করেন।

৬.২.৫ এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের পরিচর্যার বিষয়ে তাদের পিতা-মাতা ও অভিভাবকদের করণীয় শীর্ষক ওরিয়েন্টেশন" কর্মশালা-

১২ জুন ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০ টা থেকে দুপুর ২ ঘটিকা পর্যন্ত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় সুইড এম এ আলমগীর কবির মিলনায়তনে "এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের পরিচর্যার বিষয়ে তাদের পিতা-মাতা ও অভিভাবকদের করণীয়" শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়। সুইড বাংলাদেশের সভাপতি ও আহমেদ আবদুর রহমান ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ফরিদ আহমেদ ভুইয়া, সহ-সভাপতি ও উইলস লিটল ফ্লাওয়ার স্কুল ম্যানেজিং কমিটির নব-নির্বাচিত সভাপতি বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম এবং সুইড বাংলাদেশের মহাসচিব, কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের সভাপতি ও রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মো: মাহবুবুল মুনির অনুষ্ঠানে আমন্ত্রিত বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সুইড বাংলাদেশের ঢাকাস্থ বিভিন্ন শাখার অভিভাবকবৃন্দসহ বিভিন্ন সংগঠনের ২ শতাধিক কেয়ারার কর্মশালায় যোগদান করেন। কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের মহাসচিব মইনুল ইসলাম কেয়ারারস বিষয়ে ধারণা পত্র উপস্থাপন করেন। বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা: গোপেন কুন্ড, ঢাকা মেডিকেল কলেজের সহযোগী অধ্যাপক ডা: অজন্তা রানী সাহা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের পরিচালক কাজী নূরুল ইসলাম (যুগ্মসচিব), কেয়ারারস কুলসুম আরা বেগম ও পারুল বেগম বক্তব্য রাখেন। এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মো: শাহ আলম কর্মশালায় সভাপতিত্ব করেন।

৬.২.৬ এনডিডি বিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্টদের সমন্বয়ে এনডিডি শিক্ষা বিষয়ক ওরিয়েন্টশন কর্মশালা-

২৬ জুন ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ টায় সুইড বাংলাদেশের সহযোগিতায় ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকার সুইড আলমগীর এম.এ কবির মিলনায়তনে এনডিডি বিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্টদের সমন্বয়ে এনডিডি শিক্ষা বিষয়ক ওরিয়েন্টশন কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি সঞ্চালনা করেন এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: শাহ আলম, আমন্ত্রিত অতিথি হিসেবে সুইড বাংলাদেশের মহাসচিব ও কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের সভাপতি জনাব মো: মাহবুবুল মুনির, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধকতা) জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ (অতিরিক্ত সচিব) উপস্থিত ছিলেন। প্রয়াস বিশেষ শিক্ষা স্কুলের প্রিন্সিপ্যাল আফরোজা হোসেন কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপন করেন। সুইড বাংলাদেশ এর বিভিন্ন শাখার ৫০ জন শিক্ষক এবং অন্যান্য প্রতিষ্ঠানসহ মোট ২০০ জন শিক্ষক এ কর্মশালায় যোগদান করেন।

৬.২.৭ SAVE THE DATE: GBV cluster meeting এ অংশগ্রহণ-

৪ জুলাই ২০২৪ তারিখ রোজ বৃহ:স্পতিবার দুপুর ২.০০ টা - বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত UNFPA এর আয়োজনে অনলাইন প্লাটফরমে SAVE THE DATE: GBV cluster meeting এর নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.২.৮ "Challenges and Opportunities for the Children with Down syndrome in Bangladesh" শীর্ষক মতবিনিময় সভায় অংশগ্রহণ-

৮ জুলাই ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১০:৩০টায় CDD ও Liliane Fonds, Netherlands এর যৌথ উদ্যোগে সিক্স সিজনস হোটেল, ঢাকা গুলশান-২ এ "Challenges and Opportunities for the Children with Down Syndrome in Bangladesh" শীর্ষক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। ইউনিভার্সিটি অফ লিবারেল আর্টস (ULAB) এর সহযোগী অধ্যাপক ড. আহমেদ আবিদ সভা সঞ্চালনা করেন। স্বাগত ভাষণ প্রদান করেন সিডিডির চেয়ারম্যান ও সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন। নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম-সচিব) জনাব মোঃ শাহ আলম সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন Triangulum পরিচালক মিসেস তনুভা হোসেন। আলোচনা পর্বে আমন্ত্রিত অতিথি হিসেবে সুইড বাংলাদেশ এর মহাসচিব জনাব মো: মাহবুবুল মুনির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কমিউনিকেশন ডিসঅর্ডার বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও অধ্যাপক ড. হাকিম আরিফ, সিডিডির পরিচালক জনাব নাজমুল বারী, জাপান বাংলাদেশ ফ্রেন্ডশিপ বাংলাদেশের চেয়ারম্যান অধ্যাপক ড. সরদার এ নাঈম, ডাউন সিনড্রোম প্রতিবন্ধী এস. রাফান রাজ্জাক, দীপ শিখার নির্বাহী

পরিচালক জগদিশ চন্দ্র রায়, ডাউন সিনড্রোম বাংলাদেশের চেয়ারম্যান সরদার এ. রাজ্জাক, সিবিএম গ্লোবাল বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর জনাব মোহাম্মদ জাহিদুর রহমান, হিউমেনিটি এন্ড ইনক্লুশন এর জনাব মোহাম্মদ মুসলিম, ডাউন সিনড্রোম বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীর অভিভাবক জনাব মোঃ আরিফ মাহমুদ, শাহনাজ পারভীন চৌধুরী (লুনা রাজ্জাক), সেভ দ্যা চিলড্রেন ইন বাংলাদেশ এর বিজন চৌধুরী, বাঁচতে শেখা সংগঠনের হিমেল সঞ্জীব কিশু, সাইড সেভার্স ইন্টারন্যাশনাল এর এডভোকেসী ও কমিউনিকেশন কোঅর্ডিনেটর খন্দকার সোহেল রানা, Liliane Fonds এর Oragnizational Development advisor Alodia Santos, Liliane Fonds Gi Advisor, Rehabilitation and CRB Angelique Kester। অনুষ্ঠানের মিডিয়া পার্টনার ছিলেন ঢাকা ট্রিবিউন।

৬.২.৯ প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতি প্রণয়ন/যুগোপযোগীকরণের নিমিত্ত খসড়া নীতিমালা তৈরী করণের জন্য গঠিত কমিটির সভায় অংশগ্রহণ-

১৪ জুলাই ২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে মিরপুর ১৪ সুবর্ণ ভবনে ফাউন্ডেশনের সভাকক্ষে (কক্ষ নং ৮০৩, ৮ম তলা) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতি প্রণয়ন/যুগোপযোগীকরণের নিমিত্ত খসড়া নীতিমালা তৈরী করণের জন্য গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব মোঃ আজমুল হক (যুগ্ম সচিব)। সুইড বাংলাদেশ এর সম্মানিত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এ সভায় অংশগ্রহণ করে গঠনমূলক মতামত প্রদান করেন।

৬.২.১০ "Building a Pipeline of Countries for Assistive Technology Investments in Bangladesh" শীর্ষক সভায় অংশগ্রহণ-

১৬ জুলাই ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টা - দপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত Helen Keller International বাংলাদেশ অফিস এর উদ্যোগে Conference room-5th Floor, Helen Keller International, Address: House 10E, Road 82, Gulshan 2, Dhaka 1212, Bangladesh G Coordination Meeting with Stakeholders under "Building a Pipeline of Countries for Assistive Technology Investments in Bangladesh" project শীর্ষক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় বিশেষ করে নিম্ন বা মধ্যম আয়ের দেশগুলিতে (LMICs) সহায়ক প্রযুক্তির (AT) উচ্চ মাত্রায় অনেক অবদান রাখে। এগুলি বহু-গুণ এবং বেসরকারী এবং সরকারী উভয় ক্ষেত্রেই Fcbj প্রয়োজন। উল্লেখ্য যে, হেলেন কেলার ইন্টারন্যাশনাল হুইলচেয়ার, প্রস্থেটিক্স, লো-ভিশন ডিভাইস এবং শ্রবণযন্ত্রের মতো সহায়ক প্রযুক্তি (AT) অ্যাক্সেস উন্নত করতে বাংলাদেশ সরকারকে সহায়তা করাই এই সভার মূল উদ্দেশ্য। মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। তিনি এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে সহায়ক প্রযুক্তির (AT) ব্যবহারের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরে মতামত প্রদান করেন।

৬.২.১১ ১৩ তম নিপ্পন অ্যাগোনারী-২০২৪ এবং নৃত্য বিষয়ে অবদানের জন্য বিশেষ সম্মাননা শীর্ষক নলেজ শেয়ারিং অনুষ্ঠান আয়োজন-

২২ আগস্ট ২০২৪ তারিখ রোজ বৃহঃস্পতিবার সকাল ১১.০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড ভবনের ৪র্থ তলায় আহমেদ আব্দুর রহমান কনফারেন্স হল রুমে জাপানে অনুষ্ঠিত ১৩ তম নিপ্পন অ্যাগোনারী-২০২৪ এবং নৃত্য বিষয়ে অবদানের জন্য বিশেষ সম্মাননা শীর্ষক একটি নলেজ শেয়ারীং অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর স্কাউট গ্রুপের সম্পাদক মিসেস রোজিনা আক্তার সুমি ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন স্কাউট শিক্ষার্থী রাশিদা খাতুন রুম্পা ১৩ তম নিপ্পন অ্যাগোনারী-২০২৪ অনুষ্ঠানে অংশগ্রহণ এবং সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের সহকারী শিক্ষক ও স্কাউট লিডার 'রেশমী আবেদীন' ২৯ জুন ২০২৪ তারিখ ঝিনাউদহ জেলা শিল্পকলা একাডেমী কর্তৃক নৃত্য বিষয়ে বিশেষ অবদানের জন্য বিশেষ সম্মাননা' সনদ ও পুরুস্কার গ্রহণের উপর তাদের অভিজ্ঞতা, কার্যক্রম প্রভৃতি বিষয়ে সকলকে অবহিত করেন। এ সময় মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম, মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, নির্বাহী কমিটির সদস্যবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

৬.২.১২ Balancing Act Advisory Board সভায় অংশগ্রহণ-

১৭ জুলাই ২০২৪ তারিখ রোজ বুধবার EDT TIME :8.30-10.00 (বাংলাদেশ সময় সন্ধ্যা ৬.৩০ মিনিট থেকে রাত ৮.০০ ঘটিকা) কানাডার Queen's University এর উদ্যোগে 'Balancing Act: Learning from global examples of effective supports for pepole with disabilities and their families' শীর্ষক প্রকল্পের

১ম Balancing Act Advisory Board সভা অনলাইন প্লাটফরমে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, সুইড বাংলাদেশ এর সম্মানিত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় এই প্রকল্পের একজন নির্বাচিত Advisory Board সদস্য হিসেবে ১ম বোর্ড সভায় অংশগ্রহণ করে সকল সদস্যদের সাথে পরিচিত, সৌজন্য ও শুভেচ্ছা বিনিময় করেন। তিনি একজন প্রতিবন্ধী সন্তানের অভিভাবক হিসেবে প্রতিবন্ধিতা বিষয়ে তার সম্পৃক্তা অত্যন্ত গভীর এবং একই সাথে সুইড বাংলাদেশ এর কার্যক্রম সহ সভার বিভিন্ন বিষয়ভিত্তিক মূল্যবান মতামত প্রদান করেন। সভায় মহাসচিব মহোদয়ের পরামর্শ দাতা হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, তথ্যকেন্দ্রিক সহযোগিতায় সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান এবং টেকনিক্যাল সহযোগিতায় নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ রফিকুল ইসলাম খন্দকার উপস্থিত ছিলেন।

৬.২.১৩ Disability Alliance on SDGs শীর্ষক সভায় অংশগ্রহণ-

১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত সাইটসেভার এর উদ্যোগে হোটেল প্লাটিনাম গ্রান্ড বনানী ঢাকায় Disability Alliance on SDGs শীর্ষক এক সভার আয়োজন করা হয়। সভায় মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে সুইড কলেজের লেকচারার কাজী ইভানা ফারজানা অংশগ্রহণ করেন। সভায় Review on SDGs (Mid-term), Disability Budget, AOB বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনা, র‌্যাপিং আপ করা হয়।

৬.২.১৪ Athlete leadership training program এ অংশগ্রহণ-

১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের উদ্যোগে SO Conference Room, ঢাকায় Athlete leadership training program এর আয়োজন করা হয়। program এ সুইড বাংলাদেশ এর শিক্ষক মিসেস রোজিনা আক্তার সুমির তত্ত্বাবধানে ৫ (পাঁচ) জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

৬.২.১৫ Health messengers training program এ অংশগ্রহণ-

১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের উদ্যোগে SO Conference Room, ঢাকায় Health messengers training program এর আয়োজন করা হয়। program এ সুইড বাংলাদেশ এর শিক্ষক মিসেস রোজিনা আক্তার সুমির তত্ত্বাবধানে ৬ (ছয়) জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

৬.২.১৬ 2nd Balancing Act Advisory Board সভায় অংশগ্রহণ-

২০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ রবিবার সন্ধ্যা ৭.৩০ টা থেকে ৯.০০ টা পর্যন্ত (বাংলাদেশ সময়) কানাডার Queen's University এর উদ্যোগে ‘Balancing Act: Learning from global examples of effective supports for pepole with disabilities and their families’ শীর্ষক প্রকল্পের ২য় Balancing Act Advisory Board সভা অনলাইন প্লাটফরমে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, সুইড বাংলাদেশ এর সম্মানিত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় এই প্রকল্পের একজন নির্বাচিত Advisory Board সদস্য হিসেবে ২য় বোর্ড সভায় অংশগ্রহণ করে সকল সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তিনি একজন প্রতিবন্ধী সন্তানের অভিভাবক হিসেবে প্রতিবন্ধিতা বিষয়ে তার সম্পৃক্তা অত্যন্ত গভীর এবং একই সাথে সুইড বাংলাদেশ এর কার্যক্রম সহ সভার বিভিন্ন বিষয়ভিত্তিক মূল্যবান মতামত প্রদান করেন। সভায় মহাসচিব মহোদয়ের পরামর্শ দাতা হিসেবে মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, তথ্যকেন্দ্রিক সহযোগিতায় সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান এবং টেকনিক্যাল সহযোগিতায় নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ রফিকুল আলম খন্দকার উপস্থিত ছিলেন।

৬.২.১৭ National GBV (Gender Based Violence) Cluster Meeting এ অংশগ্রহণ-

২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ বৃহঃস্পতিবার সকাল ১০.০০ টায় UNFPA এবং Oxfam এর যৌথ উদ্যোগে মহিলা অধিদফতরের মাল্টিপারপাস হল রুমে (৪র্থ তলা) National GBV (Gender Based Violence) Cluster Meeting’ শীর্ষক একটি সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে মহিলা অধিদফতরের মহাপরিচালক মিসেস কেয়া খান এবং বিশেষ অতিথি হিসেবে মহিলা ও শিশু মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব প্রকাশ রায় চৌধুরী অংশগ্রহণ করেন। মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় এবং সহোযোগী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। সভায় Situation overview and update on GBV response of Cyclone Remal and Eastern flash flood districts, Overview of support provided to women, girls and other vulnerable groups এর উপর পেপার উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়। মহাসচিব মহোদয় GBV (Gender Based Violence) Cluster এ প্রতিবন্ধী সুরক্ষা আইন ২০১৩ এবং এনডিডি

সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩ এর আলোকে প্রতিবন্ধী ব্যক্তিদের সংকটকালে জেন্ডার-ভিত্তিক সংহিংসতার শিকার সারভাইভারকে সহযোগিতা করার বিষয়ে আইনগুলোর ধারায় যে সকল নির্দেশনা প্রদান করা আছে তা যথাযথভাবে অন্তর্ভুক্তিকরণের উপর ক্লাস্টার কর্তৃপক্ষকে গুরুত্ব দিতে বলেন।

৬.২.১৮ The Social Protection Framework for Persons with Disabilities শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ-

২৩ অক্টোবর ২০২৪ তারিখ, রোজ বুধবার সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত Sightsaver GesUNDP'র যৌথ উদ্যোগে ঢাকা আঁগারগাও এ অবস্থিত BICC সম্মেলন কেন্দ্রের Media Bazar হল রুমে The Social Protection Framework for Persons with Disabilities শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার Keynote উপস্থাপন করেন UNDP'র SSPS Program এ কর্মরত কর্মকর্তা জনাব আমিনুল আরেফীন। অংশগ্রহণকারীগণ থিমেটিক গ্রুপে বিভক্ত হয়ে Social Allowance, Inclusive Education, Accessibility, Human Developemnt (Digital divide, training, skilss etc.), Disability inclusive DRR, Labour and Livelihood, Identification Ges Inclusive Transporation এর উপর মতামত উপস্থাপন করেন। কর্মশালার Summary Reflections উপস্থাপন করেন সিডিডি'র নির্বাহী পরিচালক জনাব এএইচএম নোমান খান। প্যানেল আলোচকবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন ডব্লিউডিডিএফ এর নির্বাহী পরিচালক মিসেস আশরাফুন্নাহার মিষ্টি, সিএসআইডি এর নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম, ডিসএ্যাবিলিটি রাইটস এ্যাকটিভিস্ট এর ভাস্কর ভট্রাচার্য্য, ইকুয়াল বাংলাদেশ ক্যাম্পেইন এর চেয়ার মিসেস নাসিমা আক্তার, বার্ডো এর নির্বাহী পরিচালক জনাব সাইদুল আক্তার এবং ডিসএ্যাবল্ড ওয়েলফেয়ার সোসাইটির মিসেস মরজিনা আহমেদ। ডিসএ্যাবিলিটি বাজেট এর উপর সেশন উপস্থাপন করেন সিপিডি এর রিসার্স ফেলো জনাব তৌফিকুল ইসলাম খান এবং সাইটসেভার এর ক্যাম্পেইন অ্যাডভাইজার জনাব অয়ন দেবনাথ। কর্মশালায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় দিকনির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন এবং তার সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.২.১৯ AFID Executive Board Meeting এ অংশগ্রহণ-

৩১ অক্টোবর ২০২৪ থেকে ২ নভেম্বর ২০২৪ (বৃহঃস্পতিবার- শনিবার) পর্যন্ত AFID এর উদ্যোগে তাইওয়ানের রাজধানী তাইপেতে অবস্থিত ন্যাশনাল তাইওয়ান নরমাল ইউনিভার্সিটির Howard Civil Service International House (Room 227, Bao-Ai Building, তে ২৭ তম অ্যাফিড সম্মেলন আয়োজন সম্পর্কিত AFID Executive Board এর নিয়মিত সভার আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন AFID এর বর্তমান সভাপতি Professor Li-Yu HUNG। সুইড বাংলাদেশ AFID Executive Board এর 'Member-At-Large' সদস্য হিসেবে সুইডের পক্ষ থেকে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন এবং যুগ্ম-মহাসচিব জনাব মোঃ আবুল কাশেম সানি অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, সুইড বাংলাদেশ এর সভাপতি এবং AFID Executive Board এর Vice President বীর মুক্তিযোদ্ধা জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া অসুস্থতাজনিত কারণে ২৭ তম অ্যাফিড সম্মেলনের ১ম Executive Board Meeting এ উপস্থিত থাকতে পারেননি। অংশগ্রহণকারী সকল সদস্য দ্রুত তাঁর সুস্থতা কামনা করেন। বোর্ড সভায় অ্যাফিড কন্সটিটিউশন, সদস্য রাষ্ট্র সম্প্রসারণ, ২০২৫ এ অনুষ্ঠিত অ্যাফিড সম্মেলন এর প্রস্তুতি (theme, date, websites, https://afidtw.org/2025/include/index.php, Topics for Call for paper , Song of 27th AFID 2025, "Difference yet alike"), অ্যাফিড এর অফিসিয়াল ওয়েবসাইট পরিচিতি, অনারারি বোর্ড মেম্বার অন্তর্ভূক্তি, সদস্য ফি, কনফারেন্স রেজিস্ট্রেশন ফি প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৬.২.২০ 'Strengthening coordination to prioritize needs of adolescents and youth and address harmful practices including child marriage' শীর্ষক মতবিনিময় সভায় অংশগ্রহণ-

৬ নভেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার দুপুর ২:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত UNFPA এবং মহিলা অধিদপ্তরের এর যৌথ উদ্যোগে অধিদপ্তরের মাল্টিপারপাস হল রুমে ন্যাশনাল জিবিভি ক্লাস্টারের 'Strengthening coordination to prioritize needs of adolescents and youth and address harmful practices including child marriage' শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন বিভাগের যুগ্মসচিব জনাব ড. প্রকাশ কান্তি চৌধুরী। বর্ণিত সভায় "মানবিক ও উন্নয়ন প্রেক্ষাপটে

বাল্যবিবাহ” সংক্রান্ত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সুইড বাংলাদেশ এর মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক অংশগ্রহণ করেন। তিনি বর্ণিত বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পাশাপাশি সরকারের অন্যান্য বিভাগ ও মন্ত্রলায়গুলোকে সম্পৃক্তকরণ, বাল্যবিবাহের কারণে প্রতিবন্ধিতা হওয়ার ঝুঁকি এবং গুরুত্বপূর্ণ কারনগুলো নিয়ে পরিকল্পনার উপর মতামত ব্যক্ত করেন।

৬.২.২১ বিশেষ শিক্ষকদের ফুটবল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ-

১৪-১৬/১১/২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার-শনিবার বাংলাদেশ প্যারা ফুটবল ডেভেলপমেন্ট একাডেমির উদ্যোগে ও সুইড বাংলাদেশ এর সহযোগিতায় ৩ দিন ব্যাপী ফুটবল প্রশিক্ষণের আয়োজন করা হয়। সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল, সুইড মোহাম্মদপুর শাখা এবং অন্যান্য প্রতিষ্ঠানের মোট ৮ জন শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন। কর্মসূচির শুভ উদ্বোধন করেন সম্মানিত মেন্টর মহোদয় জনাব জওয়ারেুল ইসলাম মামুন। আন্তর্জাতিক প্যারা ফুটবল প্রশিক্ষক জনাব স্যাম ট্রানারের নির্দেশনায় প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ গ্রহণ করেন।

৬.২.২২ Strategic Dialogue on 'Inclusive Humanitarian Preparedness, Early Warning, Risk Reduction and Response Programme in Bangladesh' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ-

১৯ নভেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ ঘটিকা থেকে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত UNFPA Bangladesh, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক মন্ত্রণালয় এবং Australian Aid এর যৌথ উদ্যোগে মিন্টু রোড ঢাকার Inter-Continental হোটেলে Strategic Dialogue on 'Inclusive Humanitarian Preparedness, Early Warning, Risk Reduction and Response Programme in Bangladesh শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় নিম্নোক্ত ব্যক্তিগণ বক্তব্য প্রদান করেনঃ Mr. Masaki Watabe, UNFPA, Representative a.i., UNFPA ● Ms. Hamah Hosen, Humanitarian Advisor, DFAT ● Dr. Afreena Mahmood, Director (Planning and Research) and Line Director (PMR), Directorate General Health Services (DGHS) ● Mr. Ahmadul Haque, Director (Admin), Joint Secretary, Cyclone Preparedness Program (CPP)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান কর্মশালায় অংশগ্রহণ করেন। বিভিন্ন দুর্যোগকালীন সময়ে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের ঝুঁকি নিরসনের উপায় ও বাস্তবায়নের উপর মহাসচিব মহোদয় বক্তব্য প্রদান করেন। গ্রুপ ওয়ার্কিং এ সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অংশগ্রহণ করে দুর্যোগকালীন ঝুঁকি নিরসনের জন্য পরিবারের সকলকে এ বিষয়ে সচেতনতা ও যথাযথ প্রস্তুতি এবং সহায়ক উপকরণ ব্যবহারের বিষয়ে মতামত প্রদান করেন।

৬.২.২৩ ‘Addressing Gaps in Data, Social Protection, and Employment Accessibility for Persons with Disabilities in Bangladesh’ শীর্ষক কনসালটেশন ওয়ার্কশপ এ অংশগ্রহণ-

২৬ নভেম্বর ২০২৪ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত Access Bangladesh Foundation এর উদ্যোগে ডেইলি স্টার কার্যালয়ের সভাকক্ষে ‘Addressing Gaps in Data, Social Protection, and Employment Accessibility for Persons with Disabilities in Bangladesh’ শীর্ষক একটি কনসালটেশন ওয়ার্কশপের আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। মহাসচিব প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবক বা কেয়ারারদের জন্য বাংলাদেশে সরকারী ভাবে আলাদা একটি আইন তৈরি করতে হবে এবং এ আইনের আওতায় কেয়ারারদের জন্য সুযোগ-সুবিধা সৃষ্টির লক্ষে তাদের উৎসাহ দিতে হবে, তাদের জন্য প্রণোদনার ব্যবস্থা করাসহ বিভিন্ন বিষয়গুলো গুরুত্ব দিয়ে দেখতে হবে। একই সাথে তাদের Previlised Card দিতে হবে মর্মে সভার রিকমেন্ডেশন এ অন্তর্ভূক্ত করতে বলেন।

৬.২.২৪ বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের আর্জাতিক দিবস পালনের জন্য একটি জাতীয় সেমিনারে অংশগ্রহণ-

০৪ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ মিনিট থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত Sightsavers, UNDP SSPS প্রোগ্রাম এবং UNPRPD’র যৌথ উদ্যোগে ঢাকা, আগারগাঁওস্থ বিআইসিসির কার্নিভাল হলে বাংলাদেশে প্রতিবন্ধী

ব্যক্তিদের আর্ন্তজাতিক দিবস পালনের জন্য একটি জাতীয় সেমিনারের আয়োজন করা হয়। অনুষ্ঠানের সকালের সেশনে সমাজকল্যাণ উপদেষ্টা মিসেস শারমিন এস. মুরশিদ প্রধান অতিথি, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ মহিউদ্দিন বিশেষ অতিথি এবং দুপুরের অধিবেশনে প্রধান অতিথি হিসেবে প্রধান উপদেষ্টার কার্যালয়ের এসডিজি সমন্বয়কারী মিসেস লামিয়া মোর্শেদ উপস্থিত ছিলেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান সেমিনারে অংশগ্রহণ করেন। মহাসচিব মহোদয় বিকেলের ডিসকাসান সেশন প্যানেলে আলোচক হিসেবে অংশগ্রহণ করে তিনি প্রতিবন্ধী ব্যক্তির কেয়ারারসদের জন্য সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম যেমন আইন প্রণয়ন, প্রিভিলাইজড কার্ড প্রদানসহ প্রভৃতি পদক্ষেপ গ্রহণের জন্য সংক্ষিপ্ত গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন। এই প্যানেলে আরো উপস্থিত ছিলেন সিডিডির নির্বাহী পরিচালক জনাব এএইচ এম নোমান খান, ইমপ্যাকট ফাউন্ডেশনের ট্রাস্টি সদস্য জনাব মনসুর আহমেদ চৌধুরী, সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলমসহ আরো গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

৬.২.২৫ Balancing Act Advisory Board মিটিং এর ৪র্থ নিয়মিত সভায় অংশগ্রহণ-

১০ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সন্ধ্যা ৭:৩০ টায় (বাংলাদেশ সময়) কানাডার কুইনস বিশ্ববিদ্যালয় আয়োজিত অনলাইন প্লাটফরমে Balancing Act Advisory Board মিটিং এর ৪র্থ নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় Balancing Act প্রকল্পের মাধ্যমে একাধিক দেশের প্রতিবন্ধিতা সম্পর্কিত Natural/Formal Support কার্যক্রমে ডাটা কালেকশন বিষয়ে তথ্য উপস্থাপন এবং পরবর্তী বছরে ডাটা কালেকশন কার্যক্রমটি পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় বোর্ডের সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করেন। তিনি Balancing Act প্রকল্পে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের ডাটা কালেকশনের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ এবং এ বছরের কার্যক্রমের ফলাফল সংক্রান্ত রিপোর্ট প্রকাশের বিষয়ে মতামত প্রদান করেন।

৬.২.২৬ Dialogue Session on: International Human Rights 2024 এ অংশগ্রহণ-

১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:৩৫ মিনিট পর্যন্ত মানুষের জন্য ফাউন্ডেশনের উদ্যোগে শেরে বাংলা নগর আঁগারগাও ঢাকার এনজিওবি অডিটরিয়ামে International Human Rights 2024 শীর্ষক একটি Dialogue Session এর আয়োজন করা হয়। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক মাননীয় উপদেষ্টা মিসেস সৈয়দ রিজওয়ানা হাসান প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। MS. Corine Henchoz Pignani, Charge d’affairs, Emabassy Switzerland to Bangladesh, H.E Nicolas Weeks Ambassador of SWEDEN to Bangladesh Ges Director General, NGO Affairs Bureau বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। আলোচক হিসেবে ব্যারিস্টার সারা হোসেন, ড. শারমীন নীলরমী এবং ড. তোফায়েল আহমেদ অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মিসেস শাহীন আনাম। ডায়লগ সেশনে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ ন্যায়-বিচার, বৈষম্য, সমতা-সাম্য এবং একীভূত সমাজ নিয়ে মতামত প্রদান করেন।

৬.২.২৭ GBV cluster সভায় অংশগ্রহণ-

১৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ বৃহঃস্পতিবার বিকাল ৩.০০ টা থেকে ৪.৩০ পর্যন্ত UNFPA এর উদ্যোগে ঢাকা আঁগারগাওস্থ আইডিবি ভবন এর UNFPA অফিসে GBV cluster সভার আয়োজন করা হয়। সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.২.২৮ Developing Advocacy Strategy for Disability-Inclusive Disaster Risk Reduction (DRR) and Climate Change Adaptation (CCA) শীর্ষক কনসালটেশন ওয়ার্কশপে অংশগ্রহণ-

২২ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত CBM Global and Nabolok Parishad, Access Bangladesh এর যৌথ উদ্যোগে Golden Tulip The Grandmark-ঢাকায় Developing Advocacy Strategy for Disability-Inclusive Disaster Risk Reduction (DRR) and Climate Change Adaptation (CCA) শীর্ষক একটি কনসালটেশন ওয়ার্কশপের আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

৬.২.২৯ তহবিল সংগ্রহ কৌশল (ফান্ড রাইজিং স্ট্রাটেজি) প্রণয়ন বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ-

২৮-২৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ শনিবার ও রবিবার এডাব এর উদ্যোগে আদাবরস্থ পদক্ষেপ প্রশিক্ষণ সেন্টারে তৃণমুল পর্যায়ে কর্মরত বেসরকারি উন্নয়নে সংস্থাসমূহের তহবিল সংগ্রহ কৌশল (ফান্ড রাইজিং স্ট্রাটেজি) প্রণয়ন বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। কর্মশালার থিম -Empowering NGOs with Sustainable Fundraising Skills.

৬.২.৩০ Policy Brief Dissemination on Disaster Risk Reduction and Climate Change Adaptation শীর্ষক ওয়ার্কশপ এ অংশগ্রহণ-

৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১০.৩০ মিনিট থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন, সিবিএম গ্লোবাল এবং নবলোক পরিষদ এর যৌথ উদ্যোগে ঢাকা বনানীর গোল্ডেন টিউলিপ হোটেলে Policy Brief Dissemination on Disaster Risk Reduction and Climate Change Adaptation শীর্ষক ওয়ার্কশপ আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। তিনি দুর্যোগকালীন ঝুঁকি নিরসেন এ সম্পর্কিত আইনগুলোর যথাযথ প্রয়োগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিবন্ধিতা আইন বিষয়ক কমিটিগুলোর সভায় দুর্যোগকালীন ঝুঁকি নিরসন ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনে এর প্রভাব ও করণীয় বিষয়ে আলোচনা, ওয়ার্নিং সেন্টার গুলোতে ক্ষতিকর দিকগুলো বিষয়ে তথ্য প্রদান এবং মিডিয়াগুলোর প্রয়োজনীয় ভূমিকার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৬.২.৩১ "White Paper and Thereafter: Economic Management, Reforms and National Budget" শীর্ষক সিম্পেজিয়াম এ অংশগ্রহণ-

১৮ জানুয়ারী ২০২৫ তারিখ, রোজ শনিবার সকাল ৯.৩০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত "White Paper Committee 2024" এর চেয়ারপারসন জনাব ড. দেবপ্রিয় ভট্রাচার্যি এর আমন্ত্রনে বিআইসিসির কার্নিভাল হল রুমে "White Paper and Thereafter: Economic Management, Reforms and National Budget" শীর্ষক একটি সিম্পেজিয়াম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.২.৩২ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিশু/ব্যক্তিদের মাসব্যাপী ফুটবল প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কার্যক্রম আয়োজন-

২৪ ফ্রেবুয়ারী ২০২৫ তারিখ রোজ সোমবার সুইড বাংলাদেশ এর উদ্যোগে এবং বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর সহযোগিতায় ৪, ইস্কাটন গার্ডেনস্থ সুইড প্রাঙ্গণে মাসব্যাপী স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিশু/ব্যক্তিদের ফুটবল প্রশিক্ষণ কার্যক্রম ও প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ওয়াহিদ উদ্দিন চৌধুরী হ্যাপী, সহ-সভাপতি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং বিশেষ অতিথি হিসেবে জনাব কামরুল হাসান হিলটন, সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, জনাব সাখাওয়াত হোসেন ভূঁইয়া শাহীন, সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং সুইড বাংলাদেশ এর জাতীয় নির্বাহী কমিটির মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, মহাসচিব, ১ম যুগ্ম-মহাসচিব জনাব ইমেলদা হোসেন দীপা, অর্থ সচিব, জনাব যোবায়দুর রহমান মিলন, সাংস্কৃতিক সচিব, জনাব রাশিদা জেসমিন রোজী, ক্রীড়া সচিব, জনাব রাশিদা বেগম, কল্যাণ ও পুনর্বাসন সচিব, জনাব আব্দুল মান্নান মানু, সদস্য জনাব শাহ আলম সরকার মিন্টু,সদস্য জনাব শাহ পরী বেগম এবং আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর প্রতীক জনাব জওয়াহেরুল ইসলাম মামুন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, সুইড বাংলাদেশ এর সম্মানিত সভাপতি ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী।

৬.২.৩৩ 'MSF in Kamrangirchar -10 Years of Urban Primary Healthcare' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ-

২৫ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.৩০ টা পর্যন্ত 'MSF ( Medecins SANS FRONTIERES) এর উদ্যোগে ঢাকা বনানীস্থ হোটেল শেরাচনে এ 'MSF in Kamrangirchar -10 Years of Urban Primary Healthcare' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্মশালায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপপরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহন করেন।

৬.২.৩৪ GBV Cluster planning শীর্ষক একটি কর্মশালায় অংশগ্রহণ-

১২ মার্চ ২০২৫ তারিখ রোজ বৃহঃস্পতিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ২.০০ টা পর্যন্ত গণপ্রজন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা অদিদফতর এবং ইউএনএফপিএ এর যৌথ উদ্যোগে মহিলা অধিদফতর মিলনায়তনে GBV Cluster planning শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় সুইড মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপপরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

## ৬.৩. সরকারের সাথে সভা, সেমিনার ও কর্মসূচীতে অংশগ্রহণ-

৬.৩.১ National Paralimpic Committee of Bangladesh আয়োজিত টেবিল টেনিস প্রতিযোগিতায় অংশগ্রহণ-

১১ জুন ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার National Paralimpic Committee of Bangladesh এর উদ্যোগে জাতীয় ক্রীড়া পরিষদের ইনডোর স্টেডিয়ামে টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় পুরুষ ক্যাটাগরীতে সুইড বাংলাদেশের ক্রীড়াবিদ জনাব কামরুল হাসান দিপু, অপর ক্রীড়াবিদ জনাব ইমাম মাহির আবরার খান নির্নয় এবং নারীদের ক্যাটাগরীতে ক্রীড়াবিদ নিপা বোস ও স্পেশাল অলিম্পিক ক্রীড়াবিদ সুলতানা মুশফিকা ফুল যথাক্রমে চ্যাম্পিয়ান ও রানার্স আপ হিসেবে পুরস্কার অর্জন করেন। তাদের সাফল্যকে আরো স্মরণীয় করে রাখতে মহাসচিব জনাব মো: মাহবুবুলু মুনির কামরুল হাসান দিপু এবং সহ-সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মুহাম্মদ শাহ আলম ও নির্বাহী কমিটির সদস্য মিসেস শাহপরি বেগম ইমাম মাহির আবরার খান নির্নয়ের হাতে পুরস্কারের ক্রেস্ট তুলে দেন। এ সময় মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন মহোদয়সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৬.৩.২ 'Right to Read: Dialogue on Born Accessibility' শীর্ষক অনলাইন সভায় অংশগ্রহণ-

৫ জুন ২০২৪ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় Disability Innovation Lab & (Aspire to Innovative) A2 ও এর যৌথ উদ্যোগে অনলাইন (জুম) প্লাটফরমে 'Right to Read: Dialogue on Born Accessibility' শীর্ষক একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সুইড বাংলাদেশ এর মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.৩.৩ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণমূলক সভায় অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্ট কার্যালয়ের সভাকক্ষে (সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ শাহ আলম।সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.৩.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অংশগ্রহণমূলক সভায় অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১১.৩০ ঘটিকায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্ট কার্যালয়ের সভাকক্ষে (সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ শাহ আলম। সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.৩.৫ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের অংশগ্রহণমূলক সভায় অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্ট কার্যালয়ের সভাকক্ষে (সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ শাহ আলম।সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.৩.৬ তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের নিমিত্ত প্রচার কার্যক্রমের অংশ হিসেবে সভায় অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১২.৩০ ঘটিকায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্ট কার্যালয়ের সভাকক্ষে (সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা) তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের নিমিত্ত প্রচার কার্যক্রমের অংশ হিসেবে অংশীজনদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মো: শাহ আলম।সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.৩.৭ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভায় অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১২.৩০ ঘটিকায় এনডিডি সুরক্ষা ট্রাস্টের উদ্যোগে ট্রাস্ট কার্যালয়ের সভাকক্ষে (সুবর্ণ ভবন, ৯ম তলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা) ই-গভন্যান্স ও উদ্বাবন কর্মপরিকল্পনার আলোকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব) জনাব মো: শাহ আলম।সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন।

৬.৩.৮ "টেকসই উন্নয়নের লক্ষ্যে অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় একীভূতকরণ" শীর্ষক বিভাগীয় সেমিনারে অংশগ্রহণ-

২৪ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ - ১.০০ টা পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAANDD)' এর উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়াম ঢাকায় "টেকসই উন্নয়নের লক্ষ্যে অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় একীভূতকরণ" শীর্ষক বিভাগীয় সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে মূলবান মতামত প্রদান করেন।

৬.৩.৯ ক্রীড়া কমপ্লক্সে এবং জাতীয় সংসদ ভবনের পশ্চিম পার্শ্বে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য গঠিত কমিটির সভায় অংশগ্রহণ-

১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয় এর জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে (সুবর্ণ ভবন) ক্রীড়া কমপ্লক্সে এবং জাতীয় সংসদ ভবনের পশ্চিম পার্শ্বে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ আজমুল হক। সভায় মহাসচিব জনাব মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে এ বিষয়ে মতামত তুলে ধরেন।

৬.৩.১০ বাংলাদেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়ন কমিটির সভায় অংশগ্রহণ-

২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ বৃহঃস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় বাংলাদেশ পরিকল্পনা কমিশনের উদ্যোগে কমিশনের সভাকক্ষে 'বাংলাদেশ এর বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়ন কমিটি' বিষয়ক সভার আয়োজন করা হয়। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বরেণ্য ব্যক্তিত্ব ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সুইড বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন বর্ণিত শ্বেতপত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামজিক উন্নয়নে করণীয় বিষয়ে মূল্যবান মতামত প্রদান করেন।

৬.৩.১১ "শহীদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ" এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ-

১৬ নভেম্বর ২০২৪ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় ক্রীড়া পরিষদের উদ্যোগে জাতীয় সংসদ ভবনের পশ্চিম পার্শ্বে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য"শহীদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ" এর শুভ উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থনীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। বিশেষ অতিথি হিসেবে জাতীয় সংসদ সচিবালয়ের সচিব জনাব ড.মোঃ আনোয়ার উল্ল্যাহ্, এফসিএমএ অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব

জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় উদ্বোধনী আলোচনায় সুইড বাংলাদেশ এর পরিচিতি এবং খেলাধুলায় প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণে এই মাঠটি অনেক কার্যকরি ভূমিকা রাখবে এই মর্মে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সুইড শিক্ষার্থী দীপু, নির্ণয়, আসাদ, রুম্পাসহ সুইড বাংলাদেশ থেকে মোট ৪০ জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন প্রতিবন্ধী ব্যক্তি এবং তদের বাবা-মা ও অভিভাবকগণ অংশগ্রহণ করেন।

৬.৩.১২ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত ১২ ধরণের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন শীর্ষক সভায় অংশগ্রহণ-

২৩ ডিসেম্বর ২০২৪ তারিখ, রোজ সোমবার সকাল ১১.০০ টায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত ১২ ধরণের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন শীর্ষক' একটি সভা আয়োজন করা হয়। সভপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিঃ ও উন্নয়ন বিভাগের পরিচালক (উপসচিব) জনাব ছিদ্দীক মোঃ ইয়াহিয়া। সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। তিনি কর্মপরিকল্পনা প্রণয়নে সুইড বাংলাদেশ এর সহযোগিতার বিষয়ে মতামত প্রদান করেন।

৬.৩.১৩ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সরকারী ডিজিটাল সেবা ও আইন, বিধি, নীতিমালা অ্যাকসেসিবল করার নিমিত্ত খসড়া তালিকার উপর মতামত প্রদান -

২৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার A2i এর উদ্যোগে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সরকারী ডিজিটাল সেবা ও আইন, বিধি, নীতিমালা অ্যাকসেসিবল করার নিমিত্ত খসড়া তালিকার উপর মতামত প্রদান আহবান করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অনলাইন প্লাটফরমে এ বিষয়ে মতামত প্রদান করেন।

৬.৩.১৪ জাতীয় সমাজসেবা দিবস-২০২৫ উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ-

২ জানুয়ারী ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার সকালে জাতীয় সমাজসেবা দিবস-২০২৫ উপলক্ষে সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় জাতীয় সমাজসেবা দিবস-২০২৫ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ ওয়াকাথন ও সমাজসেবা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস প্রধান অতিথি হিসেবে বেলুন ও পায়রা উঠিয়ে সম্মেলনের শুভ উদ্বোধন করেন। তিনি জনস্বার্থে কাজ করার ব্রত নিয়ে দেশবাসীকে সমাজসেবায় এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির দিবস উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

৬.৩.১৫ বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের ক্রীড়া কমপ্লেক্স এবং জাতীয় সংসদ ভবনের পশ্চিম প্বার্শে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ধারিত খেলার মাঠ পরিচালনা করার জন্য গাইডলাইন ও জনবল কাঠামো প্রস্তুত/চুড়ান্তকরণের জন্য গঠিত কমিটির সভায় অংশগ্রহণ-

১৬ জানুয়ারী ২০২৫ তারিখ, রোজ বৃহঃস্পতিবার বিকাল ৩.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে সরাসরি ও অনলাইনে ফাউন্ডেশনের আওতায় বাস্তবায়নাধীন বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের ক্রীড়া কমপ্লেক্স এবং জাতীয় সংসদ ভবনের পশ্চিম প্বার্শে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ধারিত খেলার মাঠ পরিচালনা করার জন্য গাইডলাইন ও জনবল কাঠামো প্রস্তুত/চুড়ান্তকরণের জন্য গঠিত কমিটির সভা আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব ফজলে সিদ্দিক মোঃ ইয়াহিয়া (উপসচিব)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহন করেন।

৬.৩.১৬ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্নিত ১২ ধরনের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত সভায় অংশগ্রহণ-

২০ জানুয়ারী ২০২৫ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত ১২ ধরনের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত সভা আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব ফজলে সিদ্দিক মোঃ ইয়াহিয়া (উপসচিব)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় সভায় অংশগ্রহন করেন। তিনি প্রতিবন্ধিতার ধরণ অনুযায়ী প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যাদি সংগ্রহের মাধ্যমে একটি সমন্বিত রিসোর্স পুল এবং অভিভাবক নেটওয়ার্ক ও অভিভাবক রিসোর্সপুল তৈরীর জন্য দু'টি ছক প্রণয়ন এবং 'প্রতিবন্ধিতা বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা ২০১৯' প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী আয়োজিতব্য কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনার উপর মতামত প্রদান করেন।

৬.৩.১৭ মহিলা প্রতিবন্ধী ক্রীড়াবিদদের নিয়ে ক্রীড়া প্রতিযেগিতা আয়োজন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ-

১৩ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ, রোজ বৃহঃস্পতিবার, বিকাল ৩.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে জাতীয় সংসদ ভবনের পশ্চিম পাশে স্থাপিত প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্রস্তুতকৃত (শহিদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ) খেলার মাঠে মহিলা প্রতিবন্ধী ক্রীড়াবিদদের নিয়ে ক্রীড়া প্রতিযেগিতা আয়োজন সংক্রান্ত একটি অনলাইন প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়। সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব বিজয় কৃষ্ণ দেবনাথ (অতিরিক্ত সচিব)।

৬.৩.১৮ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত ১২ ধরণের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন শীর্ষক কারিগরী কমিটির সভায় অংশগ্রহণ-

১৮ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ টায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের সভাকক্ষে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর ৩ ধারায় বর্নিত ১২ ধরনের প্রতিবন্ধিতার প্রকারভেদ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রনয়ন সংক্রান্ত সভা আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব ফজলে সিদ্দিক মোঃ ইয়াহিয়া (উপসচিব)। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ে প্রতিনিধি হিসেবে উপপরিচালক জনাব মাহমুদুল হাসান সভায় অংশগ্রহন করেন।

৬.৩.১৯ জাতীয় সংসদ ভবনের পশ্চিম পাশে স্থাপিত প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্রস্তুতকৃত শহিদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ কার্যক্রম এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ-

৭ মার্চ ২০২৫ তারিখ রোজ শুক্রবার সকাল ৯.০০ ঘটিকায় জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের উদ্যোগে জাতীয় সংসদ ভবনের পশ্চিম পাশে স্থাপিত প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্রস্তুতকৃত শহিদ ফারহান ফাইয়াজ খেলার মাঠ খেলার মাঠ এর শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ক্রীড়াবিদসহ অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, শহিদ ফারহান ফাইয়াজ খেলার মাঠটির শুভ উদ্বোধন উপলক্ষ্যে মহিলা প্রতিবন্ধী ক্রীড়াবিদদের নিয়ে একটি ক্রীড়া প্রতিযেগিতার আয়োজন করা হয়।

## ৬.৪. অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মসূচীসমূহে অংশগ্রহণ ঃ

৬.৪.১ 'UN joint collaboration to accelerate implementation of the United Nations Convention on the Rights of Persons with Disabilities (UNCRPD) and disability inclusive Sustainable Development coals (UNPRPD)' শীর্ষক পরামর্শক সভায় অংশগ্রহণ-

১৫ মে ২০২৪ রোজ বুধবার সকাল ৯.৩০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত WDDF এর উদ্যোগে Hotel Platinum Grand : House # 52, Road # 11, Block # F, Banani, Dhaka 'UN joint collaboration to accelerate implementation of the United Nations Convention on the Rights of Persons with Disabilities (UNCRPD) and disability inclusive Sustainable Development coals (UNPRPD)' শীর্ষক পরামর্শক সভার আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করে সকলের সাথে সম্মিলিত মতামত ও পরামর্শ প্রদান করেন।

৬.৪.২ "Empowering Change: Role of A Caucus for Disability Inclusion in SMART Bangladesh" সংক্রান্ত সভায় অংশগ্রহণ-

২৩ মে ২০২৪ রোজ বৃহঃস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকা থেকে ৬.০০ টা পর্যন্ত হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় 'বাংলাদেশ সরকার প্রতিবন্ধী ব্যক্তিসহ সকল নাগরিকের সম্ভাবনাকে কাজে লাগিয়ে ২০৪১ সালের মধ্যে একটি স্মার্ট বাংলাদেশ গড়তে প্রতিশ্রুতিবদ্ধ' এই রূপকল্পকে সমর্থন করার জন্য SMART Bangladesh Network, Equal Bangladesh Campaign, Sightsavers, a2i, Idea Foundation, Ges InterContinental Dhaka এর সাথে যৌথভাবে শীর্ষক একটি নীতি সংলাপের আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং কলেজের প্রভাষক কাজী ইভানা ফারজানা অংশগ্রহণ করেন। মহাসচিব মহোদয় এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা, প্রশিক্ষণ, পুনর্বাসন ও কর্মসংস্থান বিষয়ে সকলের সাথে সম্মিলিত মতামত ও পরামর্শ প্রদান করেন।

৬.৪.৩ সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখা (সাবেক ধানমন্ডি) স্কুল ভবনের আধুনিকায়ন, সৌন্দর্যবর্ধন ও নবরুপায়ন এবং ১২৪ তম নজরুল জন্ম জয়ন্তী উপলক্ষে একটি প্রীতি সমাবেশ এ অংশগ্রহণ-

২৫ মে ২০২৪ রোজ শনিবার সকাল ১০.৩০ ঘটিকা থেকে সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখা (সাবেক ধানমন্ডি) শাখার আয়োজনে শাখা প্রাঙ্গনের অডিটরিয়ামে স্কুল ভবনের আধুনিকায়ন, সৌন্দর্যবর্ধন ও নবরুপায়ন এবং ১২৪ তম নজরুল জন্ম জয়ন্তী উপলক্ষে একটি প্রীতি সমাবেশের আয়োজন করা হয়। আমন্ত্রিত অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিডি সুরক্ষা ট্রাষ্টের ব্যবস্থাপনা পরিচালক ও যুগ্ম-সচিব, জনাব মোঃ শাহ আলম, সুইড বাংলাদেশ এর সম্মানিত সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ফরিদ আহমেদ ভূঁইয়া, সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপাল মোহাম্মদ শাহ আলম, সুইড বাংলাদেশ এর মেন্টর, জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সিডিডি এর নির্বাহী পরিচালক জনাব এ এইচ এম নোমান খান, সোয়াক এর চেয়ারম্যান জনাব সূবর্ণা চাকমাসহ এবং তরী ফাউন্ডেশনের চেয়ারম্যান জনাব আশফাকুল কবীর, শাখার নির্বাহী সচিব জনাব মোঃ শহীদুল ইসলাম, অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং প্রধান কার্যালয়, কলেজ, ল্যাবরেটরী মডেল স্কুল ও শাখার কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা, এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী এবং অভিভাবকগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটির সঞ্চালনা ও সভাপতিত্ব করেন মোহাম্মদপুর শাখার সভাপতি জনাব মোঃ মাহবুবুল মুনির। অংশগ্রহণকারী সকল অতিথিবৃন্দ স্কুলের শ্রেণী কক্ষ, অডিটরিয়াম সর্বপোরী স্কুলের পরিবেশ দেখে মুগ্ধ হয়েছেন এবং সুইড বাংলাদেশ ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীর সার্বিক কল্যাণ, উন্নত, টেকসই ও সমৃদ্ধ জীবন কামনায় ভবিষৎ করনীয় বিষয়ে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। পরিশেষে, শিক্ষক, অভিভাবক এবং শিক্ষার্থীরা নৃত্য ও সংগীত পরিবেশন করেন।

৬.৪.৪ বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের ডে-ক্যাম্প অনুষ্ঠানে অংশগ্রহণ-

৩০-৩১ মে ২০২৪ বাংলাদেশ স্কাউট এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের উদ্যোগে ও ব্যবস্থাপনায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক গাজীপুরে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের ডে-ক্যাম্প -২০২৪ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ ডে-ক্যাম্পে সুইড বাংলাদেশ এর ১৬০ জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন স্কাউট শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাক, বাংলাদেশ স্কাউটস এর পরিচালক জনাব স্বপন কুমার দাস। সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের জাতীয় উপ কমিশনার জনাব মোঃ আবু হান্নান। ক্যাম্পে সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপ থেকে দুইটি ইউনিট অংশগ্রহণ করে।

৬.৪.৫ প্যারা ফুটবল বিষয়ক মতবিনিময় সভায় অংশগ্রহণ-

৪ জুন ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায় প্যারা ফুটবল এসোসিয়েশনের উদ্যোগে মিরপুর-১ এ প্যারা ফুটবল বিষয়ক এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় সুইড বাংলাদেশ মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে ক্রীড়া ও সাংস্কৃতিক বিভাগের কর্মকর্তা জনাব ইকবাল হোসেন হিমেল অংশগ্রহণ করেন।

৬.৪.৬ কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের নিয়মিত সাধারণ সভা-

১০ জুন ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ টায় কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের নিয়মিত সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় কেয়ারারস ওয়ার্ল্ডওয়াইড এর সম্মানিত প্রধান নির্বাহী ও প্রতিষ্ঠাতা জনাব অনিল কে পাতিল, কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ এর সম্মানিত উপদেষ্টা ও সুইড বাংলাদেশ এর মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, উপদেষ্টা ও সিএসআইডি এর নির্বাহ পরিচালক জনাব খন্দকার জহুরুল আলম, কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ এর সম্মানিত সভাপতি ও সুইড বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, কেয়ারারস এ্যালায়েন্স এর মহাসচিব জনাব মোঃ ময়নুল ইসলাম, এ্যালায়েন্স বাংলাদেশ এর অর্থ সচিব ডাঃ শাওনেওয়াজ চৌধুরী এবং কেয়ারারস এ্যালায়েন্স এর সম্মানিত সকল সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এছাড়াও সভায় সম্মানিত অতিথি হিসেবে রোটারী ক্লাবের অনেক সুনামধন্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় এল্যায়েন্স ভবিষৎ কর্মপন্থা, কার্যক্রম বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতিত্ব করেন কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের সভাপতি ও সুইড বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির।

৬.৪.৭ মৈত্রী ইওআই (EOI) অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট শীর্ষক অনলাইন ওয়ার্কশপ এ অংশগ্রহণ-

১১ জুন ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ থেকে ১২.৩০ মিনিট পর্যন্ত গ্রান্টস এন্ড কমপ্লায়েন্স এবং ব্রাক এর যৌথ উদ্যোগে অনলাইন (জুম) প্লাটফরমে মৈত্রী ইওআই অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট শীর্ষক একটি ওয়ার্কশপ এর আয়োজন করা হয়। ওয়ার্কশপে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.৪.৮ Labaid Hospital এ এনডিডি স্কুল সেটআপ বিষয়ক আলোচনা সভায় অংশগ্রহণ-

২২ জুন ২০২৪ তারিখ রোজ শনিবার সকাল দশটায় রাজধানীর পূর্বাচলে অবস্থিত স্টেট ইউনিভার্সিটি অফ বাংলাদেশ-এ ল্যাবএইড হাসপাতাল এর উদ্যোগে 'এনডিডি স্কুল সেটআপ' বিষয়ক এক সেমিনার এর আয়োজন করা হয়। ল্যাবএইড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক, ডাক্তার ও প্রফেসর এবং সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সুইড বাংলাদেশের মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় স্নায়ুবিকাশ প্রতিবন্ধিতা বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের শিক্ষা কার্যক্রম ও লালন পালন সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান ও ভিডিও প্রদর্শন করেন। ল্যাবএইড হাসপাতালের অধীনে একটি বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক স্কুল খোলার বিষয়ে মহাসচিব মহোদয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

৬.৪.৯ ১৩ তম নিপ্পন এ্যাগোনারি, জাপান ২০২৪ এ অংশগ্রহণকারী স্কাউট দলকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ-

২৯ আগস্ট ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার কল্যাণী ইনক্লুসিভ স্কুল (বি.পি.এফ) মালিবাগ এর উদ্যোগে বিদ্যালয়ের সেমিনার হল রুমে ১৩ তম নিপ্পন এ্যাগোনারি, জাপান ২০২৪ এ অংশগ্রহণকারী স্কাউট দলকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপের সভাপতি ও মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মনির, প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান। সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক জনাব জেবুন্নাহার বেগম। সুইড স্কাউট গ্রুপের সেক্রিটারী ও স্কাউট লিডার মিসেস রোজিনা আক্তার সুমি ও এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ৩ জন স্কাউট শিক্ষার্থী যথাক্রমে মঈন আমজাদ কিশোর ও হামীম ইসফার (বিপিএফ) এবং রাশিদা খাতুন রুম্পা (সুইড) ফুলের শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করা হয়।

৬.৪.১০ স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ আয়োজিত সচেতনতা বৃদ্ধিমূলক সেমিনার অনুষ্ঠান

৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১ টা থেকে দুপুর ১:৩০ পর্যন্ত স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের উদ্যোগে, সুইড বাংলাদেশ ও সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের সহযোগিতায় কলেজ লেকচার হল রুমে সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা ও ভলান্টিয়ারদের জন্য সচেতনতা বৃদ্ধিমূলক একটি সেমিনার আয়োজন করা হয়। মহাসচিব ও স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের পরিচালক জনাব মোঃ মাহবুবুল মুনির প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের ন্যাশনাল ডিরেক্টর জনাব মোঃ ফারুকুল ইসলাম। উপস্থিত ছিলেন প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত, সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রধান শিক্ষক শিম্মি সামাদ, স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের কর্মকর্তা জনাব অরিন্দম পান্ডে।

৬.৪.১১ 'ঢাকা সিটি প্যারা ফুটবল উৎসব ২০২৪' এ অংশগ্রহণ-

১৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ শুক্রবার সকাল ৯:৩০ মি. বাংলাদেশ প্যারা ফুটবল ডেভেলপমেন্ট একাডেমির উদ্যোগে গোলারটেক মাঠ, মিরপুর-১, ঢাকা- ১২১৬, শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের প্বার্শে 'ঢাকা সিটি প্যারা ফুটবল উৎসব ২০২৪' র আয়োজন করা হয়। এ কর্মসূচীর প্রতিপাদ্য বিষয় : জীবন ক্যানবাসে তুলি ফুটবল, হাজারো স্বপ্ন মনোবল। এ ফুটবল উৎসবে সুইড বাংলাদেশ এর এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে মহাসচিব ও সভাপতি কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ জনাব মোঃ মাহবুবুল মুনির প্রধান অতিথি, মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন, মোটিভেশনাল স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ প্যারা ফুটবল ডেভেলপমেন্ট একাডেমির পরিচালক জনাব বদিউজ্জামান আল আমিন।

৬.৪.১২ সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)-র ২৮তম বার্ষিক সাধারণ সভায় যোগদান -

২১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ, রোজ শনিবার সকাল ১১.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত সিডিডি এর উদ্যোগে সিডিডি কমপেক্স, এ ১৮/৬,গেন্ডা, সাভার, ঢাকায় সিডিডির ২৮তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভাটি স্ব-শরীরে এবং অনলাইন জুম মিটিং প্ল্যাট্যফর্ম এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত অতিথি হিসেবে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সাংস্কৃতিক সচিব মিসেস রাশেদা জেসমিন রোজি অংশগ্রহণ করেন। মহাসচিব শুভেচ্ছা বক্তব্যে সিডিডি'র কার্যক্রমে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের অন্তর্ভূক্তিকরণের বিষয়ে সুপারিশ করেন।

৬.৪.১৩ কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের কার্যনির্বাহী পরিষদের সভা-

০৯ অক্টোবর ২০২৪ তারিখ সকাল ১১.০০ টা থেকে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় সুইড কনফারেন্স রুমে কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশ এর কার্যনির্বাহী পরিষদের

সভা আয়োজন করা হয়। সভায় ২৯ শে অক্টোবর আন্তর্জাতিক কেয়ারারস দিবস উদযাপন এবং কেয়ারারস এ্যালায়েন্স বাংলাদেশের রেজিষ্ট্রেশন অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি ও সুইড মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। পরিষদের মহাসচিব ও সিডিডি'র সিনিয়র কো-অর্ডিনেটর জনাব মোঃ ময়নুল ইসলাম আলোচ্য বিষয়সমূহ যথাযথভাবে আলোচনার জন্য উপস্থাপন করেন। আমন্ত্রিত অতিথি হিসেবে মেন্টর জনাব মোঃ জওয়াহেরুল ইসলাম মামুন ও পরিষদের অন্যান্য সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।

৬.৪.১৪ "Building a Disability-Inclusive and Supportive Workplace Culture in Bangladesh" শীর্ষক Roundtable Discussion এ অংশগ্রহণ-

২৩ অক্টোবর ২০২৪ তারিখ, রোজ বুধবার সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত 'Access Bangladesh Foundation এবং The Daily Star' এর যৌথ উদ্যোগে কাজী নজরুল ইসলাম এভিনিউর ডেইলি স্টার সেন্টারে "Building a Disability-Inclusive and Supportive Workplace Culture in Bangladesh" শীর্ষক এক Roundtable Discussion অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্মশালার Keynote উপস্থাপন করেন Access Bangladesh Foundation এর নির্বাহী পরিচালক জনাব আলবার্ট মোল্লা। Facilitator হিসেবে দায়িত্ব পালন করেন ডেইলি স্টার ফরিন মিশন এবং এনজিও ইনচার্জ জনাব মোহাম্মদ তানজিম ফেরদৌস 'Employment rate of Intellectual people with disabilities is very low in Bangladesh Share your thoughts to overcome these challenges' এর উপর প্রতিবেদন উপস্থাপন করেন। অনুষ্ঠান শেষে সকল অংশগ্রহণকারীর উদ্দেশ্যে ধন্যবাদ জ্ঞাপন করেন Access Bangladesh Foundation এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মিসেস মহুয়া পাল। মহাসচিব জনাব মো: মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক জনাব মো: মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। এ অনুষ্ঠানের আলোচনা পর্বে বিভিন্ন সংগঠনে কর্মরত প্রতিবন্ধী ব্যক্তিগণসহ অন্যান্য সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করে বিষয় ভিত্তিক বক্তব্য তুলে ধরেন।

৬.৪.১৫ পদাতিক নাট্য দলের উদ্যোগে 'অটিজম সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির' লক্ষে প্রেরণা নাটক মঞ্চস্থ অনুষ্ঠানে অংশগ্রহণ-

১৬ নভেম্বর-২০২৪ তারিখ রোজ শনিবার সন্ধ্যা ৬:৩০ টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে পদাতিক নাট্য দলের উদ্যোগে 'অটিজম সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির' লক্ষে প্রেরণা নাটক মঞ্চস্থ করা হয়। অনুষ্ঠানে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল, সুইড ল্যাবরেটরী মডেল স্কুল ও সুইড মোহাম্মদপুর শাখার শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহবুবুল মুনির, মহাসচিব, সুইড বাংলাদেশ। একই সাথে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-জনাব মাসুদা খানম কনা, প্রধান শিক্ষক, সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল, জনাব সুরাইয়া খানম পান্না, প্রধান শিক্ষক, সুইড মোহাম্মদপুর শাখা, জনাব রাশিদা খাতুন, শিক্ষক, ল্যাবঃ মডেল স্কুল।

৬.৪.১৬ সুইড বাংলাদেশ ভান্ডারিয়া শাখা আয়োজিত বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠানে অংশগ্রহণ-

১৬ নভেম্বর ২০২৪ তারিখ রোজ শনিবার সুইড বাংলাদেশ ভান্ডারিয়া শাখার উদ্যোগে শাখা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। ভান্ডারিয়ার ইউএনও জনাব ইয়াছিন আরাফাত রানা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে সম্মানিত মহাসচিব এবং মেন্টর মহোদয়ের প্রতিনিধি হিসেবে ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা জনাব মোঃ ইকবাল হোসেন হিমেল অংশগ্রহণ করেন। তিনি সুইড বাংলাদেশ এর কার্যক্রম সর্ম্পকে বক্তব্য প্রদান করেন। এ প্রতিযোগিতায় এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ক্রীড়াবিদরা বিভিন্ন ইভেন্টে ক্রীড়া শৈলী প্রদশন করেন। এ সময় স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, সুইড জাতীয় নির্বাহী কমিটির সাংস্কৃতিক সচিব মিসেস রাশেদা জেসমীন রোজী'র রোজী আফসারী ফাউন্ডেশনের পক্ষ থেকে ভান্ডারিয়া শাখার ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম সুষ্ঠভাবে আয়োজনের জন্য নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়।

৬.৪.১৭ বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহে সুশাসন শীর্ষক সেমিনারে অংশগ্রহণ-

২০ নভেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০.৩০ মিনিটে এডাব এর উদ্যোগে আগারগাঁও এনজিও বিষয়ক ব্যুরোর প্রশিক্ষণ হলে "বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহে সুশাসন শীর্ষক" একটি সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের বিষয়বস্তু

উপস্থাপন করেন এডাব ঢাকা মহানগর শাখার সদস্য সচিব জনাব মো: আবদুর রাজ্জাক খলিফা। এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক (গ্রেড-১) জনাব মো: সাইদুর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রধান করেন। স্বাগত বক্তব্য প্রদান করেন এডাব ঢাকা মহানগরের সহ-সভাপতি জনাব মোঃ নাছির উদ্দীন। সভাপতিত্ব করেন এডাব ঢাকা মহানগরের চেয়ারম্যান জনাব কাজী বেবী। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান সেমিনারে অংশগ্রহণ করেন। সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসানসহ অংশগ্রহণকারী সকলেই সুশাসন বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করেন।

৬.৪.১৮ এডাব এর ৪৪ তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ-

৩০ নভেম্বর ২০২৪ তারিখ রোজ শনিবার সকাল ৯.৩০ মিনিটে এডাবের উদ্যোগে ঢাকার আসাদগেটস্থ সিবিসিবি মিলনায়তনে এডাব এর ৪৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান এবং ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক কর্মকর্তা জনাব মো: ইকবাল হোসেন হিমেল অংশগ্রহণ করেন।

৬.৪.১৯ আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে সেমিনারে অংশগ্রহণ -

২ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ৯.৩০ ঘটিকা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত Disabled Child Foundation (DCF) এর উদ্যোগে ঢাকা গুলশানের হোটেল লেক ক্যাসেলের সেমিনার হল রুমে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে একটি সেমিনারের আয়োজন করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন। তিনি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইনের যথাযথা বাস্তবায়ন ও প্রতিবেদন প্রকাশ, কর্মসংস্থান এবং কেয়ারারদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদানের বিষয়ে মতামত প্রদান করেন।

৬.৪.২০ আন্তর্জাতিক এবং জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে সুন্দরম ঢাকা বিভাগের প্রযোজনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় " কেন্দ্র বরাবর সুড়ঙ্গটির নাম পৃথিবী" মঞ্চ পরিবেশনায় অংশগ্রহণ-

৩ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সন্ধ্যা ৬:৩০ মিনিট ৩৩ তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন উপলক্ষে সুন্দরম ঢাকা বিভাগের প্রযোজনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় " কেন্দ্র বরাবর সুড়ঙ্গটির নাম পৃথিবী" নাটকটি মঞ্চস্থ করা হয়। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে প্রশিক্ষণ ও কার্যক্রম বিভাগের সহকারী পরিচালক জনাব মো: মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

৬.৪.২১ মানসিক স্বাস্থ্য বিষয়ক সভায় অংশগ্রহণ-

৪ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ টায় সিআরপি'র উদ্যোগে মিরপুর সিআরপি কার্যালয়ে মানসিক স্বাস্থ্য বিষয়ক এক সভার আয়োজন করা হয়। সভায় সুইড বাংলাদেশ এর সাইকোলজিস্ট হাফসা হোসেন ফারহানা, স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট ফাতেমা আকতার এবং ফিজিওথেরাপিস্ট মো: শহিদুল ইসলাম অংশগ্রহণ করেন। সিআরপির ডেকেয়ার কার্যক্রমে মানসিক স্বাস্থ্যের বিষয়ে বিস্তারিত তথ্য সকলকে অবহিত করা হয়।

৬.৪.২২ ঢাকার উইমেন্স সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন কর্তৃক গঠিত স্টিয়ারিং কমিটিতে সুইড বাংলাদেশ এর অন্তর্ভুক্তীকরণ সভায় অংশগ্রহণ-

৭ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ টায় উইমেন্স সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন, ডিএমপি, ঢাকা'র উদ্যোগে স্থানীয় স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস) জনাব মোঃ ইসরাইল হওলাদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা মেট্রপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার জনাব সালমা সৈয়দ পলি সভাপতিত্ব করেন। মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির আমন্ত্রিত অতিথি হিসেবে সভায় অংশগ্রহণ করে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভিকটিম সাপোর্ট সেন্টার কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। সুইড বাংলাদেশকে স্থানীয় স্টিয়ারিং কমিটিতে উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে অন্তর্ভুক্ত করা হয়। মহাসচিব মহোদয়ের সহকারী হিসেবে ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক কর্মকর্তা ইকবাল হোসেন হিমেল অংশগ্রহণ করেন।

৬.৪.২৩ প্রতিবন্ধী নাগরিকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভায় অংশগ্রহণ-

০৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় সুইড ভবনের দোতলায় লেকচার হল রুমে জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ঢাকার উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় 'প্রতিবন্ধী নাগরিকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ' বিষয়ক এক সভা' অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোর সহকারী পরিচালক জনাব ফরহাদ ও জনাব শাকিলা আবেদীন শুভেচ্ছা বক্তব্যে বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সুইড কেয়ারারস এসোসিয়েশনের সভাপতি জনাব রাশিদা জেসমিন রোজী, সুইড বাংলাদেশের পরিচালক জনাব মোখলেছুর রহমান এবং সিনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা মীর মোঃ জহিরুল ইসলাম অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় ঢাকার উপপরিচালক জনাব রাজিয়া বেগম। তিনি অভিভাবকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ' বিষয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানটির স্বাগত বক্তব্য প্রদান ও সঞ্চালনা করেন সুইড কেয়ারারস এসোসিয়েশনের নির্বাহী সচিব মিসেস সামছুন নাহার লিপি। সভায় আরো উপস্থিত ছিলেন সুইড কেয়ারারস এসোসিয়েশনের অন্যান্য সদস্যবৃন্দ। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তির অনুকূলে প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠান সঞ্চয়পত্র ক্রয় করতে পারবেন তা সভায় অবহিত করা হয়।

৬.৪.২৪ প্রতিবন্ধী নাগরিকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভায় অংশগ্রহণ-

০৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় সুইড ভবনের দোতলায় লেকচার হল রুমে জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ঢাকার উদ্যোগে এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় 'প্রতিবন্ধী নাগরিকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ' বিষয়ক এক সভা' অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোর সহকারী পরিচালক জনাব ফরহাদ ও জনাব শাকিলা আবেদীন শুভেচ্ছা বক্তব্যে বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সুইড কেয়ারারস এসোসিয়েশনের সভাপতি জনাব রাশিদা জেসমিন রোজী, সুইড বাংলাদেশের পরিচালক জনাব মোখলেছুর রহমান এবং সিনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা মীর মোঃ জহিরুল ইসলাম অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় ঢাকার উপপরিচালক জনাব রাজিয়া বেগম। তিনি অভিভাবকদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ' বিষয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। অনুষ্ঠানটির স্বাগত বক্তব্য প্রদান ও সঞ্চালনা করেন সুইড কেয়ারারস এসোসিয়েশনের নির্বাহী সচিব মিসেস সামছুন্নাহার লিপি। সভায় আরো উপস্থিত ছিলেন সুইড কেয়ারারস এসোসিয়েশনের অন্যান্য সদস্যবৃন্দ। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তির অনুকূলে প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠান সঞ্চয়পত্র ক্রয় করতে পারবেন তা সভায় অবহিত করা হয়।

৬.৪.২৫ Social Access for Persons with Mental Health Needs Project Outcome Dissemination শীর্ষক সভায় অংশগ্রহণ-

১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সি আরপি এর উদ্যোগে মিরপুর সিআরপি কার্যালয়ে Social Access for Persons with Mental Health Needs Project Outcome Dissemination শীর্ষক একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উল্লেখিত মতবিনিময় সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন।

৬.৪.২৬ 'বাংলাদেশ আমেরিকা মৈত্রী প্রকল্প' - এর আওতায় স্থানীয় এনজিওদের (NGO) জন্য সাব-গ্রান্ট পাওয়ার সম্ভাব্য সুযোগ সম্পর্কিত অনলাইন মতবিনিময় সভায় যোগদান-

১৮ ডিসেম্বর ২০২৪ (বুধবার), সকাল ১০টা থেকে দুপুর ১২টা (প্রথম সেশন) এবং ১৯ ডিসেম্বর ২০২৪ (বৃহস্পতিবার) দুপুর ২টা থেকে বিকাল ৪টা (দ্বিতীয় সেশন) ব্র্যাক এবং USAID (ইউএসএআইডি) এর যৌথ উদ্যোগ 'বাংলাদেশ আমেরিকা মৈত্রী প্রকল্প' - এর আওতায় স্থানীয় এনজিওদের (NGO) জন্য সাব-গ্রান্ট পাওয়ার সম্ভাব্য সুযোগ সম্পর্কিত অনলাইন মতবিনিময় সভার আয়োজন করা হয়। উল্লেখ্য যে, বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার প্রক্রিয়ায় স্থানীয় এনজিও প্রতিনিধিদের ভূমিকা জোরালো করতে ব্র্যাক ও দাতা সংস্থা ইউএসএআইডি-র যৌথ উদ্যোগে 'বাংলাদেশ আমেরিকা মৈত্রী প্রকল্প' গত ১৫ই ফেব্রুয়ারী, ২০২৪ তারিখে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে। উক্ত সভায় ব্র্যাক এবং প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনলাইনে উপস্থিত থেকে নিম্নলিখিত বিষয়সমূহ আলোচনা করেন: ১. বাংলাদেশ আমেরিকা মৈত্রী প্রকল্প সম্পর্কে অবহিতকরণ ২. স্থানীয় এনজিও এবং অংশীজনদের সাব-গ্রান্টি হিসেবে সম্পৃক্ত হওয়ার প্রক্রিয়া সম্পর্কিত আলোচনা ৩. বিভিন্ন অংশীজনদের মতামত অনুধাবন এবং পরবর্তী দিক নির্দেশনা নিয়ে আলোচনা। উল্লেখিত মতবিনিময় সভায় মহাসচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রদান করার পাশাপাশি প্রকল্পের কার্যক্রমের সাথে সম্পৃক্ত হওয়ার প্রক্রিয়া সম্পর্কিত আলোচনায় অংশগ্রহণ করেন।

৬.৪.২৭ সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখা আয়োজিত সুইড প্রতিষ্ঠাবার্ষিকী ও বিজয় দিবস উদযাপন অনুষ্ঠান-

১৮ ডিসেম্বর, ২০২৪ তারিখ রোজ বুধবার সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখার উদ্যোগে বিদ্যালয় ভবনের সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০২৪ এবং সুইড বাংলাদেশ এর ৪৭ তম অগ্রিম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মহাসচিব মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান দুটি যথাযথ মার্যাদায় পালিত হয়। সুইড বাংলাদেশ মোহাম্মদপুর শাখার এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন সকল শিক্ষার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকবৃন্দ, শিক্ষক-শিক্ষিকামন্ডলী ও শিক্ষার্থীগণ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

৬.৪.২৮ "ডিজিটাল সেবায় প্রতিবন্ধী ব্যক্তির প্রবেশাধিকার" বিষয়ক একটি মতবিনিময় সভায় অংশগ্রহণ-

২৩ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ৯:৩০ মিনিটে বি-স্ক্যান, ব্র্যাক, সিবিএম এবং সিডিডি এর যৌথ উদ্যোগে ব্র্যাক সেন্টার (৭৫ মহাখালী, ঢাকা) অডিটোরিয়ামে "ডিজিটাল সেবায় প্রতিবন্ধী ব্যক্তির প্রবেশাধিকার" বিষয়ক একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং সহকারী হিসেবে সুইড কলেজের লেকচারার জনাব ইভানা ফারজানা অংশগ্রহণ করেন। সভায় নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়: বাংলাদেশে সরকারি-বেসরকারি সেবা ডিজিটাইজেশন হলেও অনেক ক্ষেত্রে প্রতিবন্ধী মানুষেরা সেবা গ্রহনের ক্ষেত্রে পুর্নাঙ্গ সার্বজনীনগম্যতার সুযোগ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে ডিজিটাল সেবা প্রাপ্তির ক্ষেত্রে অসার্বজনীনগম্য এপ্লিকেশন এবং ওয়েবসাইট, অন্যান্য সেবার সাথে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয় পত্রের সমন্বয় সাধনের অভাব, প্রতিবন্ধী মানুষদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে ডিজিটাল সেবা প্রদান প্রশ্নে পরিকল্পনা এবং ডিজাইন কর্মকান্ডে তাদের যুক্ত না করাসহ প্রভৃতি কারণে তারা রাষ্ট্রের সামগ্রিক সেবা প্রাপ্তির সুযোগ উপভোগ করতে বাধাগ্রস্থ হচ্ছে। এ পরিস্থিতি থেকে উত্তোরণের পথ অনুসন্ধানের লক্ষ্যে ডিজিটাল সেবায় প্রতিবন্ধী ব্যক্তির প্রবেশাধিকার এবং মতবিনিময় সভাটির আয়োজন করা হয়।

৬.৪.২৯ চাইল্ড ফাউন্ডেশনের ৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ-

৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার রাত ৮:০০ টায় চাইল্ড ফাউন্ডেশনের উদ্যোগে ফাউন্ডেশনের ৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানটি অনলাইন প্লাটফরমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় অংশগ্রহণ করেন। তিনি প্রতিষ্ঠানটির কার্যক্রমের সাথে সংহতি প্রকাশ করে বক্তব্য প্রদান করেন এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের ৩ জন শিক্ষার্থীকে সুপার হিরো স্পন্সর প্রকল্পের মাধ্যমে বছর ব্যাপী অর্থ সহায়তার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

৬.৪.৩০ ঢাকার উইমেন্স সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন এর উইমেন্স সার্পোট সেন্টার এবং সুইড বাংলাদেশ এর মধ্যকার সমঝোতা চুক্তি (MOU) -

৭ জানুয়ারী ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার উইমেন্স সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশনের উইমেন্স সার্পোট সেন্টার এবং সুইড বাংলাদেশ এর মধ্যকার একটি সমঝোতা চুক্তি (MOU) স্বাক্ষরিত হয়। সুইড প্রতিনিধি হিসেবে সমঝোতা চুক্তিতে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয় স্বাক্ষর করেন।

৬.৪.৩১ পদাতিক নাট্য সংসদের নাটক 'প্রেরণা' তে অংশগ্রহণ-

২০ জানুয়ারী ২০২৫ তারিখ, রোজ শনিবার সন্ধ্যা ৭:০০ টায় সুইড বাংলাদেশের সহযোগিতায় পদাতিক নাট্য সংসদের উদ্যোগে বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন ছেলে-মেয়েদের নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে নাটক 'প্রেরণা' মঞ্চস্থ করা হয়। এ নাটকে সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের ০৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথি হিসেবে ইন্দিরা গান্ধি সাংস্কৃতিক বিভাগের পরিচালক ড. রীনা চৌধুরী অংশগ্রহণ করেন। নাটকটি পরিচালনা করেন পদাতিক নাট্য সংসদের ভারপ্রাপ্ত দলপ্রধান জনাব সাবিল রেজা চৌধুরী।

৬.৪.৩২ আন্তর্জাতিক উইমেন'স ডে উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ-

২৭ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ রোজ বৃহঃস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.৩০ টা পর্যন্ত অ্যাকশন এইড এর উদ্যোগে ঢাকা বনানীস্থ সিক্স সিজন হোটেল এ আন্তর্জাতিক উইমেন'স ডে উদযাপন উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপপরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

# ৭. নীডা কার্যক্রম

**৭.১ নাম**

বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক ছেলেমেয়েদের জন্য ইন্সটিটিউট যা "ন্যাশনাল ইন্সটিটিউট ফর দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড অ্যান্ড অটিস্টিক (এনআইআইডিএ)- National Institute for the Intellectually Disabled and Autistic (NIIDA)

**৭.২ নীডার ক্লিনিক্যাল সার্ভিসেস বিভাগ কর্তৃক গত ১ (এক) বছরের গৃহীত কার্যক্রম:**

- ক্লায়েন্টস এ্যাসেসমেন্ট (নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সম্পন্ন ব্যক্তি সনাক্তকরণ) এবং প্যারেন্টস কাউন্সেলিং বা গাইডেন্স (ব্যক্তিগত ও দলীয়) ৪৬ জন। ।
- স্পীচ থেরাপী সেবা প্রদান ৭২ জন।
- ফিজিওথেরাপী সেবা প্রদান ১৫৫ জন।

**৭.৩ কলেজ, বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, প্রশিক্ষণার্থী ও প্রফেশনালগণ কর্তৃক ফিল্ড ভিজিট/ইন্টার্নশীপ কার্যক্রম:**

| প্রতিষ্ঠান | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণ/পরিদর্শণ কাল |
|---|---|---|
| জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আই ই আর বিভাগের মোট ০৭ জন শিক্ষার্থীর ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ক কর্মসূচী । | ৭ জন | ০১/০৩/২০২৪ তারিখ থেকে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত । |
| সি আর পি'র রিসার্চ কার্যক্রমের অংশ হিসেবে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের সাথে সাক্ষাৎ করে বিষয়ভিত্তিক তথ্য সংগ্রহ । | ১ জন | অক্টোবর ২০২৪ |
| হাবিবুল্লাহ বাহার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের রিসার্চ কার্যক্রম পরিচালনা। | ৫ জন | জুন- জুলাই, ২০২৪ |
| আকিজ কলেজ অব হোম ইকোনমিকস এর শিশু বিকাশ ও সামাজিক সম্পর্ক বিভাগের শিক্ষার্থীদের ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ক ১ দিন ব্যাপী কর্মসূচী। | ৫০ জন | সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৪ |
| সিদ্বেশরী কলেজের সমাজকর্ম বিভাগের শিক্ষার্থীর ১ দিন ব্যপী ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের কর্মসূচী চলমান। | ২১ জন | অক্টোবর ২০২৪ |
| প্রিমিশিয়া বিশ্ববিদ্যালয়ের রিসার্চ কার্যক্রমের অংশ হিসেবে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকদের সাথে সাক্ষাৎ করে বিষয়ভিত্তিক তথ্য সংগ্রহ করেন। | ২ জন শিক্ষার্থী | নভেম্বর ২০২৪ |

# ৮. সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ কার্যক্রম

**৮.১ নামঃ সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ।**

**৮.২ প্রতিষ্ঠাকালঃ** ২০০৬ অধিভুক্তি জাতীয় বিশ্ববিদ্যালয়।

**৮.২ লক্ষ ও উদ্দেশ্য ঃ**

- স্নায়ুবিকাশ জনিত/ বুদ্ধি প্রতিবন্ধিতা (Neuro-Developmental Disabilities) বিষয়ে প্রশিক্ষিত শিক্ষক/ প্রশিক্ষিত জনবল তৈরী।
- সমগ্র বাংলাদেশের বিশেষ বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়ন।
- বিশেষ শিক্ষা কার্যক্রমকে ফলপ্রসূ ও গতিশীল করা;

**৮.৩ কার্যাবলী :**

- প্রতিবন্ধিতা জনিত জাতীয় সমস্যা নিরসন ও প্রশিক্ষিত জনবল সৃষ্টির লক্ষ্যে Bachelor of Special Education (B.S.Ed) কোর্সে পরিচালনা করা। কোর্সটির সময়সীমা ১ বছর।

**৮.৪ অধিভুক্তকারী প্রতিষ্ঠান:**

জাতীয় বিশ্ববিদ্যালয়।

**৮.৫ বর্তমান সিলেবাস এবং পাঠদানের বিষয়সমূহ-**

ক. আবশ্যিক বিষয়:

- বিষয় কোড নং-১০০১: শিক্ষার ভিত্তি ও ব্যবস্থাপনা (Foundation of Education and Management)
- বিষয় কোড নং-১০০২: শিক্ষার মনোবৈজ্ঞানিক ভিত্তি ও শিক্ষা নির্দেশনা (Psychological Foundation and Educational Guidance)
- বিষয় কোড নং-১০০৩: শিক্ষায় পরিমাপ ও মূল্যায়ন (Educational Measurement and Evaluation)
- বিষয় কোড নং-১০০৪: শিশু বর্ধন ও ক্রমবিকাশ (Child Growth and Development)
- বিষয় কোড নং-১০০৫: ব্যতিক্রমী শিশু ও বিশেষ শিক্ষা (Exceptional Children and Special Educaton)

খ. নৈর্বাচনিক বিষয়:

- বিষয় কোড নং-১৩০১: মানসিক প্রতিবন্ধিতা পরিচিতি (Introduction to Intellectual Disability)
- বিষয় কোড নং-১৩০২: শনাক্তকরণ,উপদেশনা ও পুনর্বাসন (Assessment, Counseling and Rehabilitation of the Intellectually Disabled)
- বিষয় কোড নং-১৩০৩: মানসিক প্রতিবন্ধীদের শিক্ষা ব্যবস্থাপনা (Educational Management of the Intellectually Disabled

গ. পাঠদান অনুশীলন, কোড নং-১৪০৬ (Practice Teaching Class):

- ইনকোর্স পরীক্ষা (Incourse Exam)

ঘ. মৌখিক পরিক্ষা, কোড নং-১৪০৭ (Viva)

**৮.৬ বিগত ১ (এক) বছরের কার্যক্রম (জুন ২০২৪ থেকে মে ২০২৫)**

- গত ২৮/০৫/২০২৪ তারিখ রোজ মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত ২ (দুই) জন প্রতিনিধি কলেজ কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শকদ্বয় কলেজের একাডেমিক, প্রশাসনিক, অর্থনৈতিক, ভৌত অবকাঠামো ইত্যাদি পরিদর্শন করেন। পরিদর্শনকালে কলেজের সার্বিক কার্যক্রম ভিত্তিক রেকর্ডপত্র পর্যবেক্ষণ করেন। তাঁদের পরামর্শমত চাহিদাকৃত

তথ্যাদিসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুত করে প্রয়োজনীয় কাগজপত্র গত ১২/০৬/২০২৪ তারিখে কলেজ পরিদর্শক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হয়েছে। পরিদর্শনকালে 'গভর্নিং বডি'-র সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ্ আলম কলেজের প্রতিষ্ঠাতা প্রতিনিধি ও সুইড বাংলাদেশের মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর সাথে দেখা করে সুইড-র কার্যক্রম সম্পর্কে অবহিত হন। এরপর লাইব্রেরী ও ল্যাবরেটরী মডেল স্কুলের বিভিন্ন ক্লাশ কার্যক্রম পরিদর্শন করেন।

- সরকারী ঘোষণায় দেশের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর গত ০৬/০৮/২০২৪ তারিখে ২০২৪ শিক্ষাবর্ষের প্রশিক্ষণার্থীদের (১৮ তম ব্যাচ) ক্লাস কার্যক্রম শুরু হয়। এর পূর্বে 'জুম লিংক'-এ ক্লাশ কার্যক্রম শুরু করা হয়েছিল।
- ২৯/০৮/২০২৪ তারিখ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গভর্নিং বডি ২০২২-২০২৪ বাতিল করে এবং নব এডহক কমিটি গঠন করা হয়।
- ১৭/০৯/২০২৪ থেকে ২৫/০৯/২০২৪ তারিখ পর্যন্ত বিএসএড-২০২৩ শিক্ষাবর্ষে নিয়মিত ৫১ জন, ও অনিয়িমিত ৯ জনসহ মোট ৬০ জন প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত পরীক্ষার ফর্ম ফিলাপ সম্পন্ন করা হয়েছে।
- ০৭/১০/২০২৪ তারিখ বিএসএড-২০২৩ শিক্ষাবর্ষের পাঠদান অনুশীলন পরীক্ষা সম্পন্ন হয়। উক্ত পরীক্ষায় ৫৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে।
- ০৮/১০/২০২৪ তারিখ এডহক কমিটির ১ম সভা এবং ১৭/০৯/২০২৪ তারিখ ২য় সভা অনুষ্ঠিত হয়।
- বিএসএড-২০২৪ শিক্ষাবর্ষের ৫৯ জন প্রশিক্ষণার্থীদের পাঠদান অনুশীলন গত ২৭/১০/২০২৪ তারিখ থেকে ১৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়।
- ১৮/০৩/২০২৪ তারিখে ২০২৪ শিক্ষাবর্ষের কলেজের অধিভুক্তি নবায়ন করা হয়েছে।
- ১৭/১১/২০২৪ তারিখ জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক বরাবর এমএসএড কোর্স খোলার বিষয়ে আবেদন করা হয়।
- বিএসএড-২০২৪ শিক্ষাবর্ষের ৫৯ জন প্রশিক্ষণার্থীর ইনকোর্স পরীক্ষা ১৯/১১/২০২৪ তারিখ থেকে ০৫/১১/২০২৪ তারিখ পর্যন্ত সম্পন্ন করা হয়েছে। ফলাফল এখনো প্রকাশিত হয়নি।
- ১৭/০৩/২০২৫ তারিখ ২০২৫ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়ন করা হয়েছে।
- ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য মোট জমাকৃত প্রাথমিক আবেদন পত্রের সংখ্যা ৬৭ টি।
- বিএসএড-২০২৩ শিক্ষাবর্ষের ৫৮ জন শিক্ষার্থী ০৮/১২/২০২৪ তারিখ থেকে ২৪/১২/২০২৪ পর্যন্ত বিএসএড চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেন।
- ২২/০৪/২০২৫ তারিখ থেকে পরবর্তী দুই বছর (২১/০৪/২০২৭) মেয়াদী নিয়মিত কলেজ গভর্নিং বডি গঠন অনুমোদিত হয়েছে।

### ৮.৭ ভবিষ্যৎ পরিকল্পনা:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রফেশনাল Master of Special Education (M.S.Ed) ডিগ্রী কোর্স পরিচালনা করা।
- কারিগরী শিক্ষা বোর্ডের আওতায় সার্টিফিকেট কোর্স (৬ মাস) এবং দু'বছর (২) মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনা করা।

### ৮.৮ মোট কর্মকর্তা-কর্মচারী :

- অধ্যক্ষ ১ জন।
- পূর্ণকালীন লেকচারার ৫ জন।
- অন্যান্য ২ জন।
- খন্ডকালীন ২ জন।
- অফিস সহকারী ১জন।

# ০৯. সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের কার্যক্রম

**৯.১ নাম:** সুইড ল্যাবরেটরী মডেল স্কুল।

**৯.২ প্রতিষ্ঠাকাল:**

সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষার্থীদের Practice Teaching কার্যক্রম পরিচালনার জন্য ২০০৯ সালে সুইড ল্যাবরেটরী মডেল স্কুল প্রতিষ্ঠিত হয়।

**৯.৩ সুইড ল্যাবরেটরী মডেল স্কুল পরিচালিত বিশেষ শিক্ষার স্তরবিন্যাস এবং কার্যক্রম:**

| শিক্ষার স্তর | শ্রেণীর নাম | বয়স |
|---|---|---|
| ১. প্রস্তুতিমূলক স্তর (Preparatory Work) | মা ও শিশু শ্রেণী | ০-৬+ |
| ২. প্রাক-প্রাথমিক স্তর (Pre-primary) | শিশু শ্রেণী | ৬-১১+ |
| ৩. প্রাথমিক স্তর (Primary) | বিশেষ প্রাথমিক শ্রেণী | ১১-১৬ বছরের নীচে |
| ৪. বৃত্তিমূলক স্তর (Vocational) | বৃত্তিমূলক প্রশিক্ষণ শ্রেণী | ১৬ বছরের উর্ধ্বে |
| ৫. এ্যাকটিভিটি সেন্টার (Activity Centre) | এ্যাকটিভিটি সেন্টার | বিশেষ বিবেচনায় |

৯.৪ বিগত ১ (এক) বছরের কার্যক্রম (জুন ২০২৪ থেকে মে ২০২৫)

| ক্র.নং | তারিখ | কর্মসূচী/কার্যক্রম |
|---|---|---|
| ১ | ৫, জুন ২০২৪ | বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপ আয়োজিত র‌্যালি ও রমনা পার্ক উদ্যানের সবুজ চত্বরে সীড বল নিক্ষেপ কর্মসূচীতে অংশগ্রহণ। |
| ২ | ৬ জুন ২০২৪ | নজরুল জয়ন্তী উপলক্ষে ৩ দিনব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও স্কুল স্পোর্টস ইউনিফর্ম বিতরণী অনুষ্ঠানের আয়োজন। |
| ৩ | ৭ জুন ২০২৪ | বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ‘বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের যত্ন ও আচরণ শীর্ষক সেমিনারে শিক্ষক ও বিশেষ গার্ল গাইডস শিক্ষার্থীদের অংশগ্রহণ। |
| ৪ | ২৪ জুন ২০২৪ | প্যারা টেবিল টেনিস ট্রেনিং ও টুর্নামেন্ট, ২০২৪ এ অংশগ্রহণ। |
| ৫ | ৫ অক্টোবর ২০২৩ | শিক্ষক রিনা রানী ভৌমিকের সার্বিক তত্ত্বাবধানে শিক্ষার্থী সুলতানা মুশফিক ফুল ও ইথুর অংশগ্রহণ এবং ফুলের প্রতিযোগিতায় রানার-আপ অর্জন। |
| ৬ | ২৪ জুন ২০২৪ | জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং ১ম, ২য় ও ৩য় পুরস্কার অর্জন। |
| ৭ | ২০ আগস্ট ২০২৪ | অভিভাবক দিবস (জানুয়ারী-জুন প্রান্তিক) ও বাৎসরিক ফল উৎসব আয়োজন। |
| ৮ | ২৭ আগস্ট ২০২৪ | প্রয়াত প্রধান শিক্ষক মরহুম ফজলুল করিম রোকনীর ১ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন। |
| ৯ | ১৮ সেপ্টেম্বর, ২০২৪ | বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় আয়োজিত জাতীয় বৃক্ষমেলা ২০২৪ এ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শিক্ষার্থীরা ক,খ, গ বিভাগ এ (বিশেষ বিভাগ) যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে। |
| ১০ | ৩০ সেপ্টেম্বর, ২০২৪ | সকল শ্রেণীর শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী নিয়ে সম্মিলিত ক্লাস পার্টি আয়োজন করা হয়। |

| | | |
|---|---|---|
| ১১ | ০৭ অক্টোবর ২০২৪ | বাৎসরিক শ্রেণীভিত্তিক ফিল্ড ট্রিপ |
| ১২ | ০৩ ডিসেম্বর ২০২৪ | ৩৩ তম আন্তর্জাতিক ও ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন |
| ১৩ | ০৯-১০ ডিসেম্বর ২০২৪ | বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন |
| ১৪ | ১৬ ডিসেম্বর ২০২৪ | মহান বিজয় দিবস আয়োজন |
| ১৫ | ০১ জানুয়ারী ২০২৫ | শিক্ষার্থীদের হাতে নতুন বই বিতরন ও নতুন বছর ২০২৫ বরণ |
| ১৬ | ১৪-১৫ জানুয়ারী ২০২৫ | জুলাই-ডিসেম্বর প্রান্তিকে অভিভাবক দিবস অনুষ্ঠান আয়োজন |
| ১৭ | ২১ জানুয়ারী ২০২৫ | শিক্ষা সফর সুবর্ণ গ্রাম (পার্ক ও রিসোর্ট পরিদর্শন) |
| ১৮ | ২৬ জানুয়ারী ২০২৫ | শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয় |
| ১৯ | ১২ ফেব্রুয়ারী ২০২৫ | বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠান আয়োজন |
| ২০ | ১৮ ফেব্রুয়ারী ২০২৫ | সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বসন্তমেলা ও পিঠা উৎসব আয়োজন |
| ২১ | ২১ ফেব্রুয়ারী ২০২৫ | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠান আয়োজন |
| ২২ | ২১ মার্চ ২০২৫ | ১২ তম জাতীয় ও ২০ তম বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস উদযাপন |
| ২৩ | ২৬ মার্চ ২০২৫ | স্বাধীনতা দিবস ২০২৫ উদযাপন |
| ২৪ | ১৪ এপ্রিল ২০২৫ | বাংলা নববর্ষ ১৪৩২ বরণ ও বর্ণিল আয়োজন |

৯.৫ সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের মোট শিক্ষার্থীর সংখ্যা- ১৭০ জন।

৯.৬ সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের মোট শিক্ষকের সংখ্যা- ২৪ (প্রতিবন্ধী সহকারী ২ জন)।





# ১০. টুইড বাংলাদেশের কার্যক্রম

**১০.১ নামঃ**

টুইড বাংলাদেশ যা "ট্রাস্ট ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড- Trust for the Welfare of the Intellectually Disabled, Bangladesh" নামে পরিচিত।

**১০.২ প্রতিষ্ঠাকাল**

১৯৯৪ সালে সুইড এর উদ্যোগে এ সংগঠন প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ সরকারের আইন মন্ত্রণালয়ের অধীন নিবন্ধন অধিদপ্তরের আওতায় তেজগাঁও সাব-রেজিস্ট্রি অফিস কর্তৃক ৩০/০৩/১৯৯৪ তারিখে নিবন্ধনকৃত। এতে সুইড এর প্রতিনিধি আছে। টুইড এর গঠনতন্ত্রে বর্ণিত বিধান মোতাবেক সুইড বাংলাদেশের নির্দেশনায় পরিচালিত হচ্ছে।

**১০.৩ লক্ষ্য ও উদ্দেশ্য**

- মা-বাবা অথবা অভিভাবকদের অবর্তমানে অসহায়, নিরাপত্তাহীন, অর্থ-সম্পদ ও অধিকার থেকে বঞ্চিত সকল বুদ্ধি-প্রতিবন্ধী এবং এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের নিশ্চিত অধিকার এবং সুরক্ষিত জীবন প্রদান করাই টুইড'র মূল লক্ষ্য ও উদ্দেশ্য;
- বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্যে রেসিডেন্সিয়াল হোম, হোস্টেল, এমপ্লয়মেন্ট ইউনিট, শেল্টার্ড ওয়ার্কশপ ও অকুপেশনাল সেন্টার উপযুক্ত ক্ষেত্রে স্থাপন করলে সেই কাজে সহযোগিতা প্রদান;
- সরকারী, আধা সরকারী, সায়ত্ত্বশাসিত, স্বশাসিত, গণ প্রতিষ্ঠান, সংস্থা, ব্যক্তিগত এবং কর্পোরেট প্রতিষ্ঠানের কাছ থেকে বুদ্ধি প্রতিবন্ধীদের কল্যাণে কাজ করার নিমিত্তে সাহায্য সহযোগিতা ও সমর্থন আদায়;
- বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তির মাতাপিতা, অভিভাবক যাহারা এই ট্রাস্টের সদস্য তাদের সাথে অন্য আরো বিভিন্ন স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার দ্বারা গৃহীত এবং পরিচালিত বুদ্ধি প্রতিবন্ধীদের কল্যাণ ও পুনর্বাসনের নিমিত্তে প্রয়োজনীয় যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;

**১০.৪ কার্যাবলী**

- শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ এবং পরবর্তী সময়ে অথবা প্রাপ্ত বয়স্ক হওয়ার পর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিকদের পুনর্বাসনের নিমিত্ত এ সংগঠনটি সুইড বাংলাদেশের সহযোগী সংস্থা হিসেবে কাজ করবে।
- এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ছেলে-মেয়েদের প্রতিদিনের জীবন গঠনের প্রক্রিয়ার অংশ হিসেবে সামাজিকীকরণ কর্মকাণ্ড বাস্তবায়ন;
- আত্ম-নির্ভরশীল হয়ে জীবন-যাত্রা এগিয়ে নেওয়ার প্রত্যয়ে বিশেষ শিক্ষা প্রশিক্ষণ গ্রহণ;
- বিশেষ শিক্ষার পাশাপাশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক কর্মসূচীর মাধ্যমে বৃত্তিমূলক প্রশিক্ষণ সুবিধা অর্জন;

**১০.৫ মোট আবাসিক শিক্ষার্থী সংখ্যা ১৪ জন।**

**১০.৬ মোট কর্মচারীর সংখ্যা ৭ জন।**

**১০.৭ শিক্ষার্থীদের জন্য মাসিক ব্যয় প্রায় ১,১২,০০০/- (এক লক্ষ বার হাজার) টাকা অর্থাৎ জনপ্রতি ব্যয় প্রায় ৮,০০০/(আট হাজার) টাকা।**

# ১১. ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম

ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। পদ্ধতিগত ও নিয়মতান্ত্রিক ভাবে এ বিষয়ে চর্চা করলে তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটে, শরীরের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ উজ্জীবিত হয় ও সঞ্চালন ক্ষমতা বৃদ্ধি পায় এবং আনন্দ বিনোদনের উপজীব্য বিষয় হয়ে উঠে। এনডিডি প্রতিবন্ধী শিশুরা সাধারণত কম বুদ্ধি সম্পন্ন হয়ে থাকে, তারা লেখাপড়ায় খুব বেশি পারদর্শী হতে পারেনা, ধীরে ধীরে শিখে কিন্তু তাড়াতাড়ি ভুলে যায়। তাদের গতানুগতিক প্রতীক ও আক্ষরিক বুদ্ধিবৃত্তি শিক্ষা দান সম্ভব হয় না। তাদের বিকল্পভাবে শিক্ষা প্রদান করতে হয়। ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে তাদের বিভিন্ন কাজে সম্পৃক্ত করলে তারা খুব তাড়াতাড়ি বিষয়টি অনুধাবন বা আয়ত্ত করতে পারে। এর মাধ্যমে প্রতিবন্ধী শিশুরা সামাজিকতা, ভাব বিনিময়, বন্ধুত্ব তৈরী করতে পারে। তাদের শীরীরিক সক্ষমতা বৃদ্ধি পায়। স্থুল সঞ্চালন আচরণের দক্ষতা, সূক্ষ সঞ্চালন আচরণ, ভাষার দক্ষতা, সাধারণ জ্ঞান, পরিবেশ পরিচিতি ইত্যাদি বিষয় জানতে ও বুঝতে পারে। সেই সাথে নিয়ম শৃংখলা, সময় সম্বন্ধে সম্যক ধারণা লাভ করে।

সুইড বাংলাদেশ তার সকল শাখাগুলির অংশগ্রহণের মাধ্যমে ১৯৯৩ সালে সর্বপ্রথম জাতীয় ভিত্তিক ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম শুরু করে।

জুন ২০২৪ হতে মে ২০২৫ পর্যন্ত বিগত ১ বছরের গৃহিত কার্যক্রম:

| ক্র.নং | তারিখ | কার্যক্রম |
|---|---|---|
| ১ | জুন ৯-১৩, ২০২৪ | তিন দিনব্যাপী সুইড বাংলাদেশ এর উদ্যোগে সুইড বকুল মামুন মাল্টিপারপাস এরিনায় বিভিন্ন শাখার নির্বাচিত শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে টেবিল টেনিস প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। |
| | | বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা - ২০২৪ |
| ১ | ২৪/১২/২০২৪ | সুইড বাংলাদেশ এর উদ্যোগে ৪/এ, ৪ ইস্কাটন গার্ডেনস্থ সুইড মাঠে দুপুর ২:০০ ঘটিকা থেকে ২ (দুই) দিন ব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ কর্মসূচী উপলক্ষ্যে আলোচনা, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। কার্যক্রমে আর্থিক ভাবে সহযোগিতা করেন রোজী আফসার ফাউন্ডেশন। অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন সম্মানিত সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম অনুষ্ঠানের। সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল, সুইড মোহাম্মদপুর শাখা, সুইড উইলস, সুইড গেন্ডারিয়া শাখা, সুইড নারায়ণগঞ্জ শাখা, সুইড জামালপুর শাখা, সুইড সরিষাবাড়ি শাখা, সুইড মধুপুর শাখা, সুইড ভান্ডারিয়া শাখা, সুইড যশোর শাখা, সুইড মোহাম্মদপুর শাখা, সুইড ঝালকাঠি শাখা, সুইড মানিকগঞ্জ শাখা, সুইড কালারাজা, পটুয়াখালী শাখা, সুইড দক্ষিণ মৌভাষা শাখা, সুইড চাঁপাইনবাবগঞ্জ শাখার মোট ২০০ জন এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী জাতীয় বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। প্রতিটি ইভেন্টে অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগিকে পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, শাখা/স্কুল গুলোর শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, উপদেষ্টা কমিটির সদস্য জনাব মিতালী হোসেন, সহ-সভাপতি প্রিন্সিপাল মোহাম্মদ শাহ আলম, সিডিডি'র নির্বাহী পরিচালক জনাব এ এইচ এম নোমান খান, সহ-সভাপতি এ্যাড. মাহবুবার রহমান তালুকদার, সম্মানিত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, যুগ্ম-মহাসচিব, জনাব ইমেলদা হোসেন দীপা, ২য় যুগ্ম-মহাসচিব জনাব আবুল কাশেম সানি, অর্থ সচিব জনাব যোবায়দুর রহমান মিলন, প্রচার ও প্রকাশনা সচিব জনাব বকুল চন্দ্র মহন্ত, কল্যাণ ও পুনর্বাসন সচিব এবং বর্তমান সভাপতি ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী সহ জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দ। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের আমন্ত্রিত প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। |

# ১২. সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের কার্যক্রম

১২.১ **ভূমিকা ঃ** সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল সুইড বাংলাদেশ এর একটি অঙ্গ প্রতিষ্ঠান। বাংলাদেশ সরকারের বিশেষ শিক্ষা নীতিমালা-২০১৯ অনুযায়ী ১৮+ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিশেষ স্কুল কার্যক্রমে না রাখার কথা উল্লেখ আছে। এমতাবস্থায় সুইড বাংলাদেশ কর্তৃপক্ষ এসকল স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের কথা চিন্তা করে সুইড বাংলাদেশ এর জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে ২০২২ সনের ১ মে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলটি প্রতিষ্ঠা করা হয়। এখানে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বাস্তবভিত্তিক ও জীবনমুখী শিক্ষা প্রদান করা হয়।

১২.২ **লক্ষ্য ও উদ্দেশ্য ঃ** সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল তার সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে এগিয়ে যাচ্ছে। নিম্নবর্ণিত কার্যক্রমগুলো সুসম্পন্ন করাই সুইড ভকেশনাল ট্রেনিং স্কুলের লক্ষ্য ও উদ্দেশ্য।

১। বৃত্তিমূলক কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ
২। দৈনন্দিন কার্যক্রম শিক্ষা ও প্রশিক্ষণ
৩। ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম
৪। মনোসামাজিক নির্দেশনা ও পরামর্শ কার্যক্রম
৫। মেডিটেশন ও যোগব্যয়াম
৫। প্রাক কর্মসংস্থান দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ
৬। সামাজিকীকরণ প্রশিক্ষণ
৭। থেরাপিউটিকস কার্যক্রম
৮। মনোদৈহিক রোগ নিরাময়
৯। কম্পিউটার প্রশিক্ষণ

বাস্তব ও জীবনমূখী প্রশিক্ষণের মাধ্যমে আমাদের এই সকল বিশেষ শিক্ষার্থীরা সাবলম্বী হতে পারে সেই লক্ষ্যে সুইড ভকেশনাল ট্রেনিং স্কুল নিম্নবর্ণিত কার্যাবলী পরিচালনা করে আসছে।

১২.৩ **কার্যাবলী ঃ**

১. ব্লক ও বাটিক, ২. সেলাই প্রশিক্ষণ, ৩. কম্পিউটার প্রশিক্ষণ, ৪. স্ক্রীন প্রিন্ট, ৫. বিউটিফিকেশন, ৬. মাটির কাজ, ৭. কাগজের খাম ও ঠোঙ্গা তৈরী, ৮. কেক, বিস্কুট ও ফাস্ট ফুড তৈরী, ৯. গৃহস্থালীর কাজ, ১০. অফিস সহকারী হিসেবে চাকুরী উপযোগী দক্ষতা শেখানো, ১১. সাংস্কৃতিক কার্যক্রম (চিত্রাঙ্কন, নাচ, গান, বাদ্যযন্ত্রের উপর প্রশিক্ষণ), ১২. স্কাউটিং কার্যক্রম, ১৩. রঙ্গিন কাগজের সমন্বয়ে পুঁতি ইত্যাদি উপকরণ দিয়ে ফুলের তোড়া ও নানা রকম গৃহসজ্জা উপকরণ তৈরি করা হয়।

১২.৪। স্কুল প্রতিষ্ঠাকাল ঃ ১ মে ২০২২।

১২.৫। শিক্ষক সংখ্যা ঃ ৪ জন।

১২.৬। শিক্ষা-সহকারী ঃ ৬ জন। (একজন সাধারণ ও ৫ জন প্রশিক্ষণ প্রাপ্ত স্নায়ুবিকাশ প্রতিবন্ধী)

১২.৭। পুনর্বাসিত শিক্ষার্থীর সংখ্যা ঃ বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে ৬ জন শিক্ষার্থীকে পুনর্বাসন করা হয়েছে (আরো ৪ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে)।

১২.৮। বর্তমানে শিক্ষার্থীর সংখা ঃ ৬০ জন ।

১২.৯। ২৫.৬. ২০২৪ জুন থেকে মে ২০২৫ পর্যন্ত উল্লেখযোগ্য কার্যক্রম :

| ক্র.নং | তারিখ | কার্যবিবরণী |
|---|---|---|
| ১ | ০৬/০৮ /২৪ | দ্যা বিজনেস স্টার্ন্ডাড পত্রিকা অফিসে শিক্ষার্থীদের দ্বারা তৈরীকৃত ৫০০ খাম প্রদান করা হয়। |
| ২ | ০৮/০৮/২৪ | শিক্ষক ও শিক্ষার্থী কর্তৃক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে মগবাজার চৌরাস্তা মোট এরিয়ায় ট্রাফিক পুলিশের দায়িত্ব পালন করা হয় । |
| ৩ | (০৬ - ১২)/০৮/২৪ | সি. পি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী রাশিদা খাতুন রুম্পা বাংলাদেশ স্কাউট এর সদস্য হিসেবে জাপানের ফুকুসিমা এ্যাগোনারীতে কালচারাল নাইট অনুষ্ঠানে অংশগ্রহণ করে একক নৃত্য পরিবেশন করে। |
| ৪ | ০৬/০৮/২০২৪ | সুইড ক্যাফেতে স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীদের হাতে তৈরী ঠোঙ্গা প্রদান করা হয়। |
| ৫ | ০৮-১৩/০৮/২০২৪ | শিক্ষক এবং শিক্ষার্থীগণ ঢাকার মগবাজার মোরের ট্রাফিক নিয়ন্ত্রণ করে। |

| ক্র.নং | তারিখ | কার্যবীবরণী |
|---|---|---|
| ৬ | ০৯/০৮/২০২৪ | সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনায় 'প্রবীণ বান্ধব বাংলাদেশ চাই' প্রতিষ্ঠানের উদ্যেগে এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের বিনামূল্যে খাবার বিতরণ করা হয়। |
| ৭ | ১৩/০৮/২০২৪ | শিক্ষক ও শিক্ষার্থী দ্বারা গ্রাফিটি অংকনের উদ্দ্যেশে সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়ের দেয়াল প্রস্তুত করা হয়। |
| ৮ | ১৪/০৮/২০২৪ | নিউ  ইস্কাটন রোডকে রং তুলির ছোঁয়ায় রাঙ্গিয়ে তুলতে শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণ। |
| ৯ | ২২/০৮/২০২৪ | সুইড বাংলাদেশ কর্তৃক শিক্ষার্থী রাশিদা খাতুন রুম্পার জাপানের ফুকুসিমা এ্যাগোনারীতে অংশগ্রহণ এবং শিক্ষক রেশমী আবেদীন জাতীয় শিল্পকলা একাডেমীর আজীবন গুণী শিল্পী সম্মাননা পদক  প্রাপ্তিতে বিশেষ সম্মাননা প্রদান অনুষ্ঠানে সকলের অংশগ্রহণ। |
| ১০ | ১৪/০৯/২০২৪ | 'বাংলাদেশ প্যারা ফুটবল ডেভেলপমেন্ট একাডেমি' আয়োজিত ফুটবল ফেস্টিভালে ৪ জন শিক্ষক এবং ২৩ জন শিক্ষার্থীর অংশগ্রহণ। |
| ১১ | ১৮/০৯/২০২৪ | পরিবেশ ও বন মন্ত্রণালয় আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় সেরিব্রাল পালসি বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী রাশিদা খাতুন রুম্পা ১ম স্থান অর্জন করেন। |
| ১২ | ২০/০৯/২০২৪ | স্পেশাল অলিম্পিকস বাংলাদেশ আয়োজিত এবং সুইড বাংলাদেশ এর সহযোগিতায় ব্যাডমিন্টন ও ফ্লোর হকি প্রশিক্ষণে ২ জন শিক্ষক অংশগ্রহণ করেন। |
| ১৩ | ০৬/১০/২০২৪ | বিশ্ব সেরিব্রাল পালসি দিবস উদযাপন অনুষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং ২ জন শিক্ষার্থীর এনডিডি সুরক্ষা ট্রাস্টের পক্ষ থেকে ১০০০০/- টাকার চেক গ্রহণ। |
| ১৪ | ১৫/১০/২০২৪ | বিশ্ব সাদাছড়ি দিবস উদযাপন অনুষ্ঠানের সাংস্কৃতিক বিভাগে প্রধান শিক্ষক মিসেস মাসুদা খানম কনার বিচারক হিসেবে দায়িত্ব পালন এবং শিক্ষার্থীদের ব্যান্ড দলের কার্যক্রমে অংশগ্রহণ। |
| ১৫ | ১৪-<br>১৬/১০/২০২৪ | বাংলাদেশ প্যারা ফুটবল ডেভেলপমেন্ট একাডেমির' উদ্যেগে ৩ দিন ব্যাপী কার্যক্রমে আয়োজিত ৩ জন  শিক্ষক প্রশিক্ষণ অংশগ্রহণ করেন। |
| ১৬ | ১৬.১১.২০২৪ | ২০ জন শিক্ষার্থী ও একজন শিক্ষক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য খেলার মাঠ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। |
| ১৭ | ১৬.১১.২০২৪ | পদাতিক নাট্যদলের প্রযোজনায় মঞ্চস্থ নাটক প্রেরণা তে ১ জন শিক্ষক ও ২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। |
| ১৮ | ৩-৫/১২/২০২৪ | জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপন উপলক্ষ্যে ৩ দিন ব্যাপী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং গিফট বক্স বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ। এছাড়া সুইড ভবনের ৭ম তলায় শিক্ষার্থীদের গিফট বিতরণ করা হয়। |
| ১৯ | ১২/১২/২৪ | বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ। |
| ২০ | ১৬/১২/২৪ | বিজয় দিবস উদযাপন। |
| ২১ | ০৯/ ০১/২৫ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ। |
| ২২ | ১৯/০১/২৫ | সুইড বাংলাদেশ এর মাননীয় মেন্টর জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর সহধর্মিনীর স্মরণে মিলাদ মাহফিল এ অংশগ্রহণ। |
| ২৩ | ৩০/০১/২৫ | পিঠা উৎসব ও বাৎসরিক মিলাদ মাহফিল আয়োজন। |
| ২৪ | ১০/০২/২৫ | শিক্ষা সফর |

| ক্র.নং | তারিখ | কার্যবীবরণী |
|---|---|---|
| ২৫ | ২১/০২/২৫ | ২১ শে ফেব্রুয়ারী উদযাপন |
| ২৬ | ২৪/০২/২৫ | ফুটবল প্রশিক্ষণ ও প্রতিযোগিতা অংশগ্রহণ |
| ২৭ | ২৬/০২/২৫ | অভিভাবক সমাবেশ আয়োজন |
| ২৮ | ০৭/০৩/২৫ | জাতীয় সংসদ ভবনের পশ্চিম পাশে স্থাপিত প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্রস্তুতকৃত শহীদ ফারহান ফাইজ খেলার মাঠের শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ। |
| ২৯ | ২১/০৩/২৫ | ডাউনসিনড্রোম দিবস উদযাপন |
| ৩০ | ২৬/০৩/২৫ | স্বাধীনতা দিবস উদযাপন |
| ৩১ | ১৪/০৪/২৫ | ১ লা বৈশাখ উদযাপন |
| ৩২ | ২২/০৪/২৫ | অটিজম দিবস উদযাপন |



# ১৩. ডক্টর লুতফর রাহমান থেরাপী সেন্টারের সেবা কার্যক্রম

**১৩.১. ভূমিকা ও পরিচিতি-**

সুইড বাংলাদেশ একটি অলাভজনক জনকল্যাণমূলক পরার্থবাদী সেবাব্রতি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। ১৯৭৭ সালের ২৪ শে ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশের অসহায়, অবহেলিত, দারিদ্রপীড়িত ও সুবিধাবঞ্চিত  বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জীবনমান উন্নয়নের জন্য সুইড বাংলাদেশ শুরু থেকেই কাজ করছে। শিক্ষা, স্বাস্থ্য, সমাজভিত্তিক পুনর্বাসন কার্যক্রম, মানবসম্পদ উন্নয়ন, আর্থিকভাবে স্বাবলম্বি ও আত্মনির্ভরশীল করে তাদেরকে মূলধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে থেরাপীভিত্তিক ম্যানেজমেন্ট দেয়া হয়। প্রধান কার্যালয়ের মতোই বিভিন্ন শাখার আওতায় পরিচালিত স্কুল সমূহের এনডিডি বৈশিষ্ট্য শিক্ষার্থীদের সকল ধরনের থেরাপী সেবা প্রদান করা হয়। এই ব্যয়বহুল প্রযুক্তিকে আধুনিক, সমৃদ্ধ ও উন্নত করতে বুয়েটের পুরোকৌশল বিভাগের অধ্যাপক ডঃ তাহমীদ মালিক আল-হুসাইনী এবং তার পরিবার সুইড বাংলাদেশের পাশে দাঁড়িয়েছে। ২০২২ সালের ২৪ ডিসেম্বর একটি অত্যাধুনিক, যুগোপযোগী এবং সর্বোচ্চ গুণগত মানের সকল সুযোগ সুবিধা সম্পন্ন  থেরাপি সেন্টারটি প্রতিষ্ঠা করা হয় যার পূর্ণ নাম “ডক্টর লুতফর রাহমান থেরাপী সেন্টার”।

**১৩.২. উদ্দেশ্য :**

- এনডিডি প্রতিবন্ধিতা সম্পন্ন বিশেষ শিক্ষার্থীদের সকল ধরনের থেরাপী সেবা। তাদের শারীরিক, মানসিক, সামাজিক ও সুপ্ত প্রতিভা বিকাশ। আত্মনির্ভরশীল ও দক্ষ মানব সম্পদে পরিণত করে তাদের জন্য জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি করা থেরাপী সেন্টারের মূল লক্ষ্য।

**১৩.৩. থেরাপী সেবা সমূহঃ**

- সাইকোলজিক্যাল এ্যাসেসমেন্ট এবং কাউন্সেলিং বা পরামর্শ প্রদান ।
- স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপী ।
- ফিজিওথেরাপী।
- অকুপেশনাল থেরাপী

**১৩.৪. থেরাপী সেবা সমূহের কার্যক্রম পরিচিতিঃ**

১৩.৪.১. সাইকোলজিক্যাল এ্যাসেসমেন্ট এবং কাউন্সেলিং বা পরামর্শ প্রদানঃ

- এ্যাসেসমেন্ট বা সনাক্তকরণ- সমস্যা সনাক্তকরণ, ধরন, মাত্রা নির্ধারণ, বিষয় ভিত্তিক মূল্যায়ন পরামর্শ প্রদান।
- কাউন্সেলিং প্রক্রিয়া কতকগুলো বিজ্ঞান ও গবেষণা নির্ভর প্রতিষ্ঠিত তত্ত্বের দ্বারা পরিচালিত হয়। এসব তত্ত্ব ব্যক্তি, পরিবার ও দলের উপর প্রয়োগ করা যায়।
- কাউন্সেলিং প্রক্রিয়া ব্যক্তির সার্বিক মঙ্গল, ব্যক্তিগত উন্নতি, পেশা ও মানসিক সমস্যা নিয়ে কাজ করে।

১৩.৪.২  সনাক্তকরণের জন্য প্রয়োজনীয় অভীক্ষাঃ

- Wechler Intelligence Scale for Children (WISC IV)
  Age limit – 6years to 16 years 11 month 29 day
- Wechler Pre school and Primary Scale of Intelligence (WPPSI -III)
  Age limit –2 years 6 months to 3 years 11 months (Junior)
  4 years to 7 years 3 months (senior)
- Stanford Binet Intelligence Scale
  Age limit –6 years to 11 years
- ADOS  Age limit –
- Reynell Zinking Scale
  Age limit – 0 to 5 years
- IBAS
  Age limit – 2 years to 9 years

১৩.৪.৩. স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপী

এক ধরনের চিকিৎসা ব্যবস্থা, যার সাহায্যে কথা বলতে অক্ষম অথবা স্বাভাবিকভাবে কথা বলতে পারে না বা বুঝতে পারে না এমন ব্যক্তিদের চিকিৎসা করা হয়। তোতলামি, শিশুদের দেরিতে কথা বলা, কানে কম শোনাজনিত কথা বলার সমস্যা ইত্যাদি নানা কারণে যারা স্বাভাবিকভাবে কথা বলতে পারে না, তাদের প্রাণ খুলে কথা বলার সুযোগ এনে দিয়েছে স্পিচ থেরাপি। দাঁত, নাসিকা, জিহ্‌বা, তালু, ফুসফুস ও ভোকালকর্ড ইত্যাদি অঙ্গের সম্মিলনে আমরা কথা বলি। এর যে কোনোটির সামান্য সমস্যা হলে স্বাভাবিক কথা বলা সম্ভব হয় না। যদি কোন কারণে একদম কথা বলতে না পারে তবে বিকল্প পথে সংশোধন পদ্ধতিতে তার সাথে যোগাযোগ করতে হয়। স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপীস্টগণ তাই বাক প্রতিবন্ধীদের কিছু কায়দা-কানুন শিখিয়ে দেন ও চর্চা করান। শিশুর দেরিতে কথা বলা, জিহ্বা আটকানো বা টাং টাই, তোতলামি, উচ্চারণগত সমস্যা, খাবার গিলতে সমস্যা, ডিসলেক্সিয়া, ঠোঁট বা তালু কাটাজনিত কথা বলার সমস্যা, স্ট্রোক-পরবর্তী কথা বলার সমস্যা, কম শোনাজনিত সমস্যা, এছাড়াও কণ্ঠস্বর পরিবর্তন, ফ্যাঁসফ্যাঁসে কথা বলা, নাকি সুরে কথা বলা ইত্যাদি সমস্যা দূরীকরণেও স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপীস্টগণ কাজ করে থাকেন।

স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপীতে ব্যবহৃত উপকরণ এর নাম ও কার্যকারিতা:

| ক্র.নং | উপকরণ এর নাম | কার্যকারিতা |
|---|---|---|
| ১ | • চামচ<br>• চিউ টিউব<br>• টাং টিপ এক্সারসাইজ<br>• ওরাল ইলেকট্রিক ব্রাশ<br>• এস.এল.টি টুলস<br>• ফিঙ্গার সিলিকন ব্রাশ<br>• টাং ডিপ্রেসর<br>• জো বাইট বক<br>• ইউ সেপ ব্রাশ | জিহ্বা ও মুখের ব্যায়াম এর জন্য এ উপকরণগুলো ব্যবহৃত হয় যা মুখের মাংশপেশী সক্রিয় রাখতে, জড়তা কাটাতে, কণ্ঠস্বর স্বাভাবিকিকরণ এবং স্পষ্ট উচ্চারণে সাহায্য করে। |
| ২ | • রেসপিরেটরী মেশিন<br>• বাঁশি<br>• বেলুন<br>• ফু জরি<br>• মোমবাতি<br>• লাইটার<br>• স্ট্র<br>• হারমোনিকা | ফুঁ দেয়ার ব্যায়াম এর জন্য এ উপকরণগুলো ব্যবহৃত হয় যা ফুসফুসকে সক্রিয় রাখতে সাহায্য করে। একই সাথে মনোযোগ ধরে রাখা ও আই কন্টাক্ট বৃদ্ধিতেও সহায়ক। |
| ৩ | • বাবলস | ফুঁ দেয়ার ব্যায়াম এর জন্য এ উপকরণ ব্যবহৃত হয় যা ফুসফুস কে সক্রিয় রাখতে সাহায্য করে। একই সাথে মনোযোগ ধরে রাখা ও আই কন্টাক্ট বৃদ্ধিতেও সহায়ক। |
| ৪ | • বর্ণমালা পাজল<br>• আকৃতি পাজল | সূক্ষ পেশীর সঞ্চালন, জ্ঞানীয় বিকাশ, আকৃতি, রং, শব্দ ভাণ্ডার বৃদ্ধি ও বর্ণমালার পরিচিতি জানা যায় এ উপকরণগুলোর মাধ্যমে। |
| ৫ | • পাজল | এ উপকরণগুলোর মাধ্যমে সূক্ষ পেশীর সঞ্চালন, জ্ঞানীয় বিকাশ, শব্দ ভান্ডার বৃদ্ধি ও বস্তুর পরিচিতি জানা যায় । |
| ৬ | • রং পেন্সিল<br>• কালার পেজ<br>• ম্যাথ স্টিক<br>• কাঁচি<br>• থ্রি কলাম টাওয়ার<br>• হ্যামার টয়স<br>• টুইজার ,পমপম<br>• চিপ স্টার<br>• পপেট | এ উপকরণগুলোর মাধ্যমে সূক্ষ পেশীর সঞ্চালন, জ্ঞানীয় বিকাশ, শব্দ ভান্ডার বৃদ্ধি, গণনা, আকৃতি, রং, মনোযোগ, আই কন্টাক্ট বৃদ্ধি ও বস্তুর পরিচিতি জানা যায়। |
| ৭ | • কয়েন বক্স | এ উপকরণ এর মাধ্যমে সূক্ষ পেশীর সঞ্চালন, জ্ঞানীয় বিকাশ, গণনা, আকৃতি, রং, মনোযোগ, আই কন্টাক্ট বৃদ্ধি ও বস্তুর পরিচিতি জানা যায়। |

| ক্র.নং | উপকরণ এর নাম | কার্যকারিতা |
|---|---|---|
| ৮ | • ওরাল সোয়াব | মুখের ব্যায়ামের জন্য এ উপকরণ ব্যবহৃত হয়। যাদের খাবার চিবানোতে সমস্যা, লালা পড়ে তাদের জন্য অনেকাংশে সহায়ক। |
| ৯ | • অ্যানিম্যাল টয়স | এ উপকরণ এর মাধ্যমে জ্ঞানীয় বিকাশ, শব্দ ভান্ডার বৃদ্ধি, গণনা, আকৃতি, রং, মনোযোগ, আই কন্টাক্ট বৃদ্ধি ও বস্তুর পরিচিতি জানা যায়। |
| ১০ | • কিচেন টয়স • ডক্টর সেট • পিৎজা কাটিং • আইসক্রিম সেট • সব্জি কাটিং | এ উপকরণ এর মাধ্যমে সামাজিকতা, অনুকরণ, জ্ঞানীয় বিকাশ, শব্দ ভাণ্ডার বৃদ্ধি, ইতাদি জানা যায়। |
| ১১ | • ব্লক সেট | সূক্ষ পেশীর সঞ্চালন, জ্ঞানীয় বিকাশ, গণনা, আকৃতি, রং, মনোযোগ, আই কন্টাক্ট বৃদ্ধির কাজে ব্যবহৃত হয়। |
| ১২ | • জাইলো ফোন • মিউজিক মিডিয়াম | সূক্ষ পেশীর সঞ্চালন, অস্থিরতা কমাতে, অনুকরণে, ভোকালাইজেশন এ সাহায্য করে । |
| ১৩ | • মাইক্রোফোন | সূক্ষ পেশীর সঞ্চালন, অস্থিরতা কমাতে, অনুকরণে, ভোকালাইজেশন এ সাহায্য করে । |
| ১৪ | • মিউজিক বল • মিউজিক ডগ • কার টয়স | সূক্ষ ও স্থুল পেশীর সঞ্চালন, বিশেষণ (বড়, ছোট, রং ইত্যাদি) শিখতে এবং এগুলোর কার্যকারিতা শিখতে এ উপকরণগুলো সহায়ক ভূমিকা পালন করে । |
| ১৫ | • ফ্লাশ কার্ডস | এ উপকরণ এর মাধ্যমে সামাজিকতা, অনুকরণ, জ্ঞানীয় বিকাশ, শব্দ ভান্ডার বৃদ্ধি, দৈনন্দিন কাজে ব্যবহৃত বস্তুর পরিচিতি, ম্যাচিং, বর্ণমালা ইত্যাদি জানা যায়। |
| ১৬ | • হোয়াইট বুক/ (পরিচিতিমূলক বই) • সোস্যাল স্টোরি বুক • সর্টিং বুক | এ উপকরণ এর মাধ্যমে সামাজিকতা, নৈতিকতা, অনুকরণ, জ্ঞানীয় বিকাশ, শব্দ ভাণ্ডার বৃদ্ধি, দৈনন্দিন কাজে ব্যবহৃত বস্তুর পরিচিতি, ম্যাচিং, বর্ণমালা ইতাদি জানা যায়। |
| ১৭ | • ফেক ফ্রুটস | জ্ঞানীয় বিকাশ, শব্দ ভান্ডার বৃদ্ধি, বস্তুর পরিচিতি, ব্যবহার এর নিয়ম, রং, আকৃতি, ধরণ সম্পর্কে ধারণা পাওয়া যায়। |
